স্থিতিস্থাপক সংঘর্ষের ক্ষেত্রে বলা যায়, $\frac{1}{2} m_1 u_1^2 + \frac{1}{2} m_2 u_2^2 = \frac{1}{2} m_1 v_1^2 + \frac{1}{2} m_2 v_2^2$

একমাত্রিক স্থিতিস্থাপক সংঘর্ষ:

একমাত্রিক স্থিতিস্থাপক সংঘর্ষের ক্ষেত্রে, $u_1 - u_2 = v_2 - v_1$

অর্থাৎ, সংঘর্ষের আগে ও পরে বস্তু দুটির আপেক্ষিক বেগের মানের পরিবর্তন হয় না, শুধুমাত্র দিক উল্টে যায়।

একমাত্রিক স্থিতিস্থাপক সংঘর্ষে শেষ বেগ:

$$v_1 = \frac{m_1 - m_2}{m_1 + m_2} u_1 + \frac{2m_2}{m_1 + m_2} u_2 \text{ এবং } v_2 = \frac{2m_1}{m_1 + m_2} u_1 + \frac{m_2 - m_1}{m_1 + m_2} u_2$$

[সতর্কতা: স্থিতিস্থাপক ও অস্থিতিস্থাপক উভয় ধরনের সংঘর্ষের ক্ষেত্রেই ভরবেগের সংরক্ষণশীলতা প্রযোজ্য]

Special case

(i) $m_1 \gg m_2, u_1 = 0 \rightarrow v_1 = 0, v_2 = -u_2$

(ii) $m_1 \ll m_2, u_1 = 0 \rightarrow v_1 = 2u_2, v_2 = u_2$

(iii) $m_1 = m_2 \rightarrow v_1 = u_2, v_2 = u_1$

MCQ

01. 4 মেট্রিক টন বালু বোঝাই ট্রাক 19 ms^{-1} বেগে ধাবমান। ট্রাক থেকে 50 kg ভরের চারটি বালুর বস্তা পড়ে গেল। ট্রাকের বেগের পরিবর্তন কত হবে? [RU'23-24] [Ans: d]

- (a) 20 ms^{-1} (b) 10 ms^{-1} (c) 2 ms^{-1} (d) 1 ms^{-1}

সমাধান: 4 মেট্রিক টন = 4000 kg

$$M_1 u_1 = M_2 u_2 \Rightarrow 4000 \times 19 = (4000 - 50 \times 4) \times u_2$$

$$\Rightarrow 4000 \times 19 = 3800 \times u_2 \therefore u_2 = \frac{4000 \times 19}{3800} = 20 \text{ ms}^{-1} \therefore \text{বেগের পরিবর্তন} = 20 - 19 = 1 \text{ ms}^{-1}$$

02. স্থির অবস্থায় থাকা একটি বস্তু বিস্ফোরিত হয়ে m_1 ও m_2 ভরের দুইটি বস্তুতে পরিণত হয়ে যথাক্রমে v_1 ও v_2 বেগে বিপরীত দিকে চলমান। $\frac{v_1}{v_2}$ এর অনুপাত কত? [DU'19-20, 17-18] [Ans: c]

- (a) $\frac{m_1}{m_2}$ (b) $-\frac{m_2}{m_1}$ (c) $\frac{m_2}{m_1}$ (d) $\sqrt{\frac{m_2}{m_1}}$

সমাধান: বিস্ফোরিত হবার আগে বস্তুটি স্থির অবস্থায় থাকে। তাই আদি ভরবেগের সমষ্টি শূন্য।

$$0 = m_1 v_1 - m_2 v_2 \Rightarrow m_1 v_1 = m_2 v_2 \Rightarrow \frac{v_1}{v_2} = \frac{m_2}{m_1}$$

03. 2 kg ভরের একটি v বেগে গতিশীল বস্তু অপর একটি স্থির বস্তুকে আঘাত করল। সংঘর্ষের পর উভয় বস্তু $\frac{v}{4}$ বেগে গতিশীল থাকলে, প্রথমে স্থির থাকা বস্তুটির ভর কত? [RU'22-23] [Ans: c]

- (a) 1.2 kg (b) 8 kg (c) 6 kg (d) 3 kg

$$\text{সমাধান: } m_1 u_1 + m_2 u_2 = (m_1 + m_2) v \Rightarrow 2 \times v + m_2 \times 0 = (2 + m_2) \times \frac{v}{4} \Rightarrow 2 + m_2 = 8 \therefore m_2 = 6 \text{ kg}$$

04. 5 মেট্রিক টন ভরের বালু বোঝাই একটি ট্রাক 20 ms^{-1} বেগে চলন্ত অবস্থায় ট্রাকে ছিদ্র হয়ে প্রতি মিনিটে 20 kg হারে বালু ট্রাক থেকে নিচে পড়তে শুরু করলো। ভরবেগ সংরক্ষিত হলে 50 মিনিট পর ট্রাকের বেগ কত হবে? [RU'19-20] [Ans: b]

- (a) 20 ms^{-1} (b) 25 ms^{-1} (c) 25.5 ms^{-1} (d) কোনোটিই নয়

সমাধান: প্রারম্ভিক ভর = 5000 kg । 50 মিনিট পর ভর = $(5000 - 20 \times 50) \text{ kg} = 4000 \text{ kg}$

$$\text{যেহেতু ভরবেগ সংরক্ষিত থাকে সেহেতু, } 5000 \times 20 = 4000 \times x \therefore x = 25 \text{ ms}^{-1}$$



ভার্সিটি 'ক' মাস্টার প্রশ্নব্যাংক

05. 1200 kg ভরের একটি গাড়ি 20 ms^{-1} দ্রুতিতে চলছিল। অতঃপর গাড়িটি 800 kg ভরের একটি স্থির গাড়িকে ধাক্কা দিল। ধাক্কার পর গাড়ি দুটি একত্রিত হয়ে 120 m পিছলায়ে থেমে গেল। বাধাদানকারী বলের মান কত? [RU'16-17] [Ans: d]
 (a) 600 N (b) 800 N (c) 1000 N (d) 1200 N
 সমাধান: $1200 \times 20 + 800 \times 0 = (1200 + 800)v \therefore v = 12 \text{ ms}^{-1}$
 $a = \frac{v^2 - v'^2}{2s} = \frac{12^2 - 0^2}{2 \times 120} = 0.6 \text{ ms}^{-2}$; $F = \{(1200 + 800) \times 0.6\} \text{ N} = 1200 \text{ N}$
06. 40 kg ও 60 kg ভরের দুটি বস্তু যথাক্রমে 10 ms^{-1} ও 5 ms^{-1} বেগে পরস্পর বিপরীত দিক থেকে আসার সময় একে অপরকে ধাক্কা দিল। ধাক্কার পর বস্তুদ্বয় একত্রে যুক্ত হয়ে কত বেগে চলবে? [JU'21-22] [Ans: b]
 (a) 7 ms^{-1} (b) 1 ms^{-1} (c) 2 ms^{-1} (d) 3 ms^{-1}
 সমাধান: $40 \times 10 - 60 \times 5 = (40 + 60)v \therefore v = 1 \text{ ms}^{-1}$
07. 5 kg ভরের একটি রাইফেল থেকে 20 g ভরের একটি বুলেট 1000 ms^{-1} গতিতে ছুটে যায়। পিছন থেকে রাইফেলের ধাক্কার বেগ কত? [Agri'20-21; JnU'17-18] [Ans: b]
 (a) 4000 ms^{-1} (b) 4 ms^{-1} (c) 400 ms^{-1} (d) 40 ms^{-1}
 সমাধান: $0 = m_1 v_1 + m_2 v_2 \therefore v_2 = \frac{-m_1}{m_2} v_1 = -\frac{20 \times 10^{-3}}{5} \times 1000 = -4 \text{ ms}^{-1} \therefore$ পশ্চাৎবেগ = 4 ms^{-1}
08. 4 kg ভরের একটি বস্তু $(2\hat{i} + 3\hat{j}) \text{ ms}^{-1}$ বেগে এবং 6 kg ভরের অপর একটি বস্তু $(-4\hat{i} - 6\hat{j}) \text{ ms}^{-1}$ বেগে চলাকালীন সংযুক্ত হলে উহারা একত্রে কত ms^{-1} বেগে চলবে? [SUST'19-20] [Ans: e]
 (a) 6.88 (b) 6.99 (c) 5.77 (d) 5.44 (e) 2.88
 সমাধান: $m_1 \vec{v}_1 + m_2 \vec{v}_2 = (m_1 + m_2) \vec{v} \Rightarrow 4(2\hat{i} + 3\hat{j}) + 6(-4\hat{i} - 6\hat{j}) = (4 + 6) \vec{v}$
 $\therefore \vec{v} = -1.6\hat{i} - 2.4\hat{j} \therefore |\vec{v}| = \sqrt{1.6^2 + 2.4^2} = 2.88 \text{ ms}^{-1}$ [ক্যালকুলেটর ব্যবহার করে]
09. 90 কেজি ভরের একটি গাড়ি 10 ms^{-1} বেগে বিপরীত দিক থেকে আসা 30 কেজি ভরের আরেকটি গাড়িকে ধাক্কা দেয়। সংঘর্ষের পর গাড়ি দুটি থেমে গেলে দ্বিতীয় গাড়িটির গতিবেগ কত ছিল? [JU'17-18] [Ans: a]
 (a) 30 ms^{-1} (b) 20 ms^{-1} (c) 100 ms^{-1} (d) 120 ms^{-1}
 সমাধান: আমরা জানি, $m_1 u_1 + m_2 u_2 = m_1 v_1 + m_2 v_2 \Rightarrow 90 \times 10 + 30 \times u_2 = 90 \times 0 + 30 \times 0$
 $\Rightarrow 900 + 30 v_2 = 0 \Rightarrow u_2 = -30 \text{ ms}^{-1}$
 এখানে, ঋণাত্মক (-ve) চিহ্ন দ্বারা ১ম গাড়ির বিপরীত দিককে বোঝায়। \therefore দ্বিতীয় গাড়িটির গতিবেগ 30 ms^{-1} ।

Type-04: ঘর্ষণ

Formula & Concept:


- স্থিতি ঘর্ষণ: কোনো তল এবং তলের ওপর অবস্থিত কোনো বস্তুর মাঝে আপেক্ষিক গতি সৃষ্টি হওয়ার পূর্ব পর্যন্ত যে ঘর্ষণ বল ক্রিয়া করে, তাই স্থিতি ঘর্ষণ বল। বস্তু যতক্ষণ না চলবে ততক্ষণ পর্যন্ত এর উপর স্থিতি ঘর্ষণ বল ক্রিয়া করবে।
 এর মান: $0 \leq f_s \leq \mu_s R$; $\mu_s =$ স্থিতি ঘর্ষণ গুণাঙ্ক
 \therefore স্থিতি ঘর্ষণ বলের সর্বোচ্চ মান $f_{s \text{ max}} = \mu_s R$; স্থিতি ঘর্ষণ বলের সর্বোচ্চ মানই হলো সীমান্তিক ঘর্ষণ বলের মান।
- গতীয় ঘর্ষণ: দুটি বস্তুর স্পর্শতলের মাঝে আপেক্ষিক গতি থাকলে, তখন তাদের মাঝে যে ঘর্ষণ ক্রিয়া করে, তাকে গতীয় ঘর্ষণ বলে।
 যখনই বস্তু চলতে থাকবে তখনই গতীয় ঘর্ষণ বল ক্রিয়া করবে।
 এর মান, $f_k = \mu_k R$; $\mu_k =$ গতীয় ঘর্ষণ গুণাঙ্ক
 [বি.দ্র.: গতীয় ঘর্ষণ বল স্থিতি ঘর্ষণ বলের সীমান্তিক মান অপেক্ষা ছোট। $\therefore f_k < f_s(\text{max}) \therefore \mu_k < \mu_s$]

MCQ

01. 1.0 kg ভরের একটি পাথর সোজা নিচের দিকে পড়ছে। বাতাসের বাধা 7.8 N হলে পাথরটির ত্বরণ কত? [GST'23-24, 21-22; RU'23-24, 18-19] [Ans: c]
 (a) 7.8 ms^{-2} (b) 1 ms^{-2} (c) 2 ms^{-2} (d) 9.8 ms^{-2}

সমাধান: $mg - F_k = ma$


$\therefore a = \frac{mg - F_k}{m}$
 $= \frac{1 \times 9.8 - 7.8}{1} = 2 \text{ ms}^{-2}$



02. পথের ঘর্ষণ বল 10N হলে, 2 kg ভরের একটি বস্তুকে 10 ms^{-2} ত্বরণে গতিশীল করতে কত বল দরকার? [JU'22-23] [Ans: a]
 (a) 30 N (b) 35 N (c) 40 N (d) 25 N

সমাধান: $F = F_k + 2 \times 10 = (10 + 20) \text{ N} = 30 \text{ N}$

03. ভূ-সমতলের সাথে 30° কোণে আনত পথে একটি 2 kg ভরের বস্তুকে 3 ms^{-2} ত্বরণে উঠাতে হলে বস্তুটির উপর কত নিউটন (N) বল প্রয়োগ করতে হবে? [GST'20-21] [Ans: d]
 (a) 6.8 (b) 11.8 (c) 12.8 (d) 15.8




$W = mg =$ মাধ্যাকর্ষণজনিত ওজন বল
 $a = 3 \text{ ms}^{-2}$ ত্বরণে উঠাতে হবে।

$F - W \sin 30^\circ = ma \therefore F = mg \sin 30^\circ + ma = (2 \times 9.8 \times \frac{1}{2}) + (2 \times 3) \text{ N} \therefore F = 15.8 \text{ N}$

04. একটি বস্তুকে 10 ms^{-2} ত্বরণে গতিশীল করতে 50N বল প্রয়োগ করতে হয়। পথের ঘর্ষণ বল 10N হলে বস্তুটির ভর-
 (a) 4 kg (b) 10 kg (c) 6 kg (d) 8 kg [JU'19-20] [Ans: a]

সমাধান: $F = F_f + ma \Rightarrow m = \frac{F - F_f}{a} = \frac{50 - 10}{10} \text{ kg} = 4 \text{ kg}$

05. 5.0 N এর একটি অনুভূমিক বল একটি 0.50 kg ভরের আয়তাকার বস্তুকে একটি উল্লম্ব দেওয়ালে ধাক্কা দিচ্ছে। বস্তুটি আদিতে স্থির ছিল। যদি স্থৈতিক ও গভীয় ঘর্ষণ গুণাঙ্ক যথাক্রমে $\mu_s = 0.6$ এবং $\mu_k = 0.8$ হয়, তবে ms^{-2} এককে বস্তুটির ত্বরণ কত? (a) 1.8 (b) 2.0 (c) 6.0 (d) 8.0 [DU'18-19] [Ans: a]



$\therefore F_{\text{net}} = W - F_k = (0.5 \times 9.8) - 4 = 0.9 \text{ N} \therefore a = \frac{F}{m} = \frac{0.9}{0.5} = 1.8 \text{ ms}^{-2}$

06. একটি কাঠের তক্তার উপর অবস্থিত একটি ইটের নিশ্চল কোণ 40° । ইট ও তক্তার মধ্যকার স্থিতি ঘর্ষণ গুণাঙ্ক কত? (a) 0.87 (b) 0.85 (c) 0.84 (d) 0.97 [JU'17-18] [Ans: c]

সমাধান: $\mu_s = \tan \theta = \tan 40^\circ = 0.839$

Type-05: জড়তার ভ্রামক, টর্ক, কেন্দ্রমুখী বল ও কেন্দ্রমুখী ত্বরণ

➔ **Formula & Concept:**

জড়তার ভ্রামক, $I = \sum mr^2 = MK^2$, [K = চক্রগতির ব্যাসার্ধ এবং M = সম্পূর্ণ বস্তুর ভর]

রৈখিক ক্ষেত্রে ভরের যে ভূমিকা কৌণিক ক্ষেত্রে জড়তার ভ্রামকের ভূমিকাও তাই।

ফাঁপা সিলিন্ডার	নিরেট সিলিন্ডার	ফাঁপা গোলক	নিরেট গোলক	সরল দণ্ড	আয়তাকার পাত
$I = MR^2$	$I = \frac{1}{2}MR^2$	$I = \frac{2}{3}MR^2$	$I = \frac{2}{5}MR^2$	$I = \frac{1}{12}ML^2$	$I = \frac{M}{12}(a^2 + b^2)$




Fig: 01

(i) লম্ব অক্ষ উপপাদ্য:

$$I_z = I_x + I_y; I_x = I_y + I_z; I_y = I_x + I_z$$




Fig: 02

(ii) সমান্তরাল অক্ষ উপপাদ্য: $I = I_g + mr^2$

(ভরকেন্দ্রগামী অক্ষ সাপেক্ষে I_g) (অক্ষদ্বয় সমান্তরাল হতে হবে)

➤ টর্ক, $\vec{\tau} = \vec{r} \times \vec{F}$; $\tau = rF \sin \theta$ এবং $\tau = I\alpha$


যেখানে, \vec{r} = ব্যাসার্ধ ভেক্টর; \vec{F} = প্রযুক্ত বল; θ = ব্যাসার্ধ ভেক্টর ও প্রযুক্ত বলের মধ্যবর্তী কোণ; α = কৌণিক ত্বরণ

➤ কেন্দ্রমুখী বল, $F_c = \frac{mv^2}{r} = m\omega^2 r$

➤ কেন্দ্রমুখী ত্বরণ, $a_c = \frac{v^2}{r} = \omega^2 r$

MCQ

01.



[RU'23-24] [Ans: a]

চিত্রানুযায়ী দুটি ভিন্ন অক্ষের সাপেক্ষে একটি দণ্ডের জড়তার ভ্রামক যথাক্রমে I_1 ও I_2 হলে তাদের মধ্যে সম্পর্ক—

- (a) $I_1 > I_2$ (b) $I_2 > I_1$ (c) $I_1 = I_2$ (d) কোনোটিই সত্য নয়

সমাধান: $I \propto L^2$; সুতরাং, $L_1 > L_2$ বলে $I_1 > I_2$ হবে।

02. নিজ অক্ষের সাপেক্ষে ঘূর্ণায়মান নিরেট সিলিন্ডারের ক্ষেত্রে জড়তার ভ্রামক কীসের ওপর নির্ভরশীল? [RU'23-24] [Ans: a]

- (a) ব্যাসার্ধ ও ভর (b) দৈর্ঘ্য ও ভর (c) ব্যাসার্ধ ও দৈর্ঘ্য (d) ব্যাসার্ধ, দৈর্ঘ্য ও ভর

সমাধান: নিজ অক্ষের সাপেক্ষে ঘূর্ণায়মান নিরেট সিলিন্ডারের জড়তার ভ্রামক, $I = \frac{1}{2} Mr^2$

এই সূত্রানুসারে ব্যাসার্ধ ও ভরের উপর নির্ভরশীল।

03. নিচের কোনটি ধ্রুবক হলে কোন বস্তুর ওপর প্রযুক্ত টর্ক শূন্য হবে? [RU'23-24] [Ans: d]

- (a) বল (b) বলের ঘাত (c) রৈখিক ভরবেগ (d) কৌণিক ভরবেগ

04. একটি চাকার ভর 10 kg এবং চক্রগতির ব্যাস 10 m হলে চাকাটির জড়তার ভ্রামক কত? [JU'23-24] [Ans: c]

- (a) 2.50 kg-m² (b) 250 kg-cm² (c) 250 kg-m² (d) 2.50 gm-cm²

সমাধান: $I = MK^2 = 10 \times \left(\frac{10}{2}\right)^2 = 250 \text{ kg-m}^2$

05. 1 kg ভর এবং 1 m চক্রগতির ব্যাসার্ধ বিশিষ্ট একটি বৃত্তাকার চাকার কৌণিক ত্বরণ 10 rads⁻² হলে চাকাটির ঘূর্ণনের মোমেন্ট কত? [JU'23-24] [Ans: c]

- (a) 5 Nm (b) 8 Nm (c) 10 Nm (d) 12 Nm

সমাধান: $\tau = I\alpha = MK^2\alpha = (1 \times 1^2 \times 10) \text{ Nm} = 10 \text{ Nm}$


06. $\frac{\pi}{5}$ Nm মানের একটি টর্ক 30 rpm বেগে ঘূর্ণায়মান একটি চাকাকে 10 s-এ থামিয়ে দেয়। চাকার জড়তার ভ্রামক কত kgm²? [Agri'22-23] [Ans: a]

- (a) 2 (b) 2π (c) 6π (d) 15

সমাধান: $\alpha = \frac{\omega_f - \omega_i}{t} = \frac{2\pi f - 0}{t} = \frac{2\pi \times 30}{60 \times 10} = \frac{\pi}{10} \therefore \tau = I\alpha \Rightarrow \frac{\pi}{5} = I \times \frac{\pi}{10} \therefore I = 2$

07. কোন সম্পর্কটি সঠিক? [JU'18-19; JnU'15-16] [Ans: d]
 (a) $\tau = I^2\alpha$ (b) $\tau = \sqrt{I\alpha}$ (c) $\tau = \frac{1}{\alpha}$ (d) $\tau = I\alpha$
08. দ্বিগুণ চক্রগতির ব্যাসার্ধের একটি বস্তুর জড়তার ভ্রামক একই রাখতে হলে, এর ভর প্রথম বস্তুর তুলনায় কত হবে? [RU'22-23] [Ans: d]
 (a) $\sqrt{2}$ (b) $\frac{1}{\sqrt{2}}$ (c) $\frac{1}{2}$ (d) $\frac{1}{4}$
- সমাধান: ধরি, $I_1 = M_1 K_1^2$ ও $I_2 = M_2 K_2^2$
 দেওয়া আছে, $K_2 = 2K_1$; $I_1 = I_2$ হতে হলে, $M_2 K_2^2 = M_1 K_1^2 \Rightarrow M_2 \times (2K_1)^2 = M_1 K_1^2 \therefore M_2 = \frac{1}{4} M_1$
09. বৃত্তাকার পথে আবর্তনরত বস্তুর কেন্দ্রমুখী ত্বরণ- [CU'22-23] [Ans: d]
 (a) ωr (b) ωr^2 (c) $\omega^2 r^2$ (d) $\omega^2 r$
10. টর্কের মাত্রা সূত্র (Dimensional Formula) কোনটি? [CU'22-23, 17-18] [Ans: a]
 (a) $[ML^2T^{-2}]$ (b) $[ML^{-2}T^{-2}]$ (c) $[ML^2T^{-1}]$ (d) $[ML^{-1}T^2]$
11. কেন্দ্রীয় বল F এর প্রভাবে r ব্যাসার্ধের বৃত্তাকার পথে ঘূর্ণনরত একটি কণার উপর ক্রিয়াশীল টর্কের মান- [GST'21-22] [Ans: c]
 (a) rF (b) -rF (c) 0 (d) ∞

সমাধান: $\tau = rF \sin \theta = rF_c \sin 180^\circ = 0$



12. একটি বস্তুর জড়তার ভ্রামক নির্ভর করে এর- [CU' 21-22] [Ans: a]
 (a) ভর ও ঘূর্ণন অক্ষের উপর (b) আয়তনের উপর (c) কৌণিক বেগের উপর (d) কৌণিক ভরবেগের উপর
13. একটি চাকার ভর 5 kg এবং চক্রগতির ব্যাসার্ধ 25 cm। এর জড়তার ভ্রামক কত? [JU'18-19] [Ans: c]
 (a) 0.4125 kg-m^2 (b) 0.7125 kg-m^2 (c) 0.3125 kg-m^2 (d) 0.9125 kg-m^2
- সমাধান: $I = MK^2 = 5 \times (0.25)^2 = 0.3125 \text{ kgm}^2$
14. 'M' ভর এবং 'a' প্রান্ত বিশিষ্ট একটি সুষম বর্গাকৃতির চাকতির একটি কর্ণের সাপেক্ষে এর জড়তার ভ্রামক: [CU'18-19] [Ans: d]
 (a) $\frac{Ma^2}{3}$ (b) $\frac{Ma^2}{6}$ (c) $\frac{Ma^2}{9}$ (d) $\frac{Ma^2}{12}$
15. একটি ফাঁপা সিলিন্ডারের ভর M ও ব্যাসার্ধ R। জ্যামিতিক অক্ষ সাপেক্ষে এর জড়তার ভ্রামক কত? [JU'17-18] [Ans: b]
 (a) $\frac{1}{2} MR^2$ (b) MR^2 (c) $\frac{3}{2} MR^2$ (d) $\sqrt{MR^2}$
16. M ভরের ও r ব্যাসার্ধের একটি নিরেট সিলিন্ডারের নিজ অক্ষের সাপেক্ষে চক্রগতির ব্যাসার্ধ হচ্ছে- [JnU'17-18] [Ans: b]
 (a) $\frac{r}{\sqrt{12}}$ (b) $\frac{r}{\sqrt{2}}$ (c) r^2 (d) কোনোটিই নয়

সমাধান: সিলিন্ডারের এর জন্য, $I = \frac{1}{2} mr^2 = m \left(\frac{r}{\sqrt{2}}\right)^2$; $I = MR^2$ এর সাথে তুলনা করে, $R = \frac{r}{\sqrt{2}}$

17. 2.4 kg ভর ও 0.2 m চক্রগতির ব্যাসার্ধ সম্পন্ন একটি চাকতিতে কী পরিমাণ টর্ক ক্রিয়া করলে তার কৌণিক ত্বরণ 3 rads^{-1} হবে? [JU'16-17] [Ans: b]
 (a) 0.388 Nm (b) 0.288 Nm (c) 0.390 Nm (d) 0.488 Nm
- সমাধান: $\tau = I\alpha = Mk^2 \times \alpha = 2.4 \times (0.2)^2 \times 3 = 0.288 \text{ Nm}$
18. নিচের কোনটি জড়তার ভ্রামকের একক? [CU'16-17] [Ans: a]
 (a) kgm^2 (b) kgm (c) kgm^{-1} (d) kgm^{-2} (e) kgm^3
19. কোন অক্ষ সাপেক্ষে একটি বস্তুর জড়তার ভ্রামক 256 kgm^2 । উক্ত অক্ষ সাপেক্ষে বস্তুর চক্রগতির ব্যাসার্ধ কত? [RU'14-15] [Ans: b]
 [বস্তুর ওজন = 39.2 N]
 (a) 4 m (b) 8 m (c) 12 m (d) 16 m

সমাধান: আমরা জানি, $I = mk^2 \Rightarrow \frac{W}{g} \times k^2 = I \Rightarrow k = \sqrt{\frac{Ig}{W}} = \sqrt{\frac{256 \times 9.8}{39.2}} = \sqrt{\frac{256 \times 98}{392 \times 10}} = \sqrt{\frac{256}{4}} = \sqrt{64} = 8 \text{ m}$

20. জড়তার ভ্রামকের মাত্রা সমীকরণ- [BAU'14-15; JU'10-11; RU'07-08] [Ans: a]
 (a) $[ML^2]$ (b) $[M^2L^2]$ (c) $[ML]$ (d) $[M^{-1}L^2]$
- সমাধান: জড়তার ভ্রামক = ভর \times (দূরত্ব) $^2 = [ML^2]$
21. 5 kg ভরের একটি চাকার চক্রগতির ব্যাসার্ধ 20 cm। এর উপর 0.4 Nm টর্ক প্রযুক্ত হলে, কৌণিক ত্বরণ কত হবে? [RU'13-14] [Ans: a]
 (a) 2 rad s^{-2} (b) 0.5 rad s^{-2} (c) 2 deg s^{-2} (d) 0.5 deg s^{-2}

সমাধান: $I = Mr^2 = 5 \times (0.2)^2 = 0.2 \text{ kgm}^2$; $\tau = I\alpha \Rightarrow \alpha = \frac{0.4}{0.2} = 2 \text{ rads}^{-2}$

Type-06: কৌণিক বেগ ও গতিশক্তি

Formula & Concept:

- কৌণিক ভরবেগ, $\vec{L} = \vec{r} \times \vec{p} = \vec{r} \times m\vec{v} = m(\vec{r} \times \vec{v}) \therefore L = mvr \sin \theta = I\omega = mr^2\omega$
- রৈখিক গতিশক্তি, $E_{kr} = \frac{1}{2}I\omega^2 = \frac{L^2}{2I}$; রৈখিক গতিশক্তি, $E_k = \frac{1}{2}mv^2 = \frac{p^2}{2m}$
- যদি $\tau = 0$ হয় তবে, $L =$ ধ্রুবক $\therefore mvr =$ ধ্রুবক $\therefore I\omega =$ ধ্রুবক (এটিই কৌণিক ভরবেগের সংরক্ষণ সূত্র)
- কৌণিক বেগ, $\omega = \frac{2\pi}{T} = \frac{2\pi N}{t}$
- রৈখিক বেগ ও কৌণিক বেগের মধ্যে সম্পর্ক, $v = \omega r = \frac{2\pi r}{T}$
- রৈখিক ত্বরণ ও কৌণিক ত্বরণের মধ্যে সম্পর্ক, $a = ar$

MCQ

01. একটি দেওয়াল ঘড়ির মিনিটের কাঁটার দৈর্ঘ্য 18 cm হলে, এর কৌণিক বেগ কত? [GST'23-24] [Ans: a]
 (a) $1.74 \times 10^{-3} \text{ rad s}^{-1}$ (b) $2.74 \times 10^{-3} \text{ rad s}^{-1}$ (c) $1.47 \times 10^{-3} \text{ rad s}^{-1}$ (d) $2.47 \times 10^{-3} \text{ rad s}^{-1}$
 সমাধান: $\omega = \frac{2\pi}{T} = \frac{2\pi}{60 \times 60} = \frac{\pi}{1800} = \frac{3.1416}{1800} \approx \frac{3}{1800} \approx \frac{1}{600} \approx 0.001666 \approx 1.74 \times 10^{-3} \text{ rad s}^{-1}$
02. ঘড়ির সেকেন্ডের কাঁটার কৌণিক বেগ কত? [RU'23-24] [Ans: c]
 (a) $\frac{\pi}{3600} \text{ rad s}^{-1}$ (b) $\frac{\pi}{60} \text{ rad s}^{-1}$ (c) $\frac{\pi}{30} \text{ rad s}^{-1}$ (d) $\pi \text{ rad s}^{-1}$
 সমাধান: $\omega = \frac{2\pi}{T} = \frac{2\pi}{60} = \frac{\pi}{30} \text{ rad s}^{-1}$
03. 4 kg ভরের একটি বস্তুকে 0.2 m দৈর্ঘ্যের সূতা দিয়ে একটি নির্দিষ্ট অক্ষের চারিদিকে 2 rads^{-1} কৌণিক বেগে ঘুরানো হলে কৌণিক ভরবেগ- [RU'23-24] [Ans: b]
 (a) $0.64 \text{ kgm}^2\text{s}^{-1}$ (b) $0.32 \text{ kgm}^2\text{s}^{-1}$ (c) $0.32 \text{ kgm}^{-2}\text{s}^{-1}$ (d) $0.32 \text{ kg}^{-1}\text{m}^{-1}\text{s}$
 সমাধান: $L = I\omega = mr^2\omega = 4 \times (0.2)^2 \times 2 = 8 \times 0.04 = \frac{8 \times 4}{100} = 0.32 \text{ kgm}^2\text{s}^{-1}$
04. সুযম বৃত্তাকার পথে সমদ্রুতিতে চলমান বস্তুর ত্বরণ- [RU'23-24] [Ans: b]
 (a) শূন্য (b) বস্তুর দ্রুতি পথের ব্যাসার্ধের ওপর নির্ভর করে
 (c) শুধু ব্যাসার্ধের ওপর নির্ভর করে (d) পরিমাপ করা সম্ভব নয়
05. নিচের কোনটি কৌণিক দূরত্বের মাত্রা সমীকরণ? [JU'23-24] [Ans: b]
 (a) $M^1L^1T^1$ (b) $M^0L^0T^0$ (c) $M^1L^1T^{-1}$ (d) কোনোটিই নয়
06. কৌণিক বেগের মাত্রা কোনটি? [CU'23-24] [Ans: a]
 (a) $M^0L^0T^{-1}$ (b) $ML^{-1}T$ (c) $M^{-1}L^{-1}T^{-1}$ (d) $ML^{-2}T^{-1}$
07. একটি পাখা প্রতি মিনিটে 30 বার ঘুরছে। এর কৌণিক বেগ কত? [Agri'21-22] [Ans: a]
 (a) $\pi \text{ rads}^{-1}$ (b) $2\pi \text{ rads}^{-1}$ (c) $15\pi \text{ rads}^{-1}$ (d) $60\pi \text{ rads}^{-1}$
 সমাধান: $\omega = \frac{2\pi N}{T} = \frac{2\pi \times 30}{60} = \pi \text{ rads}^{-1}$
08. রৈখিক ত্বরণ ও কৌণিক ত্বরণের মধ্যে সম্পর্ক কোনটি? [Agri'21-22] [Ans: c]
 (a) $\alpha = ra$ (b) $a = \frac{a^2}{r}$ (c) $r = \frac{a}{\alpha}$ (d) $a\alpha r = 1$
09. একটি ঘড়ির সেকেন্ড, মিনিট, ঘণ্টার কাঁটার কৌণিক বেগের অনুপাত- [Agri'21-22] [Ans: d]
 (a) 720 : 60 : 1 (b) 1 : 60 : 720 (c) 1 : 12 : 720 (d) 720 : 12 : 1
 সমাধান: $\omega_S : \omega_M : \omega_H = \frac{2\pi}{60} : \frac{2\pi}{60 \times 60} : \frac{2\pi}{12 \times 60 \times 60} = \frac{1}{60} : \frac{1}{3600} : \frac{1}{12 \times 3600} = \frac{12 \times 3600}{60} : \frac{12 \times 3600}{3600} : \frac{12 \times 3600}{12 \times 3600} = 720 : 12 : 1$
10. বলের ভ্রামকের মাত্রা কোনটি? [JU'20-21] [Ans: a]
 (a) $[ML^2T^{-2}]$ (b) $[MLT^{-1}]$ (c) $[ML^{-1}T^{-2}]$ (d) $[ML^2T^{-1}]$
11. কৌণিক ভরবেগের একক কোনটি? [DU'18-19] [Ans: a]
 (a) $\text{kg m}^2\text{s}^{-1}$ (b) kg m s^{-2} (c) kg ms^{-1} (d) $\text{kg m}^2\text{s}^{-2}$
 সমাধান: $L = mvr$ একক $\text{kg} \cdot \text{ms}^{-1} \cdot \text{m} = \text{kgm}^2\text{s}^{-1}$
12. কৌণিক ভরবেগের মাত্রা সমীকরণ কোনটি? [JU'18-19] [Ans: a]
 (a) $[ML^2T^{-1}]$ (b) $[MLT^{-1}]$ (c) $[LT^{-2}]$ (d) $[MLT^{-2}]$

13. কোন সম্পর্কটি সঠিক? [CU'18-19] [Ans: b]

- (a) $\vec{L} = \vec{p} \times \vec{r}$ (b) $\vec{L} = \vec{r} \times \vec{p}$ (c) $\vec{L} = \vec{r} \times \vec{F}$ (d) $\vec{L} = \vec{p} \times \vec{F}$

14. ঘূর্ণায়মান বস্তুর গতিশক্তি (K. E)- [KU'18-19] [Ans: a]

- (a) $\frac{1}{2} I \omega^2$ (b) $\frac{1}{2} I \omega$ (c) $I \omega^2$ (d) $\frac{1}{2} I^2 \omega$

15. একটি লিভারের দৈর্ঘ্যের সাথে 30° কোণে 10 kg ms^{-1} মানের ভরবেগ ক্রিয়াশীল। লিভারের কৌণিক ভরবেগ $5 \text{ kg m}^2 \text{ s}^{-1}$ হলে এর দৈর্ঘ্য কত? [BAU'18-19] [Ans: a]

- (a) 1 m (b) 2 m (c) 3 m (d) 4 m

সমাধান: $L = r p \sin \theta \therefore r = \frac{L}{p \sin \theta} = \frac{5}{10 \sin 30^\circ} = 1 \text{ m}$

16. 3 kg ভরের একটি গতিশীল কণার গতিবেগ $\vec{v} = 2\hat{i} - 2\hat{j} + \hat{k}$ এবং কণার অবস্থান ভেক্টর $\vec{r} = \hat{i} - \hat{j}$ হলে মূলবিন্দু সাপেক্ষে এর কৌণিক ভরবেগ (\vec{L}) কত? [BAU'18-19] [Ans: a]

- (a) $\vec{L} = -3\hat{i} - 3\hat{j}$ (b) $\vec{L} = 3\hat{j} - 2\hat{j} - \hat{k}$ (c) $\vec{L} = 2\hat{i} - 4\hat{j} - \hat{k}$ (d) $\vec{L} = 4\hat{i} - 2\hat{j} - \hat{k}$

সমাধান: $L = (\vec{r} \times \vec{v})m = 3 \begin{vmatrix} \hat{i} & \hat{j} & \hat{k} \\ 1 & -1 & 0 \\ 2 & -2 & 1 \end{vmatrix} = -3\hat{i} - 3\hat{j}$

17. m এবং 4 m ভরের দুটি গতিশীল বস্তুর গতিশক্তি একই হলে তাদের রৈখিক ভরবেগের অনুপাত কত? [RU'17-18] [Ans: b]

- (a) 1: 4 (b) 1: 2 (c) 4: 1 (d) 2: 1

সমাধান: $\frac{p_1^2}{2} = \frac{m_1}{2} \Rightarrow \frac{p_1}{p_2} = \sqrt{\frac{m_1}{4m_2}} \therefore p_1 : p_2 = 1: 2$

18. একটি দেয়াল ঘড়ির কাঁটার কৌণিক বেগ কত rad s^{-1} ? [KU'17-18] [Ans: b]

- (a) 1.53×10^{-3} (b) 1.74×10^{-3} (c) 2.54×10^{-3} (d) 2.75×10^{-3}

সমাধান: মিনিটের কাঁটা ধরে, $\omega = \frac{2\pi}{T} = \frac{2\pi}{3600} = 1.74 \times 10^{-3}$

19. 500 g ভরের একটি বস্তু 2 m ব্যাসার্ধের বৃত্তাকার পথে আবর্তন করছে। আবর্তনকাল 10s হলে বস্তুর কৌণিক ভরবেগ কত? [JU'16-17; RU'09-10] [Ans: a]

- (a) $1.256 \text{ kgm}^2 \text{ s}^{-1}$ (b) $2.256 \text{ kgm}^2 \text{ s}^{-1}$ (c) $3.256 \text{ kgm}^2 \text{ s}^{-1}$ (d) $4.256 \text{ kgm}^2 \text{ s}^{-1}$

সমাধান: $L = m\omega r^2 = m \cdot \left(\frac{2\pi}{T}\right) \cdot r^2 = 0.5 \left(\frac{2 \times 3.1416}{10}\right) \times 2^2 = 1.256 \text{ kgm}^2 \text{ s}^{-1}$ [ক্যালকুলেটর ব্যবহার করে]

20. কৌণিক ভরবেগ ও কৌণিক বেগের মধ্যে সম্পর্ক কোনটি? [CU'16-17, 13-14] [Ans: d]

- (a) $L = I\omega^2$ (b) $L = v\omega$ (c) $L = \frac{\omega}{r}$ (d) $L = I\omega$

21. বৃত্তীয় গতির ক্ষেত্রে কৌণিক ভরবেগের রাশি কোনটি? [RU'21-22] [Ans: b]

- (a) $rm\omega$ (b) $r^2m\omega$ (c) $rm\omega^2$ (d) $rm^2\omega$

Type-07: ব্যাংকিং কোণ

Formula & Concept:

➤ সাইকেল আরোহী বৃত্তাকার পথে বাঁক নিলে, নিরাপদে বাঁক নেয়ার জন্য আরোহীকে উল্লম্বের সাথে θ কোণে হেলে যেতে হবে

যেখানে, $\tan \theta = \frac{v^2}{rg}$


v = সাইকেল আরোহীর বেগ, r = বৃত্তাকার বাঁকের ব্যাসার্ধ, θ = ব্যাংকিং কোণ

ঘর্ষণহীন রাস্তায় যানবাহন বৃত্তাকার পথে বাঁক নিলে-


$\sin \theta = \frac{h}{x}$, θ ক্ষুদ্র হলে $[0^\circ \leq \theta \leq 4^\circ]$ $\sin \theta = \tan \theta$

নিরাপদে বাঁক নেয়ার জন্য রাস্তার ব্যাংকিং কোণ θ হতে হবে যেখানে, $\tan \theta = \frac{h}{x} = \frac{v^2}{rg}$

v = যানবাহনের বেগ, r = বৃত্তাকার বাঁকের ব্যাসার্ধ



- ঘর্ষণযুক্ত সমতল রাস্তায় ব্যাংকিং না থাকলে নিরাপদে বাঁক নেয়ার শর্ত:



$$\text{কেন্দ্রমুখী বল} \leq \text{ঘর্ষণ বল} \Rightarrow \frac{mv^2}{r} \leq \mu_s mg \Rightarrow v \leq \sqrt{\mu_s rg}$$

MCQ

01. একজন সাইকেল আরোহী ঘণ্টায় 24 km বেগে 30 m ব্যাসার্ধের একটি বৃত্তাকার পথে মোড় নিচ্ছে। তাকে উল্লম্বের সাথে কত কোণে হলে থাকতে হবে? [GST'23-24] [Ans: a]

- (a) $\tan^{-1}(0.15)$ (b) $\tan^{-1}(0.015)$ (c) $\tan^{-1}(0.115)$ (d) $\tan^{-1}(0.215)$

সমাধান: $v = 24 \text{ kmh}^{-1} = \frac{24 \times 1000}{3600} = \frac{24}{36} \times 10 = \frac{20}{3} \text{ ms}^{-1}$; $\tan \theta = \frac{v^2}{rg}$

$$\Rightarrow \theta = \tan^{-1} \left(\frac{v^2}{rg} \right) = \tan^{-1} \left\{ \frac{\left(\frac{20}{3} \right)^2}{30 \times 9.8} \right\} = \tan^{-1} \left(\frac{400}{9 \times 30 \times 9.8} \right) = \tan^{-1} \left(\frac{400}{9 \times 30 \times 10} \right) [g = 9.8 = 10 \text{ ধরে}]$$

$$\Rightarrow \theta = \tan^{-1} \left(\frac{4}{27} \right) \approx \tan^{-1}(0.15)$$

02. একটি গাড়ি 50 kmh^{-1} বেগে 60 m ব্যাসার্ধের একটি রাস্তার মোড় নিতে হলে, অনুভূমিকের সাথে রাস্তাটির ব্যাংকিং কোণ কত ডিগ্রি হওয়া প্রয়োজন? [KU'17-18] [Ans: d]

- (a) 1.34 (b) 4.05 (c) 15.82 (d) 18.17

সমাধান: $\tan \theta = \frac{v^2}{rg} = \frac{\left(\frac{50}{3.6} \right)^2}{60 \times 9.8} \therefore \theta = 18.16^\circ$ (প্রায়) [ক্যালকুলেটর ব্যবহার করে]

03. একটি রাস্তা 65.31 m ব্যাসার্ধে বাঁক নিয়েছে। ঐ স্থানে রাস্তাটি 5.0 m চওড়া এবং এর ভিতরের কিনারা হতে বাইরের কিনারা 0.5m উঁচু। সর্বোচ্চ কত ms^{-1} বেগে ঐ স্থানে নিরাপদে বাঁক নেওয়া সম্ভব? [KU'16-17] [Ans: c]

- (a) 7 (b) 7.3 (c) 8.0 (d) 8.3

সমাধান: $\tan \theta = \frac{v^2}{rg}$, $h = x \sin \theta$; $\theta = \sin^{-1} \left(\frac{0.5}{5} \right)$

$$\therefore v = \sqrt{65.31 \times 9.8 \times \tan \sin^{-1} \left(\frac{1}{10} \right)} = 8.02 \text{ ms}^{-1} \approx 8 \text{ ms}^{-1} [ক্যালকুলেটর ব্যবহার করে]$$

Written

01. একজন বাইসাইকেল আরোহী সমতল বক্র পথে v বেগে ভ্রমণ করছে। সাইকেলের চাকা এবং পথের মধ্যকার স্থিতি ঘর্ষণ গুণক $\mu_s = 0.50$ । সাইকেলের উপর ক্রিয়ারত বলসমূহের নাম লিখ। যদি বেগ $v = 10 \text{ ms}^{-1}$ হয়, তবে সর্বনিম্ন কত ব্যাসার্ধের বৃত্তাকার পথে আরোহীটি ভ্রমণ করতে পারবে? [DU'20-21]


সমাধান: সাইকেলের ওপর ক্রিয়ারত বলসমূহ- (i) ঘর্ষণ বল (ii) উল্লম্ব প্রতিক্রিয়া বল।
এখানে ঘর্ষণ বলটি কেন্দ্রমুখী বল হিসেবে কাজ করে।

ধরি, আরোহীসহ সাইকেলের ভর = m

শর্তমতে, $F_f = \frac{mv^2}{r} \Rightarrow \mu_s(mg) = \frac{mv^2}{r} \Rightarrow r = \frac{v^2}{g\mu_s} \Rightarrow r = \frac{10^2}{9.8 \times 0.50} \therefore r = 20.4 \text{ m (Ans.)}$

ব্যর্থ না হওয়ার সবচাইতে নিশ্চিত পথ হলো সাফল্য অর্জনে দৃঢ় সংকল্প হওয়া।

- Kazi Nazrul Islam



➤ ভার্সিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	বিষয়বস্তু	যতবার এসেছে		যেসব ভর্তি পরীক্ষায় প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
☆☆☆	T-01	কাজ	30	-	DU'21-22, 15-16, 14-15; GST'22-23, 21-22; Agri'21-22; RU'22-23, 21-22, 17-18, 15-16, 14-15; JU'22-23, 21-22, 20-21, 19-20, 17-18, 15-16, 14-15; JnU'16-17; CU'22-23, 21-22, 15-16; KU'14-15	-
☆☆	T-02	স্প্রিং	3	-	RU'22-23, 21-22, CU'12-13	-
☆☆☆	T-03	শক্তি	52	4	DU'23-24, 22-23, 20-21, 16-17, 13-14, 08-09; GST'23-24, 22-23, 21-22; Agri'20-21, RU'23-24, 22-23, 21-22, 20-21, 18-19, 17-18, 15-16, 13-14; JU'23-24, 22-23, 21-22, 19-20, 17-18, 16-17, 14-15, 11-12; JnU'17-18; CU'23-24, 22-23, 17-18, 10-11; SUST'19-20; KU'19-20, 17-18, 09-10, 05-06	DU'23-24; RU'19-20, JnU'18-19
☆☆☆	T-04	ক্ষমতা ও কর্মদক্ষতা	21	-	DU'16-17; GST'23-24, 20-21; Agri'21-22; RU'22-23, 17-18, 15-16; JU'23-24, 22-23, 18-19, 16-17, 10-11, 09-10; CU'20-21, 13-14; KU'19-20, 16-17, 02-03	-
☆	T-05	ভরকেন্দ্রের সরণ	1	-	KU'13-14	-


Type-01: কাজ

Formula & Concept:

কাজ, $W = \vec{F} \cdot \vec{s}$ [ডট গুণন]

$= Fs \cos \theta$ [θ হলো \vec{F} এবং \vec{s} এর মধ্যবর্তী কোণ]

কাজ ধনাত্মক, যখন $0 \leq \theta < 90^\circ$; কাজ ঋণাত্মক, যখন $90^\circ < \theta \leq 180^\circ$; কাজ শূন্য, যখন $\theta = 90^\circ$
অর্থাৎ, যদি বলের দিকে সরণের কোন উপাংশ না থাকে তবে কাজ সবসময় শূন্য।




এখানে, বস্তুকে তুলতে অভিকর্ষ বলের বিরুদ্ধে কৃতকাজ

$W = Fs \cos \theta = mg x \cos \theta = mgh$ [$\because x \cos \theta = h$]


[θ হলো উল্লম্বের সাথে আনত তলের কোণ]

বৃত্তাকার পথে সমদ্রুতিতে ঘূর্ণায়মান বস্তুর ক্ষেত্রে কেন্দ্রমুখী বল দ্বারা কৃতকাজ শূন্য, কেননা কেন্দ্রমুখী বল ও সরণের মধ্যবর্তী কোণ 90° ।

কারণ ঘূর্ণনশীল বস্তুর যেকোনো মুহূর্তে সরণের দিক হলো স্পর্শক বরাবর।



কিন্তু যদি বৃত্তাকার পথের স্পর্শক বরাবর বল প্রয়োগের ফলে বস্তুর ঘূর্ণন গতি তৈরি হয়, তবে বল ও সরণের মধ্যবর্তী কোণ হয় 0° । অর্থাৎ, সেক্ষেত্রে কাজ ধনাত্মক।



MCQ

01. 500 g ভরের একটি কণার উপর $(6x^2 - 4x)$ N বল ক্রিয়া করায় বস্তুটি বলের দিকে $x = 0$ অবস্থান হতে $x = 2$ অবস্থানে সরে গেলে বলের দ্বারা কৃতকাজের পরিমাণ কত J? [GST'22-23] [Ans: a]

- (a) 8 (b) 6 (c) 4 (d) 2

সমাধান: $W = \int_0^2 (6x^2 - 4x) dx = \left[6 \times \frac{x^3}{3} - 4 \times \frac{x^2}{2} \right]_0^2 = [2 \times 2^3 - 2 \times 2^2 - 0 + 0] = 16 - 8 = 8$

02. একটি কণার উপর $\vec{F} = (-2\hat{i} + 3\hat{j} + 4\hat{k})$ N বল প্রয়োগের ফলে Q(3, -4, -2) বিন্দু থেকে P(-2, 3, 5) বিন্দুতে স্থানান্তরিত হয়। বল কর্তৃক সম্পাদিত কাজের পরিমাণ কত? [IUT'18-19; KUET'15-16; RUET'15-16] [Ans: c]

- (a) 50 J (b) 55 J (c) 59 J (d) 60 J

সমাধান: সরণ, $\vec{QP} = \vec{OP} - \vec{OQ} = (-2 - 3)\hat{i} + (3 + 4)\hat{j} + (5 + 2)\hat{k} = -5\hat{i} + 7\hat{j} + 7\hat{k}$; কৃতকাজ, $W = \vec{F} \cdot \vec{s} = \vec{F} \cdot \vec{QP}$
 $= (-2\hat{i} + 3\hat{j} + 4\hat{k}) \cdot (-5\hat{i} + 7\hat{j} + 7\hat{k}) = (-2) \times (-5) + 3 \times 7 + 4 \times 7 = 10 + 21 + 28 = 59$ J

03. 5 টি ঘনাকৃতি পাথর খণ্ডের প্রতিটির আয়তন 0.216 m^3 ও ভর 300 kg। এদের একটি অপরাটির উপর রেখে একটি স্তম্ভ প্রস্তুত করতে কৃতকাজের পরিমাণ কত? [$g = 9.8 \text{ ms}^{-2}$] [RU'22-23] [Ans: c]

- (a) 17600 J (b) 17650 J (c) 17640 J (d) 17000 J

সমাধান: আয়তন, $V = a^3 = 0.216 \text{ m}^3 \Rightarrow a^3 = 216 \times 10^{-3} \text{ m}^3 \Rightarrow a^3 = 6^3 \times 10^{-3} \therefore a = 0.6 \text{ m}$

\therefore কৃতকাজ, $W = \frac{n(n-1)}{2} mgh = \frac{5(5-1)}{2} \times 300 \times 9.8 \times 0.6 = \frac{20}{2} \times 300 \times \frac{98}{10} \times \frac{6}{10} = 10 \times 3 \times 98 \times 6 = 17640$ J

04. একটি কণার ওপর যদি $\vec{F} = (3\hat{i} - 4\hat{j} + 6\hat{k})$ N বল প্রয়োগ করায় কণাটি Z-অক্ষ বরাবর 5 m সরে যায় তবে, কণার উপর কৃতকাজ কত? [RU'22-23] [Ans: a]

- (a) 30 J (b) 15 J (c) 20 J (d) 10 J

সমাধান: সরণ 5m এর দিকে বলের উপাংশের মান 6 \therefore কৃতকাজ = $5 \times 6 = 30$ J

05. কাজের মাত্রা কোনটি?

- (a) MLT^{-2} (b) ML^2T^2 (c) ML^2T^{-2} (d) $ML^{-2}T^{-2}$ [JU'22-23] [Ans: c]

06. বহিঃস্থ বল দ্বারা কোনো যন্ত্রের (system) উপর কৃতকাজ- [CU'22-23] [Ans: b]
 (a) মোট শক্তির পরিবর্তন (b) গতিশক্তির পরিবর্তন (c) স্থিতিশক্তির পরিবর্তন (d) কোনোটিই নয়
07. একটি রাবার ব্যান্ডকে টেনে এর দৈর্ঘ্য x পরিমাণ বৃদ্ধি করলে, রাবার ব্যান্ডে সৃষ্ট প্রত্যাবর্তী বল হলো $F = ax + bx^2$ (এখানে a এবং b ধ্রুবক)। রাবার ব্যান্ডটিকে $x = 0$ থেকে $x = L$ পর্যন্ত বৃদ্ধি করতে কৃতকাজের মান কত? [DU' 21-22] [Ans: d]
 (a) $aL^2 + bLx^3$ (b) $\frac{aL^2}{2} + 2bL^2$ (c) $a + 2bL$ (d) $\frac{aL^2}{2} + \frac{bL^3}{3}$
- সমাধান: $W = \int_0^L F \cdot dx = \int_0^L (ax + bx^2) dx = \left[a \frac{x^2}{2} + b \frac{x^3}{3} \right]_0^L = \frac{aL^2}{2} + \frac{bL^3}{3}$
08. সংরক্ষণশীল বল দ্বারা 1 kg ভরের একটি বস্তুকে A থেকে B বিন্দুতে নেয়া হলো এবং B থেকে A বিন্দুতে ফিরিয়ে আনা হলো। বস্তুটির উপর কত J কাজ করা হলো? [GST' 21-22] [Ans: b]
 (a) 1 (b) 0 (c) 0.5 (d) 2
- সমাধান: সংরক্ষণশীল বল দ্বারা পূর্ণচক্রে কৃতকাজ শূন্য।
09. কাজের অভিকর্ষীয় একক কী? [Agri'21-22] [Ans: a]
 (a) kgm (b) Nm (c) Nm^2 (d) kgm^2
10. স্থিরাবস্থার একটি কণার উপর $F = Kx$ বল প্রয়োগ করলে কণাটির সরণ $x = 0$ m থেকে $x = 4$ m হয়। $K = 1 \text{ Nm}^{-2}$ হলে, কাজের পরিমাণ কত? [RU' 21-22] [Ans: c]
 (a) 0 Nm (b) $\frac{64}{3}$ Nm (c) 8 Nm (d) কোনোটিই নয়
- সমাধান: $W = \int_{x=0}^{x=4} F dx \Rightarrow W = \int_0^4 kx dx = 1 \int_0^4 x dx = \left[\frac{x^2}{2} \right]_0^4 = 8 \text{ Nm}$
11. বল ও সরণের মধ্যবর্তী কোণ θ হলে ঋণাত্মক কাজের শর্ত হবে- [JU' 21-22] [Ans: b]
 (a) $180^\circ \geq \theta \geq 90^\circ$ (b) $180^\circ \geq \theta > 90^\circ$ (c) $180^\circ \leq \theta \leq 90^\circ$ (d) $180^\circ < \theta \leq 90^\circ$
12. একটি কণার ওপর $\vec{F} = (5\hat{i} + 3\hat{j} - 6\hat{k})$ N বল প্রয়োগ করায় কণাটি X-অক্ষ বরাবর 10 m সরে গেল। কণার উপর কৃতকাজ কত? [JU' 21-22] [Ans: b]
 (a) 30 J (b) 50 J (c) -60 J (d) 15 J
- সমাধান: $W = \vec{F} \cdot \vec{X} = (5\hat{i} + 3\hat{j} - 6\hat{k}) \cdot (10\hat{i}) = 50 \text{ J}$
13. কেন্দ্রমুখী বল দ্বারা কৃতকাজ- [CU' 21-22; JU'21-22] [Ans: c]
 (a) অসীম (b) ধনাত্মক (c) শূন্য (d) ঋণাত্মক
14. কাজের মান শূন্য হবে যদি প্রযুক্ত বল ও সরণের মধ্যবর্তী কোণ- [JU'20-21] [Ans: c]
 (a) 0° (b) 45° (c) 90° (d) 180°
15. 10 N বল প্রয়োগে একটি গাড়িকে 100 m সরাতে 500 J কাজ করতে হয়। বল ও সরণের মধ্যবর্তী কোণের মান কত? [JU'19-20] [Ans: a]
 (a) 60° (b) 30° (c) 45° (d) 75°
- সমাধান: $Fs \cos \theta = 500 \Rightarrow 10 \times 100 \times \cos \theta = 500 \therefore \theta = 60^\circ$
16. একটি 5 কিলোগ্রাম সচল বস্তুর সরণের লম্বদিকে 10 নিউটন ও 5 নিউটন মানের দুটি বল বস্তুটির উপর বিপরীত দিকে ক্রিয়া করে। বল দুটি দ্বারা কৃতকাজের মান কত হবে? [RU'17-18] [Ans: c]
 (a) 50 জুল (b) 25 জুল (c) 0 জুল (d) 15 জুল
- সমাধান: $W = \vec{F} \cdot \vec{s} = 0$ জুল।
17. কাজের পরিমাণ সবচেয়ে বেশি হয় যখন প্রযুক্ত বল ও সরণের মধ্যে কোণের মান- [RU'17-18] [Ans: c]
 (a) 90° (b) 45° (c) 0° (d) 180°
- সমাধান: $W = Fs \cos \theta$; $\cos \theta$ এর মান সর্বোচ্চ যখন $\theta = 0^\circ$
18. 20 kg-m এর Joule এ প্রকাশিত মান কোনটি? [JU'17-18] [Ans: b]
 (a) 199 J (b) 196 J (c) 200 J (d) 188 J
- সমাধান: $W = mgh = 20 \text{ kgm} \times 9.8 \text{ ms}^{-2} = 196 \text{ J}$
19. বল, সরণ ও কাজ এর মধ্যে সম্পর্ক হলো- [JnU'16-17] [Ans: d]
 (a) $W = \vec{F} \cdot \vec{s}$ (b) $W = Fs \cos \theta$ (c) $\vec{W} = \vec{F} \times \vec{s} \cos \theta$ (d) a ও b উভয়ই

20. 1 g ভরের একটি বস্তুকে 0.5 m ব্যাসার্ধের একটি অনুভূমিক বৃত্তাকার পথে 2ms^{-1} সমদ্রুতিতে ঘোরানো হচ্ছে। এক পূর্ণ ঘূর্ণনের জন্য প্রয়োজনীয় কাজের মান কত? [DU'15-16] [Ans: a]
 (a) 0J (b) 1J (c) 2J (d) 4J
 সমাধান: সরণ = 0 ∴ কাজ = 0
21. কোন বস্তু সরল পথে (0, 0, 1) বিন্দু থেকে (2, 0, 1) বিন্দুতে গেল। বস্তুটির উপর ক্রিয়াশীল বল $\vec{F} = 4\hat{i} - 3\hat{j}$ হলে কৃতকাজ হবে- [JU'15-16] [Ans: b]
 (a) 4 J (b) 8 J (c) 6 J (d) কোনোটিই নয়
 সমাধান: $\vec{r} = (2\hat{i} + 0\hat{j} + \hat{k}) - (0\hat{i} + 0\hat{j} + \hat{k}) = 2\hat{i}$ ∴ $W = \vec{F} \cdot \vec{r} = (4\hat{i} - 3\hat{j}) \cdot (2\hat{i}) = 8\text{ J}$
22. একটি কণার উপর $\vec{F} = (-5\hat{i} - 3\hat{j} - 6\hat{k})\text{N}$ বল প্রয়োগ করার ফলে কণাটির $\vec{s} = (3\hat{i} + m\hat{j} + 5\hat{k})\text{m}$ সরণ হয়। m এর মান কত হলে সম্পাদিত কাজের পরিমাণ শূন্য হবে? [RU'15-16] [Ans: b]
 (a) 0 (b) -15 (c) 5 (d) -10
 সমাধান: $W = \vec{F} \cdot \vec{s} = (-5\hat{i} - 3\hat{j} - 6\hat{k}) \cdot (3\hat{i} + m\hat{j} + 5\hat{k}) = 0$
 $\Rightarrow -15 - 3m - 30 = 0 \Rightarrow -3m = 45 \therefore m = -15$
23. একটি বস্তু সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘুরলে এর উপর - [RU'15-16] [Ans: a]
 (a) কোনো কাজ হয় না (b) সর্বাধিক কাজ হয় (c) কোনো বল ক্রিয়া করে না (d) বেগ অপরিবর্তিত থাকে
 সমাধান: বেগের দিক ও ওজন পরস্পর লম্ব হওয়ায় যদি অনুভূমিক তলে ঘুরানো হয়, তাহলে কোনো কাজ হয় না। কিন্তু, উল্লম্ব তলে ঘুরালে কাজ হয়।
24. কোন বল দ্বারা কৃতকাজ $W = \vec{F} \cdot \vec{s}$ । F এবং s কোনটিই শূন্য না হলেও কখন কৃতকাজ শূন্য হবে? [CU'15-16] [Ans: c]
 (a) F এবং s একই দিকে (b) F এবং s বিপরীতমুখী
 (c) F এবং s পরস্পরের উপর লম্ব (d) F এবং s পরস্পর সমান্তরাল
 (e) F এবং s এর মধ্যবর্তী কোণ 45° হলে
 সমাধান: $\vec{F} \cdot \vec{s} = Fs \cos \theta = 0 \therefore \cos \theta = 0$ [$\because F \neq 0, s \neq 0$] ∴ $\theta = 90^\circ$
25. 40 N ওজনের বস্তুকে মেঝে থেকে 2 m উঁচুতে 2 s ধরে রাখতে কাজের পরিমাণ কত? [CU'15-16] [Ans: a]
 (a) 0 J (b) 40 J (c) 120 J (d) 160 J (e) 240 J
 সমাধান: যেহেতু, সরণ $s = 0 \therefore W = Fs = 0$
26. কোন ব্যক্তি 30° ঢালের 5 m উঁচু ঘর্ষণবিহীন তল বরাবর একটি 100N ব্লক টেনে তুলছে। ব্লকটি সমদ্রুতিতে চললে ব্যক্তি কী পরিমাণ কাজ করবে? [DU'14-15] [Ans: b]
 (a) 250 J (b) 500 J (c) 0 (d) 100 J
 সমাধান: এক্ষেত্রে উল্লম্ব উচ্চতা, $h = 5\text{m}$
 প্রযুক্ত বল, $F = 100\text{N}$ [তলটি মসৃণ]
 \therefore কৃতকাজ = $Fh = (5 \times 100)\text{J} = 500\text{J}$
27. একটি বস্তুকে সমতল ভূমির (i) a স্থান হতে উল্লম্বভাবে b স্থানে নেয়া হলো। এরপর (ii) b স্থান হতে অনুভূমিকভাবে c স্থানে নেয়া হলো এবং সবশেষে (iii) c স্থান হতে খাড়া নিচের দিকে ঐ ভূমির d স্থানে নামানো হলো। নিচের কোনটি সঠিক? [RU'14-15]
 (a) (i) নং case এ কাজ Positive (b) (ii) নং case এ কাজ 0
 (c) (iii) নং case এ কাজ Negative (d) কোনোটিই নয়
 সমাধান: (সঠিক উত্তর নেই); এখানে ব্যক্তি কর্তৃক কৃতকাজ বিবেচনা করলে উত্তর হবে (a) এবং (c) কিন্তু অভিকর্ষ বল কর্তৃক কৃতকাজ বিবেচনা করলে উত্তর হবে (b)।
28. 80 kg ভরের এক ব্যক্তি 20 kg ভরের একটি বোঝা নিয়ে 10 m দীর্ঘ একটি সিঁড়ি বেয়ে নিচে নামল। যদি সিঁড়িটি দেয়ালের সাথে 60° কোণে থাকে তবে সে কত কাজ করল? [JU'14-15] [Ans: a]
 (a) 4900 J (b) 800 J (c) 4950 J (d) 4800 J
 সমাধান: $W = Fx \cos \theta = (100 \times 9.8) \times 10 \times \cos(60^\circ)\text{J} = 4900\text{J}$
29. $\vec{r} = 3\hat{i} + \hat{j} - \hat{k}$ ভেক্টরের দিকে চলমান একটি বস্তুর উপর যদি প্রযুক্ত বল $\vec{F} = 2\hat{i} - \hat{j} - \hat{k}$ হয়, তাহলে কত কাজ করা হবে? [KU'14-15]
 (a) 10 একক (b) 15 একক (c) 100 একক (d) 20 একক
 সমাধান: (সঠিক উত্তর নেই); $\vec{r} = 3\hat{i} + \hat{j} - \hat{k}$; $\vec{F} = 2\hat{i} - \hat{j} - \hat{k}$; আমরা জানি, $W = \vec{F} \cdot \vec{r} = 6 - 1 + 1 = 6$

Type-02: স্প্রিং

Formula & Concept:

- স্প্রিং কর্তৃক কৃতকাজ, $W = \frac{1}{2} kx^2$; যেখানে, $k =$ স্প্রিং ধ্রুবক
 $x =$ সাম্যাবস্থান থেকে সরণ
- স্প্রিং বিভাজনের ক্ষেত্রে,
 - (i) স্প্রিংকে কাটলে স্প্রিং ধ্রুবক বাড়ে।
 - (ii) একটি স্প্রিংকে কেটে n সংখ্যক সমানভাগে ভাগ করলে নতুন স্প্রিং ধ্রুবক, $k_{new} = nk$
যেমন: 3 অংশে ভাগ করলে, $k_{new} = 3k$
 - (iii) n সংখ্যক সমান স্প্রিং ধ্রুবক বিশিষ্ট স্প্রিংকে সিরিজে সংযুক্ত করলে নতুন স্প্রিং ধ্রুবক, $k_{new} = \frac{k}{n}$ যেমন: 3টি সমান স্প্রিং
ধ্রুবক বিশিষ্ট স্প্রিংকে সিরিজে যুক্ত করলে, $k_{new} = \frac{k}{3}$
- স্প্রিং সংযোজনের ক্ষেত্রে, (i) শ্রেণি সংযোগে, $\frac{1}{k} = \frac{1}{k_1} + \frac{1}{k_2} + \dots + \frac{1}{k_n}$
(ii) সমান্তরাল সংযোগে, $k = k_1 + k_2 + \dots + k_n$


MCQ

01. একটি স্প্রিংয়ের অগ্রভাগে 100 g ভর বুলিয়ে দেয়ায় 0.1 m বৃদ্ধি হল। এ অবস্থা থেকে স্প্রিংটিকে টেনে আরও 2×10^{-2} m বৃদ্ধি করে ছেড়ে দেয়ায় বস্তুর মোট শক্তি- [RU'22-23] [Ans: a]
- (a) 1.96×10^{-3} J (b) 100 J (c) 5×10^{-3} J (d) 6×10^{-3} J
- সমাধান: $mg = ke \Rightarrow \frac{100}{1000} \times 9.8 = k \times 0.1 \Rightarrow k \times \frac{1}{10} = \frac{9.8}{10} \therefore k = 9.8 \text{ Nm}^{-1}$
- 2×10^{-2} m বৃদ্ধি করে ছেড়ে দেওয়ায় বস্তুর মোট শক্তি,
 $W = \frac{1}{2} kx^2 = \frac{1}{2} \times 9.8 \times (2 \times 10^{-2})^2 = \frac{1}{2} \times 4 \times 9.8 \times 10^{-4} = 19.6 \times 10^{-4} = 1.96 \times 10^{-3}$
02. স্প্রিংকে টেনে লম্বা করা হলে কোন শক্তি সঞ্চিত হবে? [RU'21-22] [Ans: b]
- (a) তাপশক্তি (b) স্থিতিশক্তি (c) গতিশক্তি (d) অন্তঃস্থ শক্তি
03. 25 N বল দ্বারা কোন স্প্রিংকে টেনে 10 cm বৃদ্ধি করা হল। এর স্প্রিং ধ্রুবক কত? [CU'12-13] [Ans: c]
- (a) 22.5 Ncm^{-1} (b) 25 Nm (c) 250 Nm^{-1} (d) 250 Ncm (e) 2.5 Nm
- সমাধান: $k = \frac{F}{x} = 250 \text{ Nm}^{-1}$


Type-03: শক্তি

Formula & Concept:

- কাজ-শক্তি উপপাদ্য: কৃতকাজ = গতিশক্তির পরিবর্তন
 $W = \Delta E_k$ [$\Delta E_k =$ গতিশক্তির পরিবর্তন]
 $= \frac{1}{2} mv^2 - \frac{1}{2} mu^2$ [যেখানে, $v =$ শেষবেগ; $u =$ আদিবেগ]
- ভূমি থেকে h উচ্চতায় স্থিতিশক্তি/বিভবশক্তি $E_p = mgh$
আবার, $E_k = \frac{1}{2} mv^2 = \frac{m^2 v^2}{2m} = \frac{p^2}{2m} \therefore E_k = \frac{p^2}{2m}$ [যেখানে, p হল বস্তুর ভরবেগ]
- যদি h উচ্চতা থেকে মুক্তভাবে পড়ন্ত বস্তুর ভূমি থেকে x উচ্চতায় গতিশক্তি বিভবশক্তির n গুণ
অর্থাৎ, $E_k = nE_p$ হয়, তবে $x = \frac{h}{n+1}$



➤ দোলকের ক্ষেত্রে:



◆ সাম্যবিন্দুতে বেগ, $v = \sqrt{2gL(1 - \cos \theta)} = \sqrt{2gh}$

➤ গুলির বেগ সংক্রান্ত:

- ◆ কাজ-শক্তির উপপাদ্য অনুসারে, $\frac{1}{2}mv^2 - \frac{1}{2}mv_0^2 = F \cdot x \Rightarrow \frac{1}{2}m(v^2 - v_0^2) = F \cdot x \therefore (v^2 - v_0^2) \propto x$
একটি নির্দিষ্ট গুলি এবং নির্দিষ্ট প্রতিবন্ধকের জন্য m ও F ধ্রুবক। যেখানে m ও F যথাক্রমে গুলির ভর ও তক্তা বা দেয়ালের বাধাদানকারী বল।
- ◆ আদি গতিশক্তি E এবং বেগ v হলে $E = \frac{1}{2}mv^2$ তক্তার সংখ্যা, $n \propto E \propto v^2 \therefore n \propto v^2$
- ◆ বাধাবল সুক্ষম হলে 's' দূরত্ব ভেদ করার পর এর আদিবেগের $\frac{1}{n}$ অংশ হারায়। গুলিটি আরও x দূরত্ব ভেদ করলে,
 $x = \frac{(n-1)^2}{2n-1} \times s$; কিন্তু একটি লক্ষ্যস্থলে ছোঁড়া গুলি s দূরত্ব ভেদ করার পর আদিবেগের $\frac{1}{n}$ অংশ অবশিষ্ট থাকলে গুলিটি আরও x দূরত্ব প্রবেশ করলে, $x = \frac{s}{n^2-1}$
- ◆ একটি রাইফেলের গুলি যদি k সংখ্যক তক্তা ভেদ করতে পারে তবে গুলির বেগ n গুণ করা হলে ভেদকৃত তক্তার সংখ্যা = n^2k

MCQ

01. 10 g এর একটি ভর ঘর্ষণহীন একটি অনুভূমিক তলের ওপর দিয়ে গিয়ে দেয়ালের সাথে সংযুক্ত একটি অনুভূমিক স্প্রিংকে 6 ms^{-1} বেগে আঘাত করে। যদি স্প্রিংটির স্প্রিং ধ্রুবকের মান 400 Nm^{-1} হয় তাহলে এটিতে সর্বোচ্চ সংকোচন কত হবে?
(a) 0.3 cm (b) $\frac{3}{\sqrt{10}}$ cm (c) 3 cm (d) 0.9 cm [DU'23-24] [Ans: c]

সমাধান: প্রশ্নমতে, $\frac{1}{2}mv^2 = \frac{1}{2}kx^2 \Rightarrow x^2 = \frac{mv^2}{k} = \frac{10 \times 6^2}{1000 \times 400} = \frac{36}{40000}$
 $\Rightarrow x = \sqrt{\frac{36}{40000}} = \frac{6}{200} = \frac{3}{100} \text{ m} = \frac{3 \times 100}{100} \text{ cm} = 3 \text{ cm}$

02. 250 m উঁচু একটি ঝর্ণা থেকে পানি মাটিতে পড়ে অনুভূমিকভাবে নির্দিষ্ট গতিবেগে গড়িয়ে যাচ্ছে। শক্তির অপচয় অগ্রাহ্য করলে পানির বেগ কত?
(a) 100 ms^{-1} (b) 90 ms^{-1} (c) 80 ms^{-1} (d) 70 ms^{-1} [GST'23-24] [Ans: d]

সমাধান: $mgh = \frac{1}{2}mv^2 \Rightarrow v^2 = 2gh$

$\Rightarrow v = \sqrt{2 \times 9.8 \times 250} = \sqrt{19.6 \times 250} = \sqrt{4900} = 70 \text{ ms}^{-1}$

03. 200 g ভরের একটি বস্তু 20 m উপর থেকে পড়লে ভূমি স্পর্শ করার পূর্ব মুহূর্তে গতিশক্তি কত হবে? [GST'23-24] [Ans: b]
(a) 3.92 J (b) 39.2 J (c) 9.8 J (d) 98 J

সমাধান: $E_k = \frac{1}{2}mv^2 = mgh = 0.2 \times 9.8 \times 20 = \frac{2}{10} \times 20 \times 9.8 = 4 \times 9.8 = 39.2 \text{ J}$

04. 5 kg ভরের একটি বস্তু স্থির অবস্থায় ছিল। 20 N বল প্রয়োগ করায় 5 s পর বস্তুর গতিশক্তি কত হবে? [RU'23-24] [Ans: c]
(a) 4.2 kJ (b) 2 kJ (c) 1 kJ (d) 20 kJ

সমাধান: 5 s পর বস্তুর বেগ, $v = u + at = 0 + \frac{F}{m}t = 0 + \frac{20}{5} \times 5 = 20 \text{ ms}^{-1}$
 $\therefore E_k = \frac{1}{2}mv^2 = \frac{1}{2} \times 5 \times (20)^2 = \frac{5}{2} \times 400 = 1000 \text{ J} = 1 \text{ kJ}$

05. কোনো সরল দোলকের দোলক পিণ্ডের ভর ও সর্বোচ্চ বেগ যথাক্রমে 300 gm এবং 6.30 ms^{-1} । দোলকটিতে গোলক পিণ্ডের কৌণিক বিস্তার 60° হলে কার্যকর দৈর্ঘ্য কত? [JU'23-24] [Ans: a]


- (a) 4 m (b) 6 m (c) 3 m (d) কোনোটিই নয়

সমাধান: A বিন্দুর গতিশক্তি, B বিন্দুর বিভবশক্তির সমান।

$$\therefore (E_p)_B = (E_k)_A \Rightarrow mgh = \frac{1}{2}mv^2$$

$$\Rightarrow mg\left(l - \frac{l}{2}\right) = \frac{1}{2}mv^2 \Rightarrow g\frac{l}{2} = \frac{1}{2}v^2$$

$$\Rightarrow l = \frac{v^2}{g} = \frac{(6.30)^2}{9.8} \text{ m} \therefore l = 4.05 \text{ m} \approx 4 \text{ m}$$




06. কোনো সরল দোলকের দোলক পিণ্ডের ভর এবং সর্বোচ্চ বেগ যথাক্রমে 5 gm ও 5 ms^{-1} । ভারসাম্য অবস্থান থেকে দোলক পিণ্ডের বিস্তার 60° হলে দোলকটির কার্যকর দৈর্ঘ্য কত? [JU'23-24] [Ans: c]

- (a) 5.10 m (b) 8.55 m (c) 2.55 m (d) 3.05 m

সমাধান: A বিন্দুর গতিশক্তি B বিন্দুর বিভব শক্তির সমান

$$\therefore (E_k)_A = (E_p)_B \Rightarrow \frac{1}{2}mv^2 = mgh \Rightarrow \frac{v^2}{2} = g\left(1 - \frac{1}{2}\right)$$

$$\Rightarrow \frac{v^2}{2} = g \times \frac{1}{2} \therefore l = \frac{v^2}{g} = \frac{5^2}{9.8} = 2.55 \text{ m}$$



07. 100 gm ভরের একটি বস্তু 45° কোণে 20 ms^{-1} বেগে নিক্ষেপিত হলে তার অনুভূমিক বেগের জন্য অর্জিত সর্বোচ্চ গতিশক্তি কত? [JU'23-24] [Ans: b]

- (a) 11.04 J (b) 10 J (c) 7.50 J (d) 4.50 J

$$\text{সমাধান: গতিশক্তি} = \frac{1}{2}mv_x^2 = \frac{1}{2}m(v \cos \theta)^2 = \frac{1}{2} \times 0.1 \times (20 \cos 45^\circ)^2 = 10 \text{ J}$$

08. একটি কণা $t = 0$ সময়ে স্থির অবস্থা থেকে যাত্রা শুরু করে। কণাটির ওপর প্রযুক্ত লব্ধি বল, সময় t এর সমানুপাতিক। কণাটির গতিশক্তি নিচের কোনটির সমানুপাতিক হবে? [DU'22-23] [Ans: d]

- (a) t^2 (b) t^3 (c) \sqrt{t} (d) t^4

$$\text{সমাধান: } F \propto t \therefore a \propto t \Rightarrow a = kt \Rightarrow \frac{dv}{dt} = kt \text{ এখন, } dv = ktdt \Rightarrow \int dv = \int ktdt \Rightarrow v = kt^2 \therefore v \propto t^2$$

$$v \propto t^2 \text{ হলে, } v^2 \propto t^4 \therefore \text{গতিশক্তি} \propto t^4$$

09. স্থিরাবস্থা থেকে 20 kg ভরের কোনো বস্তু একটি নির্দিষ্ট বলের ক্রিয়ার ফলে 3s পরে 6 ms^{-1} বেগ অর্জন করলে 5s পর এর গতিশক্তি কত kJ? [GST'22-23] [Ans: c]

- (a) 3 (b) 2 (c) 1 (d) 0.5

$$\text{সমাধান: ত্বরণ, } a = \frac{6-0}{3} = 2 \text{ ms}^{-2}$$

$$5 \text{ sec পর বেগ, } v = 0 + 2 \times 5 = 10 \text{ ms}^{-1}$$

$$E_k = \frac{1}{2}mv^2 = \frac{1}{2} \times 20 \times 10^2 = 1000 \text{ J} = 1 \text{ kJ}$$

10. একটি গাড়ির ভরবেগের মান তার গতিশক্তির সমান। গাড়িটির বেগ কত? [RU'22-23] [Ans: c]

- (a) 5 ms^{-1} (b) 0.5 ms^{-1} (c) 2 ms^{-1} (d) 4 ms^{-1}

$$\text{সমাধান: ভরবেগ} = \text{গতিশক্তি} \Rightarrow mv = \frac{1}{2}mv^2 \Rightarrow v = 2 \text{ ms}^{-1}$$

11. 300 m উঁচু হতে একটি বস্তু অভিকর্ষের টানে মুক্তভাবে নিচে পড়লে, ভূমি হতে কত উচ্চতায় গতিশক্তি বিভবশক্তির অর্ধেক হবে? [RU'22-23] [Ans: b]


- (a) 100 m (b) 200 m (c) 300 m (d) 400 m

সমাধান: ধরি, ভূমি হতে x উচ্চতায় গতিশক্তি বিভবশক্তির অর্ধেক হবে।

$$\text{প্রশ্নমতে, } \frac{1}{2}mv^2 = \frac{1}{2}mgx \Rightarrow v^2 = gx \Rightarrow u^2 + 2g(300 - x) = gx$$

$$\Rightarrow 600 - 2x = x \therefore x = 200 \text{ m}$$

$$\text{Shortcut: } x = \frac{h}{n+1} = \frac{300}{\frac{1}{2}+1} = \frac{300 \times 2}{1+2} = \frac{600}{3} = 200 \text{ m} [E_k = nE_p]$$



[RU'22-23] [Ans: c]

12. নিম্নের বস্তুর মধ্যে কোনটির গতিশক্তি বেশি?

- (a) ভর 3M এবং বেগ V (b) ভর 3M এবং বেগ 2V (c) ভর 2M এবং বেগ 3V (d) ভর M এবং বেগ 4V

সমাধান: $E_a = \frac{1}{2} \times 3M \times V^2 = 1.5MV^2$; $E_b = \frac{1}{2} \times 3M \times (2V)^2 = 6MV^2$; $E_c = \frac{1}{2} \times 2M \times (3V)^2 = 9MV^2$

$E_d = \frac{1}{2} \times M \times (4V)^2 = 8MV^2$

13. 400 kg ভর ও 1 m ব্যাসার্ধের একটি নিরেট গোলক 2 ms^{-1} বেগে গড়িয়ে চললে, এর গতিশক্তি কত? [JU'22-23] [Ans: c]

- (a) 2120 J (b) 1150 J (c) 1120 J (d) 2150 J

সমাধান: $E_k = \frac{1}{2}mv^2 + \frac{1}{2}I\omega^2 = \frac{1}{2}mv^2 + \frac{1}{2} \times \frac{2}{5}mr^2\omega^2 = \left(\frac{1}{2} + \frac{1}{5}\right)mv^2 = \frac{7}{10}mv^2$
 $= \frac{7}{10} \times 400 \times (2)^2 \text{ J} = \frac{7}{10} \times 400 \times 4 \text{ J} = 1120 \text{ J}$

14. যদি ভর অর্ধেক এবং বেগ দ্বিগুণ করা হয় তবে এর গতিশক্তি হবে পূর্বের:

- (a) সমান (b) অর্ধেক (c) দ্বিগুণ (d) চারগুণ

[JU'22-23] [Ans: c]

সমাধান: $E \propto mv^2 \therefore \frac{E_2}{E_1} = \frac{m_2v_2^2}{m_1v_1^2} = \frac{\frac{m_1}{2} \times (2v_1)^2}{m_1 \times v_1^2} = 2 \therefore E_2 = 2E_1$

15. কোনো গতিশীল বস্তুর বেগ 2 ms^{-1} এবং গতিশক্তি 1 J হলে, বস্তুর ভর হবে:

- (a) 0.5 kg (b) 1 kg (c) 1.5 kg (d) 2 kg

[JU'22-23] [Ans: a]

সমাধান: $E_k = \frac{1}{2}mv^2 \therefore m = \frac{2E_k}{v^2} = \frac{2 \times 1}{2^2} = 0.5 \text{ kg}$

16. কোনটি ঘূর্ণায়মান বস্তুর গতিশক্তির সমীকরণ?

- (a) $KE = \left(\frac{1}{2}\right)I\omega$ (b) $KE = \left(\frac{1}{2}\right)I\omega^2$ (c) $KE = I\omega$ (d) $KE = \left(\frac{1}{2}\right)I^2\omega$

[CU'22-23] [Ans: b]

17. 1 kg ভর সম্পন্ন একটি বুলেটকে 400 ms^{-1} বেগে বন্দুক থেকে ছোঁড়া হলে এর গতিশক্তি কত?

- (a) $4 \times 10^4 \text{ J}$ (b) $8 \times 10^3 \text{ J}$ (c) $4 \times 10^3 \text{ J}$ (d) $8 \times 10^4 \text{ J}$

[CU'22-23] [Ans: d]

সমাধান: $E = \frac{1}{2}mv^2 = \frac{1}{2} \times 1 \times (400)^2 = 8 \times 10^4 \text{ J}$

18. M ভরের একটি বস্তুর গতিশক্তি E-এর ভরবেগ কত?

- (a) $\sqrt{2ME}$ (b) 2ME (c) $\sqrt{\frac{ME}{2}}$ (d) $\frac{2E}{M}$

[CU'22-23; JU'21-22] [Ans: a]

সমাধান: $E = \frac{p^2}{2M} \Rightarrow p = \sqrt{2ME}$

19. v_1 বেগের একটি বুলেট শুধুমাত্র নির্দিষ্ট পুরুত্বের একটি তক্তা ভেদ করতে পারে। এরূপ নয়টি তক্তা ভেদ করতে হলে ঐ বুলেটের বেগ কত হতে হবে?

- (a) $2v_1$ (b) $4v_1$ (c) $5v_1$ (d) $3v_1$

[GST'21-22; JU'17-18, 14-15] [Ans: d]

সমাধান: ধরি, তক্তার পুরুত্ব d এবং বাধাদানকারী বল F হলে,

একটি তক্তা ভেদ করার ক্ষেত্রে, তক্তা কর্তৃক বাধাদানকারী কাজ = বুলেটের গতিশক্তি $\Rightarrow Fd = \frac{1}{2}mv_1^2 \dots \dots \dots$ (i)

নয়টি তক্তা ভেদ করার ক্ষেত্রে, বুলেটের বেগ v_2 হলে, $F \times (9d) = \frac{1}{2}mv_2^2 \dots \dots \dots$ (ii)

(ii) \div (i) করে, $\left(\frac{v_2}{v_1}\right)^2 = 9 \Rightarrow \frac{v_2}{v_1} = 3 \therefore v_2 = 3v_1$

Shortcut: $v = \sqrt{2n}; \frac{v_2}{v_1} = \sqrt{\frac{n_2}{n_1}} \Rightarrow v_2 = \sqrt{\frac{9}{1}} \times v_1 \therefore v_2 = 3v_1$

20. কাজ-শক্তি উপপাদ্য অনুসারে বস্তুর উপর কৃতকাজ কোনটির সমান?

- (a) গতিশক্তি (b) কৌণিক ভরবেগ (c) রৈখিক ভরবেগ

[RU'21-22] [Ans: a]

21. কোন বস্তু 20 m উচ্চতা থেকে বিনা বাধায় পড়লে, ভূমি হতে কত উচ্চতায় গতিশক্তি বিভবশক্তির তিনগুণ হবে?

- (a) 5 m (b) 10 m (c) 15 m

(d) 20 m [RU'21-22] [Ans: a]

সমাধান: $E_k = 3E_p \Rightarrow mg(h-x) = 3mgx \Rightarrow 20-x = 3x \therefore x = 5 \text{ m}$

Shortcut: $E_k = nE_p$ হলে, $x = \frac{h}{n+1}$ এবং $E_p = nE_k$ হলে, $x = \frac{nh}{n+1}$ |এখানে, h = মোট উচ্চতা, x = কত উচ্চতায় n গুণ



22. একটি ঘূর্ণায়মান বস্তুর ভর 2 kg। ঘূর্ণন অক্ষ হতে এর দূরত্ব 1 m। বস্তুটি 5 rads⁻¹ কৌণিক বেগে ঘুরলে গতিশক্তি কত হবে?
 (a) 25 J (b) 12.5 J (c) 50 J (d) 100 J [JU'21-22] [Ans: a]
 সমাধান: $E_k = \frac{1}{2} I \omega^2 = \frac{1}{2} m r^2 \omega^2 = \frac{1}{2} \times 2 \times 1^2 \times 5^2 = 25$ J
23. 50 N ওজনের একটি বস্তুকে 6 m উচ্চতায় উঠানোর জন্যে একটি লিফট ব্যবহার করা হলো। এটি 70 J শক্তি ব্যয় করে। অপচয়কৃত শক্তির পরিমাণ কত?
 (a) 230 J (b) 200 J (c) 300 J (d) 100 J [JU'21-22] [Ans: a]
 সমাধান: $E_i = mgh = F \cdot h = 300$ J; $E_o = 70$ J $\therefore E_{loss} = 300 - 70 = 230$ J
24. একটি m ভরের বস্তু ঘর্ষণবিহীন একটি তলে v বেগে চলার সময় একটি স্প্রিং-এর সাথে ধাক্কা লেগে স্প্রিংটিকে সংকুচিত করল। স্প্রিংটির বল-ধ্রুবক k হলে স্প্রিংটি কতটুকু সংকুচিত হবে?
 (a) $\sqrt{\frac{m}{k}} v$ (b) $\sqrt{\frac{k}{m}} v$ (c) \sqrt{kv} (d) \sqrt{mv} [DU'20-21] [Ans: a]
 সমাধান: বস্তুর ব্যয়িত গতিশক্তি = স্প্রিং এর সংকোচনে সঞ্চিত বিভবশক্তি = $\frac{1}{2} m v^2 = \frac{1}{2} k x^2 \Rightarrow x = v \sqrt{\frac{m}{k}}$
25. একটি রাইফেলের গুলি একটি তক্তাকে ভেদ করে। বুলেটের গতি যদি তিনগুণ করা হয়, তবে বুলেটটি কয়টি তক্তা ভেদ করতে পারবে?
 (a) 3 (b) 12 (c) 8 (d) 9 [Agri'20-21; JnU'17-18; DU'13-14; CU'10-11; KU'09-10, 05-06] [Ans: d]
 সমাধান: $\frac{F x_2}{F x_1} = \frac{\frac{1}{2} m v_2^2}{\frac{1}{2} m v_1^2} \Rightarrow \frac{x_2}{x_1} = \left(\frac{v_2}{v_1}\right)^2 = 3^2 \therefore x_2 = 9x_1 \therefore$ অনুরূপ 9 টি তক্তা ভেদ করবে।
 Shortcut: $v = \sqrt{n} \therefore \frac{n_2}{n_1} = \left(\frac{v_2}{v_1}\right)^2 \Rightarrow n_2 = \left(\frac{3v_1}{v_1}\right)^2 \times n_1 \therefore n_2 = 9n_1$
26. 20 kg ভরের একটি কণার বেগ $(4\hat{i} + 5\hat{j} + 6\hat{k})$ ms⁻¹ হলে এর গতিশক্তি কত হবে?
 (a) 300 J (b) 600 J (c) 770 J (d) 1440 J [RU'20-21, 18-19] [Ans: c]
 সমাধান: $v = \sqrt{4^2 + 5^2 + 6^2} = \sqrt{77} \therefore E_k = \frac{1}{2} \times 20 \times (\sqrt{77})^2 = 770$ J
27. 10 cm পুরু একটি লক্ষ্যস্থলে একটি গুলি ছোড়া হলো। গুলিটি 4 cm ভেদ করার পর এর বেগ দুই-তৃতীয়াংশ হ্রাস পেলে উহা আর কত cm ভেদ করতে পারবে?
 (a) 0.8 (b) 0.9 (c) 0.6 (d) 0.5 (e) 0.4 [SUST'19-20] [Ans: d]
 সমাধান: অবশিষ্ট বেগ আদিবেগের $1 - \frac{2}{3} = \frac{1}{3} = \frac{1}{n}$ অংশ
 \therefore আরও ভেদ করতে পারবে = $\frac{s}{n^2 - 1} = \frac{4}{3^2 - 1} = \frac{4}{8} \text{ cm} = 0.5 \text{ cm}$
28. 200 gm ভরের একটি বস্তুর বেগ $\vec{v} = 2\hat{i} + 5\hat{j}$ হলে এর গতিশক্তি হবে-
 (a) 3J (b) 2.9J (c) 3.74J (d) 6J [JU'19-20] [Ans: b]
 সমাধান: $E_k = \frac{1}{2} m v^2 = \frac{1}{2} \times 0.2 \times (\sqrt{29})^2 = \frac{2}{2 \times 10} \times 29 = 2.9$ J [$v = \sqrt{2^2 + 5^2} = \sqrt{29}$]
29. m ভরের একটি বস্তু স্থিরাবস্থা থেকে সমত্বরণে চলছে। t সময় পর তার বেগ v হলে T সময় পরে কৃতকাজ কত হবে?
 (a) $\frac{mvT}{t}$ (b) $\frac{1}{2} \frac{mv^2}{t}$ (c) $\frac{1}{2} \frac{mv^2 T^2}{t^2}$ (d) $2^{-1} \frac{mv^2 T}{t^2}$ [JU'19-20] [Ans: c]
 সমাধান: $v = 0 + at \therefore a = \frac{v}{t} \therefore T$ সময় পর বেগ = $0 + \frac{v}{t} \times T \therefore$ কাজ = $\frac{1}{2} m \times \frac{v^2 T^2}{t^2}$
30. একটি গুলির বেগ দ্বিগুণ করা হলে এর গতিশক্তি কত গুণ হবে?
 (a) 0.5 (b) 2 (c) 3 (d) 4 [CU'23-24, 17-18; KU'19-20] [Ans: d]
 সমাধান: প্রারম্ভিক গতিশক্তি, $E_{k_1} = \frac{1}{2} m v^2$
 বেগ 2 গুণ হলে গতিশক্তি, $E_{k_2} = \frac{1}{2} m (2v)^2 = \frac{1}{2} m \times 4v^2 = 4E_{k_1} \therefore$ গতিশক্তি 4 গুণ হবে।
31. স্থির অবস্থা থেকে 40 kg ভরবিশিষ্ট কোনো বস্তু নির্দিষ্ট বলের ক্রিয়ার ফলে 2 s পর 15 ms⁻¹ বেগ প্রাপ্ত হলো। 4 s পর বস্তুর গতিশক্তি কত হবে?
 (a) 6000 J (b) 12000 J (c) 18000 J (d) 0 J [RU'17-18] [Ans: c]
 সমাধান: $v = v_0 + at \Rightarrow 15 = 0 + 2a \therefore a = 7.5 \text{ ms}^{-2}$
 $v = v_0 + at = 0 + 7.5 \times 4 = 30 \text{ ms}^{-1}; E_k = \frac{1}{2} m v^2 = \frac{1}{2} \times 40 \times 30^2 = 18000$ J

32. 60 kg ভরের জনৈক ব্যক্তি 20 min এ 180 m উচ্চতার চূড়ায় আরোহণ করেন। তার বিভবশক্তি কত জুল? [KU'17-18]
 (a) 9.58×10^4 (b) 10.58×10^4 (c) 12.58×10^4 (d) 15.58×10^4 [Ans: b]

সমাধান: $E_p = mgh = (60 \times 9.8 \times 180) \text{ J} = 10.58 \times 10^4 \text{ J}$


33. 30m উচ্চতা থেকে একটি বস্তুকে বিনা বাধায় পড়তে দিলে কোন উচ্চতায় বস্তুটির গতিশক্তি বিভবশক্তির দ্বিগুণ হবে? [DU'16-17] [Ans: a]
 (a) 10 m (b) 15 m (c) 25 m (d) 28 m

সমাধান: x উচ্চতায় $E_k = 2E_p$ হলে $E_k = mgh - mgx$, $E_p = mgx \therefore mgh - mgx = 2mgx \Rightarrow x = \frac{h}{3} = \frac{30}{3} = 10 \text{ m}$

Shortcut: $E_k = nE_p$ হলে, $x = \frac{h}{n+1} = \frac{30}{2+1} = 10 \text{ m}$

34. যদি 60 kg ওজনের একটি লোক 4 m দৈর্ঘ্যের একটি দোলনায় বসে 3 m বিস্তারে দুলতে থাকে, তাহলে লোকটির সর্বোচ্চ গতিশক্তি কত হবে? [DU'16-17]
 (a) 660 J (b) 680 J (c) 700 J (d) 720 J

সমাধান: (সঠিক উত্তর নেই);



সর্বোচ্চ গতিশক্তি = সর্বোচ্চ বিভবশক্তি = $mgh = 60 \times 9.8 \times (4 - \sqrt{4^2 - 3^2}) = 796.2982 \text{ J}$


35. 50 kg ভরের একটি বোমা ভূপৃষ্ঠ থেকে 1 km উঁচুতে অবস্থিত একটি বিমান থেকে ফেলে দেয়া হলো। ভূমি স্পর্শ করার পূর্ব মুহূর্তে এর গতিশক্তি কত? [JU'16-17, 11-12] [Ans: a]
 (a) $49 \times 10^4 \text{ J}$ (b) $49 \times 10^5 \text{ J}$ (c) $49 \times 10^6 \text{ J}$ (d) $49 \times 10^7 \text{ J}$

সমাধান: $E_k = \frac{1}{2}mv^2 = mgh = 50 \times 9.8 \times 1000 = 50 \times 10 \times \frac{98}{10} \times 1000 = 490 \times 10^3 = 49 \times 10^4 \text{ J}$

36. 100 kg ভরের একটি বস্তুর ভরবেগ 200 kg ms^{-1} হলে এর গতিশক্তি কত? [DU'08-09] [Ans: c]
 (a) 400 J (b) 300 J (c) 200 J (d) 100 J

সমাধান: $E_k = \frac{1}{2} \frac{p^2}{m} = \frac{1}{2} \cdot \frac{(200)^2}{100} = 200 \text{ J}$

37. চিত্রে দেখানো পথ দিয়ে একটি 4.0N ওজনের পাথরকে পৃথিবীর অভিকর্ষীয় ক্ষেত্রে P বিন্দু থেকে R বিন্দুতে স্থানান্তরিত করা হল। পাথরটির স্থিতিশক্তি কত বৃদ্ধি পেল? [DU'13-14] [Ans: a]



- (a) 120 J (b) 200 J (c) 280 J (d) 1200 J

সমাধান: কেবল PQ অংশে বিভবশক্তি পরিবর্তিত হবে যেহেতু এতে বস্তুকে ভূ-পৃষ্ঠ থেকে উচ্চতর স্থানে নেওয়া হয়েছে। কিন্তু ভূ-পৃষ্ঠে পৃষ্ঠের সমান্তরাল ভাবে স্থানান্তরের জন্য QR অংশে বিভবশক্তি পরিবর্তন হবে না।
 \therefore স্থিতিশক্তির বৃদ্ধি = $Fh = 4 \times 30 = 120 \text{ J}$

38. একটি বন্দুকের গুলি কোনো দেয়ালের মধ্যে 1 m প্রবেশ করার পর অর্ধেক বেগ হারায়। গুলিটি দেয়ালের মধ্যে আর কত দূর প্রবেশ করবে? [RU'15-16] [Ans: a]
 (a) $\frac{1}{3} \text{ m}$ (b) $\frac{2}{3} \text{ m}$ (c) $\frac{1}{4} \text{ m}$ (d) $\frac{1}{8} \text{ m}$

সমাধান: অবশিষ্ট বেগ = $1 - \frac{1}{2} = \frac{1}{2} = \frac{1}{n}$ হলে $x = \frac{s}{n^2 - 1} = \frac{1}{2^2 - 1} = \frac{1}{4 - 1} = \frac{1}{3} \text{ m}$

39. 1 m উঁচু টেবিলের উপর অবস্থিত 100 g ভরের একটি বইকে 30 cm দূরে সরানো হল। বইটির স্থৈতিক শক্তির পরিবর্তন কত? [RU'13-14] [Ans: c]
 (a) $9.8 \times 10^5 \text{ erg}$ (b) $2.94 \times 10^4 \text{ erg}$
 (c) 0 erg (d) $3 \times 10^4 \text{ erg}$

সমাধান: বস্তুটি সরণের দিকে কোন ত্বরণ নেই, তাই $a = 0 \therefore$ স্থৈতিক শক্তির পরিবর্তন = $\min = 0 \text{ erg}$.

40. 5 kg ভরের একটি বলকে উপর থেকে ছেড়ে দেওয়া হল। মাটিতে স্পর্শ করার মুহূর্তে তার গতিশক্তি 980 J হলে, বলটি কত উচ্চতা থেকে ছাড়া হয়েছিল? [RU'13-14] [Ans: a]

(a) 20 m (b) 2 m (c) 20 km (d) 2 cm

সমাধান: আমরা জানি, $mgh = 980 \Rightarrow h = \frac{980}{mg} = \frac{980}{5 \times 9.8} = 20 \therefore h = 20 \text{ m.}$

Written

01. দেখাও যে, অভিকর্ষের টানে মুক্তভাবে পড়ন্ত m ভরের একটি বস্তুর n-তম সেকেন্ডে হারানো স্থিতিশক্তি $\frac{1}{2} mg^2(2n-1)$ এর সমান। [DU'23-24]

সমাধান: n তম সেকেন্ডে হারানো বিভবশক্তি, $E_p = n$ তম সেকেন্ডে অর্জিত গতিশক্তি,

$$E_k = E_{k_n} - E_{k_{n-1}} = \frac{1}{2} m (v_n^2 - v_{n-1}^2) = \frac{1}{2} m (2gh_n - 2gh_{n-1}) = \frac{1}{2} m (2g \times \frac{1}{2} gn^2) - \frac{1}{2} m \{2g \times \frac{1}{2} g(n-1)^2\}$$

$$= \frac{1}{2} m(g^2 n^2) - \frac{1}{2} m\{g^2(n-1)^2\} = \frac{1}{2} mg^2\{n^2 - (n-1)^2\} = \frac{1}{2} mg^2(2n-1) \text{ (Showed)}$$

02. একটি রাইফেলের গুলি একটি তক্তা ভেদ করে। যদি গুলির বেগ দ্বিগুণ করা হয় তা হলে একই পুরুত্বের কতটি তক্তা ভেদ করবে? [RU'19-20]

সমাধান: $k = \frac{1}{2} mv^2 \dots \dots \dots (i)$

এখানে, k = একটি তক্তা ভেদ করার জন্য প্রয়োজনীয় গতিশক্তি $\therefore k' = \frac{1}{2} \times m \times (2v)^2 = 4 \times \frac{1}{2} mv^2 = 4k$

$\therefore k' = 4k \therefore$ বেগ দ্বিগুণ করা হলে একই পুরুত্বের 4 টি তক্তা ভেদ করতে পারবে।

বিকল্প: $\frac{n_2}{n_1} = \left(\frac{v_2}{v_1}\right)^2 \Rightarrow n_2 = \left(\frac{2v_1}{v_1}\right)^2 n_1 \therefore n_2 = 4n_1$

03. 2 kg ভরের একটি বস্তু 500 m উপরে অবস্থিত একটি বিমান থেকে ফেলে দেওয়া হলো। ভূমি স্পর্শ করার পূর্ব মুহূর্তে এর গতিশক্তি কত? [RU'19-20]

সমাধান: $E_k = E_p = mgh = (2 \times 9.8 \times 500) \text{ J} = 9800 \text{ J} \text{ (Ans.)}$

04. কাজ-শক্তি উপপাদ্য (Work-energy theorem) বিবৃত ও ব্যাখ্যা করো। [JnU'18-19]

সমাধান: কোন বস্তুর উপরে ক্রিয়ারত লব্ধি বলের কৃতকাজ বস্তুর গতিশক্তির পার্থক্যের সমান।

কৃতকাজ, আদি গতিশক্তি, চূড়ান্ত গতিশক্তি এবং গতিশক্তির পার্থক্যকে যথাক্রমে W, K_1, K_2 এবং ΔK দ্বারা সূচিত করলে

কাজ-শক্তি উপপাদ্য অনুযায়ী লেখা যায়, $W = K_2 - K_1 \Rightarrow W = \Delta K$

অর্থাৎ, বস্তুর উপর কাজ W সম্পাদিত হলে বস্তুর গতিশক্তি যদি K_1 হতে K_2 তে পরিবর্তিত হয় তবে সম্পাদিত কাজ W গতিশক্তির পরিবর্তন, $K_2 - K_1 = \Delta K$ এর সমান হবে।

Type-04: ক্ষমতা ও কর্মদক্ষতা

Formula & Concept:

ক্ষমতা $P = \frac{\text{কৃতকাজ}}{\text{সময়}} = \frac{W}{t}$

কোনো বস্তুকে \vec{v} সমবেগে গতিশীল রাখতে যদি \vec{F} বল প্রয়োগ করা হয় তাহলে ক্ষমতা, $P = \vec{F} \cdot \vec{v}$
[এখানে, F হলে যে বলটি সমবেগ বা গড়বেগ বজায় রাখে]

1 অশ্বক্ষমতা (HP) = 746 Watt

কর্মদক্ষতা, $\eta = \frac{P_{out}}{P_{in}}$

MCQ

01. প্রতি সেকেন্ডে 10 লি. পানি 10 m উপরে তোলার জন্য কত ক্ষমতার পাম্প প্রয়োজন হবে? [GST'23-24] [Ans: c]
- (a) 980 J (b) 998 J (c) 980 W (d) 998 W

সমাধান: $P = \frac{mgh}{t} = \frac{10 \times 9.8 \times 10}{1} = 980 \text{ W}$

[JU'23-24] [Ans: c]

02. নিচের কোনটি ক্ষমতার মাত্রা সমীকরণ?

(a) $M^1L^2T^{-2}$

(b) $M^1L^1T^{-1}$

(c) $M^1L^2T^{-3}$

(d) $M^1L^2T^0$

সমাধান: $[P] = \frac{[W]}{[t]} = \frac{[ML^2T^{-2}]}{[T]} = [ML^2T^{-3}]$

03. একটি চলন্ত নৌকায় 200 N বল প্রয়োগ করলে নৌকাটি 300 ms^{-1} বেগ অর্জন করে। নৌকাটির দ্বারা একক সময়ে কৃতকাজের পরিমাণ কত? [JU'23-24] [Ans: a]

(a) $6 \times 10^4 \text{ Js}^{-1}$

(b) $6 \times 10^{-4} \text{ Js}^{-1}$

(c) $6 \times 10^2 \text{ Js}^{-1}$

(d) $6 \times 10^3 \text{ Js}^{-1}$

সমাধান: $P = Fv = 200 \times 300 = 6 \times 10^4 \text{ Js}^{-1}$

04. 50 m গভীর একটি কুয়া থেকে ইঞ্জিনের সাহায্যে 9.8 s এ 1000 kg পানি উঠানো হয়। ইঞ্জিনটির দক্ষতা 80% হলে, এর ক্ষমতা কত kW? [Agri'22-23] [Ans: c]

(a) 20.5

(b) 50.0

(c) 62.5

(d) 78.5

সমাধান: $P_{in} = \frac{mgh}{\eta t} \Rightarrow P_{in} = \frac{1000 \times 9.8 \times 50}{0.8 \times 9.8} = 62.5 \text{ kW}$

05. একটি পাম্প প্রতি মিনিটে ওয়াটার ট্যাংক হতে 650 গ্যালন পানি 40 ft উচ্চতায় তুলতে পারে। পাম্পের ক্ষমতা 80% কার্যকর হলে, এর ক্ষমতা কত HP? [RU'22-23] [Ans: c]

(a) 9.848

(b) 8.948

(c) 7.748

(d) 10.548

সমাধান: সময় $t = 60 \text{ sec}$; পানির ভর, $m = 650 \text{ Gallon} = 2463.5 \text{ kg}$; উচ্চতা, $h = 40 \text{ ft} = 12.192 \text{ m}$

লভ্য ক্ষমতা, $P_1 = \frac{mgh}{t \times 746} \text{ HP} = \frac{2463.5 \times 9.8 \times 12.192}{60 \times 746}$

$\eta = 80\%$ হলে, $\frac{P_1}{P} = 0.8 \Rightarrow P = \frac{2463.5 \times 12.192 \times 9.8}{0.8 \times 60 \times 746} = 8.22$

06. একটি পানিপূর্ণ কুয়ার গভীরতা এবং ব্যাস যথাক্রমে 10 m ও 4 m। একটি পাম্প 20 মিনিটে কুয়াটিকে পানিশূন্য করতে পারে। পাম্পের অক্ষক্ষমতা কত? [RU'22-23] [Ans: a]

(a) 6.87

(b) 7.68

(c) 8.67

(d) 8.76

সমাধান: পানি আছে, $V = \pi r^2 h = 3 \times \left(\frac{4}{2}\right)^2 \times 10 = 3 \times 4 \times 10 = 120 \text{ m}^3$

পানির ভর, $m = \rho V = 120 \times 1000 \text{ kg} = 120000 \text{ kg} \therefore$ ক্ষমতা, $P = \frac{mgh'}{t} = \frac{120000 \times 10 \times \frac{10}{2}}{20 \times 60 \times 750} = \frac{20}{3} = 6.67 \approx 6.87 \text{ hp}$

[লক্ষণীয়, রাবিতে ক্যালকুলেটর নেই তাই হাতে হাতে হিসেবের সুবিধার্থে কাছাকাছি মান নিয়ে হিসেব করতে হবে এবং তারপর সবচেয়ে কাছের অপশন বাছাই করতে হবে।]

07. ক্ষমতার একক কোনটি?

(a) জুল

(b) ওয়াট

(c) জুল-সেকেন্ড

(d) আর্গ

[JU'22-23] [Ans: b]

সমাধান: $P = \frac{W}{t}$; এখানে W এর একক J ; t এর একক $s \therefore$ ক্ষমতার একক Js^{-1} বা W

08. একটি মোটর একটি 120 m গভীর কূপ থেকে 5 মিনিটে 400 kg পানি উত্তোলন করতে পারে। মোটরটির ক্ষমতা কত? [Agri'21-22] [Ans: d]

(a) 3 hp

(b) 2.8 hp

(c) 2.5 hp

(d) 2.1 hp

সমাধান: ক্ষমতা, $P = \frac{mgh}{t} = \frac{400 \times 9.8 \times 120}{5 \times 60} = 1568 \text{ W} = \frac{1568}{746} \text{ hp} = 2.1 \text{ hp}$

09. একটি দালানের ছাদের সাথে লাগানো 10 m লম্বা একটি মই ভূমির সাথে 30° কোণে আনত আছে। 68 kg ভরের এক ব্যক্তি 12 kg ভরের জিনিসসহ 19.6 s এ মই বেয়ে ছাদে উঠে। ঐ ব্যক্তি কত ওয়াট (W) ক্ষমতা প্রয়োগ করেছে? [GST'20-21] [Ans: a]

(a) 200

(b) 300

(c) 400

(d) 600

সমাধান: মোট ভর, $m = (68 + 12) \text{ kg} = 80 \text{ kg}$; $P = \frac{mgl \sin \theta}{t} = \frac{(68+12) \times 9.8 \times 10 \times \sin 30^\circ}{19.6} \text{ W} \therefore P = 200 \text{ W}$

10. একটি মোটরের ক্ষমতা 16 watt হলে 4 মিনিটে এর দ্বারা কৃতকাজের পরিমাণ কত? [CU'20-21] [Ans: b]

(a) 64 J

(b) 3840 J

(c) 240 J

(d) 960 J

সমাধান: $W = Pt = 16 \times 4 \times 60 = 3840 \text{ J}$

11. 100 kg ভরের একটি বস্তুকে ক্রেনের সাহায্যে 10 cms^{-1} বেগে ছাদের উপর উঠালে ক্রেনের ক্ষমতা কত watt? [KU'19-20] [Ans: c]

(a) 0.98

(b) 10

(c) 98

(d) 9800

সমাধান: $P = Fv$; এখানে, $F = mg = 100 \times 9.8 = 980 \text{ N} \therefore P = (980 \times 10 \times 10^{-2}) \text{ W} = 98 \text{ W}$

12. একটি পানিপূর্ণ কুয়ার গভীরতা 12 m এবং ব্যাস 1.8 m। একটি পাম্প 24 মিনিটে কুয়াটিকে পানিশূন্য করতে পারে। পানির ঘনত্ব 1000kgm^{-3} হলে পাম্পটির ক্ষমতা কত? [DU'16-17] [Ans: a]

- (a) 1.67 H. P (b) 3.34 H. P (c) 6.68 H. P (d) 26.72 H. P

সমাধান: $P = \frac{mgh}{t} = \frac{\rho \times \pi r^2 l \times g \times \frac{l}{2}}{t} = \frac{1000 \times 3.1416 \times (0.9)^2 \times 12 \times 9.8 \times \frac{12}{2}}{24 \times 60 \times 746} = 1.67 \text{ H. P}$

13. 60 কেজি ভরের এক লোক 30 মিনিটে 600 m উঁচুতে উঠতে পারে। তার কাজ করার ক্ষমতা কত? [JU'18-19; KU'16-17]

(a) 196 W (b) 392 W (c) 588 W (d) 98 W [Ans: a]

সমাধান: $P = \frac{mgh}{t} = \frac{600 \times 600 \times 9.8}{30 \times 60} \text{ W} = 196 \text{ W}$

14. 746W ক্ষমতার একটি পাম্প প্রতি মিনিটে কী পরিমাণ পানি 10 m উচ্চতার উপরে উঠাতে পারবে? [JU'16-17] [Ans: b]

(a) 465.7 kg (b) 456.7 kg (c) 475.7 kg (d) 485.7 kg

সমাধান: $P = \frac{mgh}{t} \Rightarrow 746 = \frac{m \times 9.8 \times 10}{60} \therefore m = 456.7 \text{ kg}$

15. প্রতি ঘণ্টায় 5000 gallon পানি 36 ft উপরে তুলতে সর্বনিম্ন কত অশ্বক্ষমতার ইঞ্জিন লাগবে? [RU'15-16] [Ans: d]

(a) 0.5 (b) 1 (c) 1.5 (d) কোনোটিই নয়

সমাধান: 1 Gallon = 3.79 kg; 1 ft = 12 inch = $\frac{12}{39.37} \text{ m} = 0.3048 \text{ m}$

\therefore প্রয়োজনীয় অশ্বক্ষমতা = $\frac{mgh}{t} \times \frac{1}{746} = \frac{5000 \times 3.79 \times 9.8 \times 36 \times 0.3048}{3600 \times 746} = 0.759 \text{ hp}$

16. 1 অশ্বক্ষমতা = ? [RU'17-18; CU'13-14; JU'10-11, 09-10; KU'02-03] [Ans: a]

- (a) 746 Watt (b) 467 Watt (c) 764 Watt (d) 647 Watt

Type-05: ভরকেন্দ্রের সরণ


Formula & Concept:

ইটের ক্ষেত্রে অনুভূমিকভাবে থাকা কোনো ইটকে উল্লম্বভাবে রাখতে কৃতকাজ,

$W = mg \times$ ভরকেন্দ্রের সরণ

$\therefore W = mg \left(\frac{d}{2} - \frac{x}{2} \right)$

\therefore ভরকেন্দ্রের সরণ, $h = \frac{d}{2} - \frac{x}{2}$



n- সংখ্যক ইটকে (যাদের প্রত্যেকের উচ্চতা h) একটির উপর আরেকটি রেখে স্তম্ভ তৈরি করতে কৃতকাজ,

$W = mgh \frac{n(n-1)}{2}$ [ইটগুলোর প্রতিটির ভর m]

কুয়া বা ট্যাঙ্কের ক্ষেত্রে ভরকেন্দ্রের সরণ, $h =$ খালি অংশ + $\frac{\text{যতটুকু অংশ খালি করতে হবে}}{2}$ [খালি অংশ = যে অংশে পানি নাই]

MCQ

01. একটি ইটের দৈর্ঘ্য 0.24 m, প্রস্থ 0.12 m ও উচ্চতা 0.06 m এবং ভর 2kg। ইটের দৈর্ঘ্যকে অনুভূমিক অবস্থানে রাখতে কী পরিমাণ কাজ করতে হবে? [KU'13-14] [Ans: c]

- (a) 1.564 J (b) 1.664 J (c) 1.764 J (d) 1.864 J

সমাধান: বস্তুটির ভরকেন্দ্রের সরণ = $\frac{1}{2}(d - x) = \frac{1}{2} \times (0.24 - 0.06) \text{ m} = 0.09 \text{ m}$

কৃতকাজ = $mgh = (2 \times 9.8 \times 0.09) \text{ J} = 1.764 \text{ J}$

জীবনে সফল হতে চাইলে দু'টি জিনিস প্রয়োজন: জেদ আর আত্মবিশ্বাস।

- Mark Twain

অধ্যায় ০৬

মহাকর্ষ ও অভিকর্ষ

➤ ভার্সিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	বিষয়বস্তু	যতবার এসেছে		যেসব ভর্তি পরীক্ষায় প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
☆☆	T-01	কেপলারের সূত্র	4	2	DU'18-19; RU'22-23, 11-12	RU'19-20, JnU'18-19
☆☆	T-02	মহাকর্ষ বল ও নিউটনের মহাকর্ষ সূত্র	9	1	DU'15-16, 13-14; JU'19-20; JnU'14-15; CU'23-24, 22-23,	RU'19-20
☆☆☆	T-03	অভিকর্ষ বল ও অভিকর্ষজ ত্বরণ	28	-	DU'23-24, 20-21; GST'22-23, 20-21; Agri'22-23; BAU'18-19; RU'23-24, 22-23, 21-22, 20-21, 19-20; JU'23-24, 22-23, 18- 19, 16-17, 15-16, 14-15; CU'23-24, 21-22, 20-21, 18-19, 15-16, 13-14; KU'17-18	-
☆	T-04	মহাকর্ষীয় প্রাবল্য ও বিভব	4	-	DU'14-15; JU'19-20, 18-19; CU'20-21	-
☆☆☆	T-05	মুক্তিবেগ	14	-	DU'23-24, 15-16; Agri'22-23; RU'23-24, 16-17; JU'22-23, 19-20, 17-18, 15-16; CU'18-19, 16-17, 13-14; KU'18-19	-
☆☆☆	T-06	কৃত্রিম উপগ্রহ	15	1	DU'22-23, 16-17; GST'23-24; RU'22-23, 21-22, 19-20, 16-17; JU'22-23, 18-19, 16-17; CU'17-18, 16-17; KU'19-20; BAU'18-19, 12-13; SAU'14-15	JnU'18-19
☆	T-07	বিবিধ	2	-	CU'15-16; KU'12-13	-

Type-01: কেপলারের সূত্র

Formula & Concept:

- (i) উপবৃত্ত/কক্ষের সূত্র: সূর্যকে একটি ফোকাসে রেখে গ্রহগুলো উপবৃত্তাকার পথে ঘুরছে।
(ii) ক্ষেত্রফল সূত্র: গ্রহগুলোর সাথে ফোকাসের সংযোগকারী সরলরেখা সমান সময়ে সমান ক্ষেত্রফল অতিক্রম করে।
(iii) আবর্তনকালের/সময়ের সূত্র: $T^2 \propto r^3$ [এখানে, T = পর্যায়কাল; r = সূর্য ও গ্রহের গড় দূরত্ব]

MCQ

01. গ্রহ এবং সূর্যের সংযোগ সরলরেখা সমান সময়ে সমান ক্ষেত্রফল অতিক্রম করে। এটি কোন সূত্র? [RU'22-23] [Ans: b]
(a) নিউটনের সূত্র (b) কেপলারের দ্বিতীয় সূত্র (c) গাউসের সূত্র (d) ম্যাক্সওয়েলের সূত্র
02. সূর্য থেকে পৃথিবীর দূরত্ব যদি বর্তমান দূরত্বের অর্ধেক হয়, তাহলে এক বছরে কত দিন হবে? [RU'22-23] [Ans: b]
(a) 175 দিন (b) 129 দিন (c) 188 দিন (d) 187 দিন
- সমাধান: বর্তমান দূরত্ব a_1 অর্ধেক হলে দূরত্ব, $a_2 = \frac{1}{2}a_1$
বর্তমান পর্যায়কাল, $T_1 = 365$ day; দূরত্ব অর্ধেক হলে পর্যায়কাল = T_2
এখন, $\left(\frac{T_2}{T_1}\right)^2 = \left(\frac{a_2}{a_1}\right)^3 \Rightarrow T_2^2 = \left(\frac{1}{2}\frac{a_1}{a_1}\right)^3 \times T_1^2 \Rightarrow T_2^2 = \frac{1}{8} \times (365)^2 \Rightarrow T_2 = \sqrt{\frac{(365)^2}{8}} \therefore T_2 = 129$ দিন
03. গ্রহের গতির ক্ষেত্রে, "একটি নক্ষত্র থেকে গ্রহকে সংযোগকারী সরলরেখা সমান সময়ে সমান ক্ষেত্রফল অতিক্রম করে" – এটি কোন নীতির সরাসরি ফলাফল? [DU'18-19] [Ans: c]
(a) শক্তির সংরক্ষণ নীতি (b) ভরবেগের সংরক্ষণ নীতি
(c) কৌণিক ভরবেগের সংরক্ষণ নীতি (d) ভরের সংরক্ষণ নীতি
04. সূর্যের চারদিকে শুক্র ও পৃথিবীর কক্ষপথের ব্যাসার্ধের অনুপাত 54:75। পৃথিবীতে 365 দিনে এক বৎসর হলে শুক্রতে কত দিনে এক বৎসর হবে? [RU'11-12] [Ans: b]
(a) 323 (b) 223 (c) 333 (d) 233
- সমাধান: $\frac{T_1^2}{T_2^2} = \frac{R_1^3}{R_2^3} \Rightarrow \left(\frac{T_1}{T_2}\right)^2 = \left(\frac{54}{75}\right)^3 \Rightarrow T_1 = 0.61094 \times T_2 = 0.61094 \times 365 = 223$

Written

01. কেপলারের প্রথম ও তৃতীয় সূত্র দুটি লিখ। [RU'19-20]
সমাধান: প্রথম সূত্র: প্রতিটি গ্রহ সূর্যকে উপবৃত্তের ফোকাসে রেখে একটি উপবৃত্তাকার পথে প্রদক্ষিণ করে।
তৃতীয় সূত্র: প্রতিটি গ্রহের পর্যায়কাল এর বর্গ সূর্য হতে তার গড় দূরত্বের ঘনফলের সমানুপাতিক।
02. মহাকর্ষীয় ভরের (Gravitational mass) সংজ্ঞা দাও। গ্রহের গতি (Speed of planet) সংক্রান্ত কেপলারের সূত্রসমূহ বিবৃত করো। [JnU'18-19]
সমাধান: মহাকর্ষীয় ভর: কোন বস্তু যতটুকু পদার্থ নিয়ে গঠিত তার মোট পরিমাণকে মহাকর্ষীয় ভর বলে।
কেপলারের সূত্র: (প্রথম সূত্র) সূর্যকে একটি ফোকাসে রেখে প্রত্যেকটি গ্রহ উপবৃত্তাকার পথে ঘুরছে।
দ্বিতীয় সূত্র: প্রত্যেকটি গ্রহ এমনভাবে ঘুরছে যে, সূর্য ও গ্রহের কেন্দ্রের সংযোজক কাল্পনিক রেখা সমান সময়ে সমান ক্ষেত্রফল অতিক্রম করে।
তৃতীয় সূত্র: প্রতিটি গ্রহের আবর্তনকালের বর্গ সূর্য থেকে তাদের গড় দূরত্বের ঘনফলের সমানুপাতিক। বিজ্ঞানী নিউটন দেখিয়েছেন যে, তার গতিসূত্র ও মহাকর্ষ সূত্র ব্যবহার করে কেপলারের সূত্র প্রমাণ করা যায়।

Type-02: মহাকর্ষ বল ও নিউটনের মহাকর্ষ সূত্র

Formula & Concept:

- মহাবিশ্বে অবস্থিত দুটি বস্তুর মধ্যকার পারস্পরিক আকর্ষণ বলকে মহাকর্ষ বল বলে।
➤ নিউটনের মহাকর্ষ সূত্র: m_1 ও m_2 ভরের দুটি বস্তুর দূরত্ব d হলে আকর্ষণ বল, $F = G \frac{m_1 m_2}{d^2} \Rightarrow G = \frac{Fd^2}{m_1 m_2}$; G হলো সার্বজনীন মহাকর্ষীয় ধ্রুবক, একক $m^3 kg^{-1} s^{-2}$ অথবা, $Nm^2 kg^{-2}$, $G = 6.673 \times 10^{-11} m^3 kg^{-1} s^{-2}$
[এখানে, প্রত্যেকটি বস্তুর উপর ক্রিয়ারত বল সমান]

MCQ

01. পরস্পরকে স্পর্শ করা দুটি অভিন্ন গোলকের (যাদের ভর 100 kg ও ব্যাসার্ধ 5 m) মধ্যে মহাকর্ষ বল প্রায়-[CU'23-24] [Ans: b]
 (a) $6.67 \times 10^{-11} \text{N}$ (b) $6.67 \times 10^{-9} \text{N}$ (c) $6.67 \times 10^{11} \text{N}$ (d) $6.7 \times 10^9 \text{N}$
 সমাধান: $F = G \frac{m_1 m_2}{d^2} = \frac{G \times m^2}{(5+5)^2} = \frac{6.673 \times 10^{-11} \times (100)^2}{100} = 6.673 \times 10^{-9} \text{N}$ [CU'22-23; JU'19-20] [Ans: b]
02. 1 kg ভরের দুটি বস্তু 1 m দূরে স্থাপন করলে এদের মধ্যবর্তী আকর্ষণ বলের মান-
 (a) $6.673 \times 10^{-10} \text{N}$ (b) $6.673 \times 10^{-11} \text{N}$ (c) $6.673 \times 10^{12} \text{N}$ (d) $6.673 \times 10^{-13} \text{N}$
 সমাধান: $F = \frac{G m_1 m_2}{d^2} = \frac{G \times 1 \times 1}{1^2} = G = 6.673 \times 10^{-11} \text{N}$ [CU'22-23] [Ans: b]
03. মহাকর্ষীয় ধ্রুবকের মাত্রা হল-
 (a) ML^3T^{-3} (b) $\text{M}^{-1}\text{L}^3\text{T}^{-2}$ (c) $\text{M}^{-2}\text{L}^3\text{T}^{-1}$ (d) $\text{M}^{-3}\text{L}^{-3}\text{T}$
04. M ভরের বস্তুকে কেটে m ও (M - m) ভরের বস্তুতে রূপান্তরিত করা হলো। $\frac{M}{m}$ কত হলে এদের মধ্যে মহাকর্ষ বল সর্বোচ্চ হবে?
 (a) 2 (b) 4 (c) 3 (d) 5 [JU'19-20] [Ans: a]
 সমাধান: $F = G \frac{m(M-m)}{d^2} \Rightarrow \frac{dF}{dm} = \frac{d}{dm} \left[G \frac{m(M-m)}{d^2} \right] \Rightarrow 0 = \frac{G}{d^2} \cdot \frac{d}{dm} (Mm - m^2) \Rightarrow M - 2m = 0 \therefore \frac{M}{m} = 2$
05. দুইটি কণার মধ্যে মহাকর্ষ বলের মান কেমন পরিবর্তন হবে যদি একটি কণার ভর পূর্বের দ্বিগুণ, অন্য কণার ভর তিনগুণ করা হয় এবং একই সাথে তাদের মাঝের দূরত্ব দ্বিগুণ করা হয়?
 (a) পূর্বের সমান থাকবে (b) পূর্বের তিনগুণ হবে (c) পূর্বের দ্বিগুণ হবে (d) পূর্বের দেড়গুণ হবে [DU'15-16] [Ans: d]
 সমাধান: $F' = \frac{G m_1' m_2'}{(d')^2} = \frac{G \times 2m_1 \times 3m_2}{(2d)^2} = \frac{6}{4} \times \frac{G m_1 m_2}{d^2} = \frac{3}{2} F = 1.5 F$
06. গাছের একটি আপেল পৃথিবীকে f বলে আকর্ষণ করছে। পৃথিবী আপেলকে F বলে আকর্ষণ করছে? সুতরাং- [JnU'14-15] [Ans: b]
 (a) $F \gg f$ (b) $F = f$ (c) $F < f$ (d) $F > f$
07. মহাকর্ষীয় ধ্রুবক (Gravitational constant) 'G' এর SI একক- [JnU14-15] [Ans: b]
 (a) $\text{Nm}^{-2}\text{kg}^{-2}$ (b) $\text{m}^3\text{kg}^{-1}\text{s}^{-2}$ (c) $\text{m}^{-3}\text{kgs}^2$ (d) $\text{Nm}^2\text{kg}^{-1}$
 সমাধান: G এর SI একক = $\text{Nm}^2\text{kg}^{-2} = \text{kgms}^{-2}\text{m}^2\text{kg}^{-2} = \text{m}^3\text{kg}^{-1}\text{s}^{-2}$
08. r দূরত্বে রাখা দুটি ক্ষুদ্র কণার মধ্যে পরস্পর মধ্যাকর্ষীয় আকর্ষণ বল F, কণা দুটির মাঝখানে একটি ভারী লোহার পাত রাখা হলে এখন তাদের মধ্যে পরস্পর আকর্ষণ বল কত? [DU'13-14] [Ans: b]
 (a) 0 (b) F (c) $\frac{F}{2}$ (d) $\frac{F}{4}$
 সমাধান: মাধ্যাকর্ষণ বল মাধ্যমের উপর নির্ভরশীল নয়।


Written

01. নিউটনের মহাকর্ষ সূত্র থেকে মহাকর্ষীয় ধ্রুবকের মাত্রা সমীকরণ ও একক নির্ণয় কর। [RU'19-20]
 সমাধান: আমরা জানি, $F = \frac{G m_1 m_2}{d^2} \Rightarrow [MLT^{-2}] = \frac{[G][M^2]}{[L^2]}$
 $\Rightarrow [G] = \frac{[MLT^{-2}][L^2]}{[M^2]} \therefore [G] = [M^{-1}L^3T^{-2}]$ (Ans.) আবার, $N = \frac{G \times \text{kg}^2}{\text{m}^2} \Rightarrow G = \text{Nm}^2\text{kg}^{-2}$ (Ans.)


Type-03: অভিকর্ষ বল ও অভিকর্ষজ ত্বরণ

- **Formula & Concept:**
- পৃথিবী এবং অন্য একটি বস্তুর মধ্যকার আকর্ষণ বলকে অভিকর্ষ এবং এর ফলে সৃষ্ট ত্বরণকে অভিকর্ষজ ত্বরণ বলে। যেকোনো বস্তুর ওজন, $F = W = mg$ [m = বস্তুর ভর]
- গ্রহের পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ, $g = \frac{GM}{R^2}$; $g = \frac{4}{3} \pi G \rho R$ [M = গ্রহের ভর; R = ব্যাসার্ধ; ρ = গ্রহের ঘনত্ব]
- পৃষ্ঠ থেকে h উচ্চতায়, $g' = \frac{GM}{(R+h)^2}$
- পৃষ্ঠ থেকে d গভীরতায়, $g' = \frac{4}{3} \pi G \rho (R - d)$
- h উচ্চতার জন্য, $g' = g \times \frac{R^2}{(R+h)^2}$


- $h \ll R$ হলে, $g' = g \left(1 - \frac{2h}{R}\right)$
- d গভীরতার জন্য, $g' = g \left(1 - \frac{d}{R}\right)$
- ঘূর্ণন গতির জন্য, $g' = g - \omega^2 R \cos^2 \lambda$; যেখানে $\omega = \frac{2\pi}{T}$; $T = 24$ hour; $\lambda =$ অক্ষাংশ
 - বিষুব অক্ষলে g এর মান সর্বনিম্ন কারণ এই অক্ষলে, $\lambda = 0^\circ \therefore g' = g - \omega^2 R$
 - মেরু অক্ষলে g এর মান সর্বোচ্চ কারণ এই অক্ষলে, $\lambda = 90^\circ \therefore g' = g$
- M ও M' ভরের ও R ও R' ব্যাসার্ধের দুটি আলাদা গ্রহের জন্য, $\frac{g'}{g} = \frac{M'}{M} \times \left(\frac{R}{R'}\right)^2$
- পৃথিবীর পৃষ্ঠে, $g = 9.8 \text{ ms}^{-2} \approx 10 \text{ ms}^{-2}$; যেকোনো গ্রহের কেন্দ্রে, $g = 0$; গ্রহ থেকে অসীম দূরে বা মহাশূন্যে, $g = 0$




চিত্র (i): পৃথিবীর পৃষ্ঠ থেকে উচ্চতার (r) জন্য g এর ভিন্নতা



চিত্র (iii): কেন্দ্র থেকে পৃষ্ঠে গমন করলে g এর ভিন্নতা



চিত্র (ii): পৃষ্ঠ থেকে কেন্দ্রে গমন করলে g এর ভিন্নতা



চিত্র (iv): পৃথিবীর কেন্দ্র থেকে শুরু করে বিভিন্ন দূরত্বে g এর ভিন্নতা

MCQ

01. চাঁদের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের ছয় ভাগের এক ভাগ। চাঁদের ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের এক-চতুর্থাংশ। পৃথিবীর ভর M -এর তুলনায় চাঁদের ভর কত? [DU'23-24] [Ans: d]

(a) $\frac{M}{6}$ (b) $\frac{M}{16}$ (c) $\frac{M}{24}$ (d) $\frac{M}{96}$

সমাধান: $\frac{g_m}{g_e} = \frac{M_m}{M_e} \times \frac{R_e^2}{R_m^2} \Rightarrow \frac{M_m}{M_e} = \frac{g_m}{g_e} \times \left(\frac{R_m}{R_e}\right)^2 = \frac{1}{6} \times \left(\frac{1}{4}\right)^2 = \frac{1}{96} = \frac{M_e}{96}$
02. পৃথিবীকে সংকুচিত করে এর ব্যাসার্ধ অর্ধেক করা হলে, অভিকর্ষজ ত্বরণের মান কত? [RU'23-24] [Ans: c]

(a) 9.8 ms^{-2} (b) 4.9 ms^{-2} (c) 39.2 ms^{-2} (d) 9.6 ms^{-2}

সমাধান: $g' = \frac{GM}{(R')^2} = \frac{GM}{\left(\frac{R}{2}\right)^2} = 4 \times \frac{GM}{R^2} = 4g = 4 \times 9.8 = 39.2 \text{ ms}^{-2}$
03. পৃথিবীতে কোনো বস্তুর ভর মেপে $M \text{ kg}$ পাওয়া গেল। ওই পরীক্ষণ চন্দ্র পৃষ্ঠে করলে বস্তুটির ভর কত kg পাওয়া যাবে? [RU'23-24]

(a) $\frac{M}{6}$ (b) M (c) $6M$ (d) Mg [Ans: b]

সমাধান: ভরের পরিবর্তন হবে না, ওজনের পরিবর্তন হবে। সুতরাং, ভর $M \text{ kg}$ -ই থাকবে।
04. পৃথিবীর পৃষ্ঠ থেকে পৃথিবীর ব্যাসার্ধের $\frac{1}{10}$ অংশের সমান দূরত্ব নিচে অবস্থিত কোনো বস্তুর উপর অভিকর্ষজ ত্বরণ কত? [JU'23-24] [Ans: d]

(a) $\frac{8}{3} \pi G R \rho$ (b) $\frac{4}{3} \pi G R \rho$ (c) $\frac{12}{5} \pi G R \rho$ (d) কোনোটিই নয়

সমাধান: $g' = \frac{4}{3} \pi \rho G (R - d) = \left(R - \frac{R}{10}\right) \times \frac{4}{3} \pi \rho G = \frac{9}{10} \times \frac{4}{3} \pi G R \rho = \frac{6}{5} \pi G R \rho$ [$\because d = \frac{R}{10}$]
05. চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) একটি বস্তুর ওজন 9.81 N এবং চবি-এ অভিকর্ষজ ত্বরণ 981 cms^{-2} হলে, পৃথিবীর কেন্দ্রে বস্তুটির ভর কত? [CU'23-24] [Ans: b]

(a) 0 kg (b) 1 kg (c) 1 g (d) অসীম

সমাধান: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বস্তুটির ভর, $m = \frac{W}{g} = \frac{9.81}{9.81} = 1 \text{ kg}$

যেহেতু, ভরের কোনো পরিবর্তন হয় না সুতরাং, পৃথিবীর কেন্দ্রে বস্তুটির ভর 1 kg -ই থাকবে।



06. একটি গ্রহের ব্যাসার্ধ 6000 km, উহার পৃষ্ঠদেশে g এর মান 10.08 ms^{-2} হলে পৃষ্ঠ থেকে কত km উচ্চতায় g-এর মান 7.00 ms^{-2} হবে? [Agri'22-23] [Ans: c]

(a) 700 (b) 1008 (c) 1200 (d) 9800

$$\text{সমাধান: } \sqrt{\frac{g'}{g}} = \frac{R}{R+h} \Rightarrow \sqrt{\frac{7}{10.08}} = \frac{6000}{6000+h} \Rightarrow 0.833 = \frac{6000}{6000+h} \Rightarrow h = \frac{6000 - 6000 \times 0.833}{0.833}$$

$$\therefore h = 1202.88 \text{ km} \approx 1200 \text{ km}$$

07. ভূ-পৃষ্ঠ থেকে $\frac{R}{2}$ ($R =$ পৃথিবীর ব্যাসার্ধ) উচ্চতায় ও একই গভীরতায় অভিকর্ষজ ত্বরণের অনুপাত- [GST'22-23] [Ans: d]

(a) 1:9 (b) 2:9 (c) 4:9 (d) 8:9

$$\text{সমাধান: } \frac{g_{\text{উচ্চতা}}}{g_{\text{গভীরতা}}} = \frac{\left(\frac{R}{R+\frac{R}{2}}\right)^2 g}{\left(1-\frac{R}{2}\right)g} = \frac{\frac{R^2}{\frac{9}{4}R^2} g}{\left(1-\frac{1}{2}\right)g} = \frac{\frac{4}{9}}{\frac{1}{2}} = \frac{4}{9} \times 2 = \frac{8}{9} = 8:9$$

08. পৃথিবীকে 6400 km ব্যাসার্ধের একটি গোলক ধরলে ভূপৃষ্ঠ থেকে কত km উচ্চতায় অভিকর্ষীয় ত্বরণের মান ভূপৃষ্ঠের অভিকর্ষীয় ত্বরণের মানের $\frac{1}{64}$ অংশ হবে? [RU'22-23] [Ans: b]

(a) 4.48×10^3 (b) 44.8×10^3 (c) 4.48×10^6 (d) 44.8

$$\text{সমাধান: } g' = \frac{1}{64}g \Rightarrow \left(\frac{R}{R+h}\right)^2 g = \frac{1}{64}g \Rightarrow \frac{R+h}{R} = 8 \Rightarrow 1 + \frac{h}{R} = 8$$

$$\Rightarrow \frac{h}{R} = 7 \Rightarrow h = 7 \times 6400 \text{ km} = 44800 \text{ km} = 44.8 \times 10^3 \text{ km}$$

09. পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণের মান কত? [JU'22-23] [Ans: c]

(a) অসীম (b) 9.8 ms^{-2} (c) শূন্য (d) 4.9 ms^{-2}

$$\text{সমাধান: } g = g\left(1 - \frac{h}{R}\right) = g\left(1 - \frac{R}{R}\right) = g(1 - 1) = 0$$

10. যদি পৃথিবীর ব্যাসার্ধ 1% কমানো হয় কিন্তু ভর সমান থাকে, তাহলে ভূপৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণ g এর মান: [JU'22-23] [Ans: c]

(a) 0.5% বৃদ্ধি পাবে (b) 0.5% কমবে (c) 2% বৃদ্ধি পাবে (d) 2% বৃদ্ধি কমবে

$$\text{সমাধান: } g = \frac{GM}{R^2} \therefore G \text{ ও } M \text{ ধ্রুব।} \therefore g \propto \frac{1}{R^2} \therefore \frac{g'}{g} = \frac{R^2}{(R')^2} = \frac{R^2}{(0.99R)^2} = \frac{1}{0.99 \times 0.99} = \frac{100 \times 100}{99 \times 99} = \frac{10000}{9801} = 1.02$$

$$\therefore g' = 1.02g; \Delta g = g' - g = 1.02g - g = 0.02g = 2\%g \therefore g \text{ এর মান } 2\% \text{ বৃদ্ধি পাবে।}$$

11. পৃথিবীর ব্যাসার্ধ R হলে ভূপৃষ্ঠ হতে কত উচ্চতায় g এর মান পৃথিবীর তুলনায় 4 ভাগ হবে? [RU'21-22] [Ans: a]

(a) R (b) 2R (c) $\frac{R}{2}$ (d) 4R

$$\text{সমাধান: } \frac{g'}{g} = \frac{R^2}{(R+h)^2} = \frac{1}{4} \Rightarrow \frac{R}{R+h} = \frac{1}{2} \Rightarrow \frac{R+h}{R} = 2 \Rightarrow 1 + \frac{h}{R} = 2 \Rightarrow \frac{h}{R} = 1 \therefore h = R$$

12. g-এর মান সর্বাধিক কোথায়? [CU'21-22] [Ans: a]





(a) মেরু অঞ্চলে (b) বিষুব অঞ্চলে (c) ভূ-কেন্দ্রে (d) পাহাড়ের চূড়ায়

13. পৃথিবীর ভর M এবং ব্যাসার্ধ R হলে পৃথিবী পৃষ্ঠে g/G এর অনুপাত হবে- [CU'21-22] [Ans: b]

(a) $\frac{R^2}{M}$ (b) $\frac{M}{R^2}$ (c) R^2 (d) $\frac{M}{R}$

$$\text{সমাধান: } g = \frac{GM}{R^2} \Rightarrow \frac{g}{G} = \frac{M}{R^2}$$

14. অভিকর্ষীয় ত্বরণ g বনাম পৃথিবী পৃষ্ঠ হতে গভীরতা h এর লেখচিত্র কোনটি? [DU'20-21] [Ans: d]



$$\text{সমাধান: } g' = g\left(1 - \frac{h}{R}\right) [g' \text{ হল ভূপৃষ্ঠ থেকে } h \text{ গভীরতায় অভিকর্ষীয় ত্বরণ}]$$

$$\Rightarrow \frac{g'}{y} = -\frac{g}{m} \frac{h}{x} + \frac{g}{c} \text{ এটি একটি সরলরেখা নির্দেশ করে, যার ঢাল ঋণাত্মক।}$$

15. A ও B গ্রহদ্বয়ের ভর যথাক্রমে M ও 2M এবং ব্যাসার্ধ যথাক্রমে R ও 2R হলে তাদের অভিকর্ষজ ত্বরণের অনুপাত $g_A : g_B$ কত? [GST'20-21] [Ans: c]

- (a) 1 : 1 (b) 1 : 2 (c) 2 : 1 (d) 4 : 1

সমাধান: $\frac{g_A}{g_B} = \frac{M_A}{R_A^2} \times \frac{R_B^2}{M_B} = \frac{M}{2M} \times \left(\frac{2R}{R}\right)^2 = \frac{2}{1} = 2 : 1$

16. মোট ভর অপরিবর্তিত রেখে পৃথিবীর ব্যাসার্ধ বর্তমান ব্যাসার্ধের এক-তৃতীয়াংশে হয়ে গেলে ভূ-পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণের মান- [RU'20-21] [Ans: d]

- (a) পরিবর্তন হবে না (b) বর্তমান অভিকর্ষজ ত্বরণের মান এক-তৃতীয়াংশ হবে
(c) বর্তমান অভিকর্ষজ ত্বরণের তিনগুণ হবে (d) বর্তমান অভিকর্ষজ ত্বরণের নয়গুণ হবে

সমাধান: $g' = \frac{GM}{(R')^2} = \frac{GM}{\left(\frac{R}{3}\right)^2} = 9 \times \frac{GM}{R^2} = 9g$

17. একটি বস্তুর ভর 12 মিলিগ্রাম। পৃথিবীর কেন্দ্রের দিকে বস্তুটি কত বলে আকর্ষিত হবে? [অভিকর্ষীয় ত্বরণ $g = 9.8 \text{ ms}^{-2}$] [CU' 20-21; JU'16-17] [Ans: b]

- (a) $118.6 \times 10^6 \text{ N}$ (b) $117.6 \times 10^{-6} \text{ N}$ (c) $119.6 \times 10^{-6} \text{ N}$ (d) $120.6 \times 10^{-6} \text{ N}$

সমাধান: $F = mg = 12 \times 10^{-6} \times 9.8 = 117.6 \times 10^{-6} \text{ N}$

18. কত অক্ষাংশে g -এর মান সর্বাপেক্ষা বেশি? [RU'19-20] [Ans: c]

- (a) 0° (b) 45° (c) 90° (d) 180°

সমাধান: $g' = g - \omega^2 R \cos^2 \lambda$; g' এর মান সর্বোচ্চ হবে যদি $\cos^2 \lambda = 0$ হয়। $\therefore \lambda = 90^\circ$ হবে।

19. বিষুবীয় অঞ্চল হতে মেরু অঞ্চলের দিকে অভিকর্ষীয় ত্বরণ- [JU'18-19] [Ans: b]

- (a) হ্রাস পায় (b) বৃদ্ধি পায় (c) একই হবে (d) 45° অক্ষাংশের সর্বোচ্চ

20. ভূমি হতে 'm' ভরের কোন বস্তুকণাকে 2R (পৃথিবীর ব্যাসার্ধের দ্বিগুণ) উচ্চতায় উত্তোলন করতে কৃতকাজ কত? [CU'18-19] [Ans: d]

- (a) 2mgR (b) $\frac{mgR}{2}$ (c) 3mgR (d) $\frac{2mgR}{3}$

সমাধান: $W = GMm \left(\frac{1}{R} - \frac{1}{3R}\right) = GMm \frac{2}{3R} = \frac{2}{3} m \frac{GM}{R^2} \times R = \frac{2}{3} mgR$

[Note: কেন্দ্র থেকে ভূমি = R, ভূমি থেকে উচ্চতা = 2R, Total = 3R]

21. পৃথিবীর ভর ও ব্যাসার্ধ যথাক্রমে M ও R হলে 81 গুণ এবং 4 গুণ। পৃথিবী পৃষ্ঠে একজন লোকের ওজন 648 N। লোকটি চাঁদে গেলে কতটুকু ওজন হারাবে? [BAU'18-19] [Ans: b]

- (a) 480 N (b) 520 N (c) 550 N (d) 600 N

সমাধান: $\frac{W_M}{W_e} = \frac{M_M}{M_e} \times \left(\frac{R_e}{R_M}\right)^2 \Rightarrow \frac{W_M}{648} = \frac{1}{81} \times 4^2 \Rightarrow \frac{W_M}{648} = \frac{16}{81} \therefore W_M = 128 \text{ N} \therefore \Delta W = 648 - 128 = 520 \text{ N}$

22. 2kg ভরের কোনো বস্তুর চাঁদে ওজন কত নিউটন হবে? [KU'17-18] [Ans: b]

- (a) 1.6 (b) 3.2 (c) 9.8 (d) 19.6

সমাধান: $W = mg = 2 \times \frac{9.8}{6} = \frac{98}{30} = \frac{49}{15} = 3.267 \text{ N}$ (প্রায়)

23. $3 \times 10^6 \text{ m}$ গভীরতা বিশিষ্ট একটি খনির তলদেশে অভিকর্ষজ ত্বরণের মান কত হবে? ভূ-পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ 10 ms^{-2} এবং পৃথিবীর ব্যাসার্ধ $6 \times 10^6 \text{ m}$ । [JU'15-16] [Ans: c]

- (a) 8 ms^{-2} (b) 6 ms^{-2} (c) 5 ms^{-2} (d) কোনোটিই নয়

সমাধান: খনির গভীরে অভিকর্ষজ ত্বরণ $= g' = g \left(1 - \frac{d}{R}\right) = 10 \left(1 - \frac{3 \times 10^6}{6 \times 10^6}\right) = 5 \text{ ms}^{-2}$

24. নিম্নের কোনটি পৃথিবীর ভরের সঠিক সূত্র? [CU'15-16] [Ans: c]

- (a) $M = \frac{gR^2}{G^2}$ (b) $M = \frac{GR^2}{g}$ (c) $M = \frac{gR^2}{G}$ (d) $M = \frac{g^2 R}{G}$

সমাধান: $g = \frac{GM}{R^2} \therefore M = \frac{gR^2}{G}$

25. একটি গ্রহের ভর ও ব্যাসার্ধ উভয় যথাক্রমে পৃথিবীর ভর ও ব্যাসার্ধের তিনগুণ। পৃথিবীর পৃষ্ঠে $g = 9.8 \text{ ms}^{-2}$ হলে, ঐ গ্রহের পৃষ্ঠে g এর মান কত? [JU'14-15] [Ans: d]

- (a) 3.5 ms^{-2} (b) 3.7 ms^{-2} (c) 3.37 ms^{-2} (d) 3.27 ms^{-2}

সমাধান: $M' = 3M; R' = 3R; g = \frac{GM}{R^2} \therefore g \propto \frac{M}{R^2} \therefore \frac{g'}{g} = \left(\frac{M'}{M}\right) \times \left(\frac{R}{R'}\right)^2 = 3 \times \left(\frac{1}{3}\right)^2 = \frac{1}{3} \therefore g' = \frac{9.8}{3} = 3.27 \text{ ms}^{-2}$



26. অভিকর্ষজ ত্বরণ g এর ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?

- (a) g উচ্চতার উপর নির্ভরশীল
(c) g পৃথিবীর ঘূর্ণন গতির উপর নির্ভরশীল নয়

- (b) g অক্ষাংশের উপর নির্ভরশীল নয়
(d) g সর্বজনীন ধ্রুবক

[CU'13-14] [Ans: a]

27. পৃথিবীর কেন্দ্রে কোনো বস্তুর ওজন-

- (a) শূন্য (b) অসীম
(d) পৃথিবী পৃষ্ঠে বস্তুর ওজনের চেয়ে বেশি

- (c) পৃথিবী পৃষ্ঠে বস্তুর ওজনের সমান
(e) উপরের সবগুলোই ভুল

[CU'13-14] [Ans: a]

সমাধান: পৃথিবীর কেন্দ্রে অভিকর্ষজ ত্বরণ (g) শূন্য। তাই, বস্তুর ওজনও শূন্য।

Type-04: মহাকর্ষীয় প্রাবল্য ও বিভব

Formula & Concept:

M ভরের বস্তুর কেন্দ্রে হতে r দূরত্বে প্রাবল্য, $E = \frac{GM}{r^2}$ [JU'18-19] এবং বিভব, $V = -\frac{GM}{r}$

পৃথিবীর বা অন্য কোনো গ্রহে মহাকর্ষীয় প্রাবল্য = অভিকর্ষজ ত্বরণ


প্রাবল্য ও বিভবের মধ্যে সম্পর্ক: $E = -\frac{dV}{dr}$ এবং $V = \int -E \cdot dr$

m ভরের বস্তুর মহাকর্ষীয় বিভব শক্তি, $E_p = m \times V = -G \frac{mM}{r}$

মহাকর্ষীয় ক্ষেত্রে বস্তুকে স্থানান্তর করতে কৃতকাজ,

$$W = E_{p_2} - E_{p_1} = \left(-\frac{GMm}{r_2}\right) - \left(-\frac{GMm}{r_1}\right)$$

$$W = GMm \left(\frac{1}{r_1} - \frac{1}{r_2}\right)$$



এখানে,
 r_1 = আদি অবস্থান
 r_2 = শেষ অবস্থান

নিরেট ও ফাঁপা গোলকের বিভিন্ন অবস্থানে মহাকর্ষীয় প্রাবল্য ও বিভব:

অবস্থান	প্রাবল্যের মান	বিভব
নিরেট বা ফাঁপা গোলকের বাহিরে	$E = \frac{GM}{r^2}$	$V = -\frac{GM}{r}$
নিরেট গোলকের ভিতরে	$E = \frac{GM}{a^3} r$	$V = -\frac{GM(3a^2 - r^2)}{2a^3}$
ফাঁপা গোলকের ভিতরে	0	$V = -\frac{GM}{a}$

এখানে, M = গোলকের ভর, a = গোলকের ব্যাসার্ধ এবং r = গোলকের কেন্দ্রে হতে কোনো বিন্দুর দূরত্ব।

MCQ

01. মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্যের মাত্রা কোনটি?

(a) MLT^{-2}

(b) LT^{-2}

(c) MLT^{-1}

(d) LT^{-1}

সমাধান: মহাকর্ষীয় ক্ষেত্র প্রাবল্য = $\frac{F}{m} = \frac{[MLT^{-2}]}{[M]} = [LT^{-2}]$

[CU'20-21] [Ans: b]

02. নিচের কোনটির পৃষ্ঠে মহাকর্ষ প্রাবল্য সবচেয়ে বেশি?

(a) চন্দ্র

(b) বুধ

(c) পৃথিবী

(d) বৃহস্পতি

[JU'19-20] [Ans: d]

03. মহাকর্ষীয় প্রাবল্য E -এর রাশিমালা কোনটি?

(a) $E = \frac{GM}{r}$

(b) $E = \frac{GM}{r^2}$

(c) $E = \frac{GM}{r^3}$

(d) $E = \frac{GMm^2}{r}$

[JU'18-19] [Ans: b]

04. R ব্যাসার্ধের পৃথিবীর পৃষ্ঠে অভিকর্ষ বিভব V হলে, পৃষ্ঠ হতে R উচ্চতায় বিভবের মান কত?

(a) $\frac{V}{4}$

(b) $\frac{V}{2}$

(c) V

(d) $2V$

[DU'14-15] [Ans: b]

সমাধান: $V = -\frac{GM}{R+h} = -\frac{GM}{R+R} = -\frac{GM}{2R} = \frac{1}{2} \times \left(-\frac{GM}{R}\right) = \frac{V}{2}$

Type-05: মুক্তিবৈগ

Formula & Concept:

- কোনো গ্রহ থেকে (যেমন-পৃথিবী) সর্বাধিক কম বেগে কোনো বস্তুকে উপরের দিকে নিক্ষেপ করলে তা আর সেই গ্রহে ফিরে আসে না, সেই বেগকে মুক্তিবৈগ বলে।
- ভূ-পৃষ্ঠে মুক্তিবৈগ, $v_e = \sqrt{\frac{2GM}{R}} = \sqrt{2gR} = R\sqrt{\frac{8}{3}\pi\rho G}$ এর মান $\rightarrow 11.2 \text{ kms}^{-1}; 7 \text{ Mil s}^{-1}$
- h উচ্চতায় মুক্তিবৈগ, $v_e = \sqrt{\frac{GM}{R+h}} = \sqrt{2g'(R+h)}$
- গ্রহের ভর (M) ধ্রুব থাকলে মুক্তিবৈগ ব্যাসার্ধ (R) এর বর্গমূলের ব্যস্তানুপাতিক কিন্তু g ধ্রুবক থাকলে, মুক্তিবৈগ ব্যাসার্ধের বর্গমূলের সমানুপাতিক।
- দুটি আলাদা গ্রহের জন্য, $\frac{v'_e}{v_e} = \sqrt{\frac{M'}{M} \times \frac{R}{R'}} \cdot \frac{v'_e}{v_e} = \sqrt{\frac{g'}{g} \times \frac{R'}{R}}$ | এখানে, $g =$ গ্রহের পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ
- মুক্তিবৈগ বস্তুর ভর এবং নিক্ষেপণ কোণ দ্বারা প্রভাবিত হয় না।

MCQ

01. ধরো, পৃথিবীর ব্যাস বরাবর একটি সুড়ঙ্গ খনন করা হলো এবং পৃথিবী পৃষ্ঠ থেকে একটি ক্ষুদ্র বস্তুকে সুড়ঙ্গের মধ্যে ছেড়ে দেওয়া হলো। বস্তুটি যখন পৃথিবীর কেন্দ্রে পৌঁছাবে তখন মুক্তিবৈগ v_e -এর সাপেক্ষে বস্তুটির বেগ কত হবে? [DU'23-24] [Ans: c]
- (a) $\frac{3}{2}v_e$ (b) $\frac{1}{2}v_e$ (c) $\frac{1}{\sqrt{2}}v_e$ (d) 0

সমাধান: পৃথিবীর কেন্দ্র থেকে 'x' দূরত্বে 'm' ভরের বস্তুর ওপর কার্যকর মহাকর্ষ বল,

$$F = -\frac{GMm}{R^3}x \text{ [নিরেট গোলকের অভ্যন্তরে কোনো বিন্দুতে প্রাবল্য দ্রষ্টব্য]}$$

$$\Rightarrow ma = -\frac{GMm}{R^3}x$$

$$\Rightarrow a = -\frac{GM}{R^3}x \dots \dots \dots (i)$$

$$\text{S.H.M এর জন্য, } a = -\omega^2x \dots \dots \dots (ii)$$

$$(i) \text{ ও } (ii) \text{ তুলনা করে পাই, } \omega^2 = \frac{GM}{R^3} = \frac{gR^2}{R^3} = \frac{g}{R} \Rightarrow \omega = \sqrt{\frac{g}{R}} \dots \dots \dots (iii) \left[\because g = \frac{GM}{R^2} \Rightarrow GM = gR^2 \right]$$

আমরা জানি, S.H.M এর জন্য সাম্যাবস্থায় বেগ থাকে সর্বোচ্চ অর্থাৎ, বস্তু পৃথিবীর কেন্দ্র তথা সাম্যাবস্থায় v_{\max} প্রাপ্ত হবে।

এখন, $v_{\max} = \omega A = \omega R$ [এক্ষেত্রে দোলনের বিস্তার, $A =$ পৃথিবীর ব্যাসার্ধ R]

$$\Rightarrow v_{\max} = \sqrt{\frac{g}{R}} \times R \text{ [ii হতে]}$$

$$\Rightarrow v_{\max} = \sqrt{gR} \dots \dots \dots (iv)$$

আমরা জানি, মুক্তিবৈগ, $v_e = \sqrt{2gR}$

$$\Rightarrow v_e = \sqrt{2} \times \sqrt{gR} = \sqrt{2} \times v_{\max} \text{ [(iv) হতে]}$$

$$\therefore v_{\max} = \frac{v_e}{\sqrt{2}}$$

$$\text{বিকল্প: } F = \frac{GMm}{R^2} = \frac{GMm}{R^3} \times R \Rightarrow \frac{F}{mR} = \frac{GM}{R^3} \Rightarrow \omega^2 = \frac{GM}{R^3} \left[\because F = m\omega^2R \right]$$

$$\therefore \omega = \sqrt{\frac{GM}{R^3}} \therefore v_{\max} = \omega R = \sqrt{\frac{GM}{R}} = \frac{v_e}{\sqrt{2}}$$

02. একটি গ্রহের ব্যাস 5000 km এবং এর পৃষ্ঠে অভিকর্ষজ ত্বরণ 5 ms^{-2} । গ্রহটির পৃষ্ঠ হতে একটি বস্তুর মুক্তিবৈগ নির্ণয় করো।

[RU'23-24] [Ans: b]

- (a) 2.5 km s^{-1} (b) 5 km s^{-1} (c) 7.1 km s^{-1} (d) 11.2 km s^{-1}

$$\text{সমাধান: } v_e = \sqrt{2gR} = \sqrt{2 \times 5 \times 2500 \times 10^3}$$

$$= \sqrt{25 \times 10^6} = \sqrt{25} \times \sqrt{(10^3)^2} = 5 \times 10^3 \text{ ms}^{-1} = 5 \text{ km s}^{-1}$$

[RU'23-24] [Ans: c]

03. মুক্তিবৈগ v_e এর সাথে একটি কৃত্রিম উপগ্রহের উৎক্ষেপণ বেগ v -এর মধ্যে সম্পর্ক-

(a) $v = \sqrt{\left(\frac{GM}{R+h} v_e\right)}$ (b) $v = g\sqrt{Rv_e}$ (c) $v = \frac{v_e}{\sqrt{2}}$

(d) কোনোটিই নয়

সমাধান: $v_e = \sqrt{\frac{2GM}{R+h}} = \sqrt{2} \times \sqrt{\frac{GM}{R+h}} = \sqrt{2} \times v \therefore v = \frac{v_e}{\sqrt{2}}$

04. একটি গ্রহের মুক্তিবৈগ পৃথিবীতে মুক্তিবৈগের অর্ধেক এবং উহার ব্যাসার্ধও পৃথিবীর ব্যাসার্ধের অর্ধেক। ঐ গ্রহে g -এর মান কত ms^{-2} ? [Agri'22-23] [Ans: a]

(a) 4.9 (b) 9.8 (c) 14.7 (d) 19.6

সমাধান: $\sqrt{2g'R'} = \frac{\sqrt{2gR}}{2} \Rightarrow g' \cdot \frac{R}{2} = \frac{gR}{4} \Rightarrow g' = \frac{g}{2} = 4.9 ms^{-2}$

[JU'22-23; CU'18-19, 16-17, 13-14] [Ans: b]

05. পৃথিবীর মুক্তিবৈগ কত?

(a) 5.6 kms^{-1} (b) 11.2 kms^{-1} (c) 22.4 kms^{-1} (d) 28 kms^{-1}

সমাধান: $v_e = \sqrt{2gR} = \sqrt{2 \times 9.8 \times 6400000} = 11200 ms^{-1} = 11.2 kms^{-1}$

[JU'19-20] [Ans: a]

06. পৃথিবী পৃষ্ঠে মুক্তিবৈগ চন্দ্র পৃষ্ঠে মুক্তিবৈগ ———।

(a) অপেক্ষা বেশি (b) অপেক্ষা কম (c) এর সমান (d) এর সাথে অপরিবর্তিত

[KU'18-19] [Ans: c]

07. মঙ্গলগ্রহের পৃষ্ঠে কোন বস্তুর মুক্তিবৈগ কত kms^{-1} ?

(a) 11.2 (b) 10.3 (c) 4.77 (d) 3.5

সমাধান: $v_e = \sqrt{2gR} = \sqrt{2 \times 3.72 \times 3000 \times 10^3} = 4.77 kms^{-1}$

08. একটি গ্রহের ব্যাস $4 \times 10^8 m$ এবং ভর $22 \times 10^{28} kg$ । উক্ত গ্রহে মুক্তিবৈগ কত? [JU'17-18]

(a) 121.4 kms^{-1} (b) 122.5 kms^{-1} (c) 130.6 kms^{-1} (d) 110.6 kms^{-1}

সমাধান: (সঠিক উত্তর নেই); $v_e = \sqrt{\frac{2GM}{R}} = \sqrt{\frac{2 \times 6.673 \times 10^{-11} \times 22 \times 10^{28}}{2 \times 10^8}} = 383.15 kms^{-1}$

09. কোন বস্তুর মুক্তিবৈগ ঐ বস্তুর ভরের—

(a) সমানুপাতিক (b) বর্গের সমানুপাতিক (c) ভরের উপর নির্ভরশীল (d) কোনোটিই নয়

[RU'16-17] [Ans: d]

10. সর্বনিম্ন কত বেগে ভূ-পৃষ্ঠ হতে m ভরের একটি বস্তুকে উপরের দিকে নিক্ষেপ করলে তা আর কখনো ফিরে আসবে না?

(a) $\sqrt{2gR}$ (b) $\sqrt{2} gR$ (c) gR (d) $2\sqrt{gR}$ [DU'15-16] [Ans: a]

সমাধান: $v_{escape} = \sqrt{2gR}$

11. কোন একটি গ্রহের ব্যাসার্ধ পৃথিবীর ব্যাসার্ধের অর্ধেক। কিন্তু গ্রহের পৃষ্ঠের অভিকর্ষজ ত্বরণ পৃথিবীর অভিকর্ষজ ত্বরণের চারগুণ। উক্ত গ্রহের মুক্তিবৈগ পৃথিবীর মুক্তিবৈগের— [JU'15-16] [Ans: d]

(a) দ্বি-গুণ (b) চারগুণ (c) আটগুণ (d) কোনোটিই নয়

সমাধান: $v_p = \sqrt{2g_p R_p}$; $v_e = \sqrt{2g_e R_e}$

$\therefore \frac{v_p}{v_e} = \sqrt{\frac{g_p R_p}{g_e R_e}} = \sqrt{4 \times \frac{1}{2}} = \sqrt{2} \therefore v_p = \sqrt{2} v_e$; সুতরাং, $\sqrt{2}$ গুণ হলো সঠিক উত্তর।

Type-06: কৃত্রিম উপগ্রহ

➤ **Formula & Concept:**

➤ কোনো গ্রহের পৃষ্ঠ হতে h উচ্চতায় আবর্তনশীল উপগ্রহের রৈখিক বেগ, $v = \sqrt{\frac{GM}{R+h}} = \sqrt{\frac{GM}{R^2} \times R^2} = \sqrt{\frac{gR^2}{R+h}} = \sqrt{\frac{g}{R+h}} \times R$
[যেখানে, $R =$ গ্রহের ব্যাসার্ধ, $M =$ গ্রহের ভর]

➤ কোনো গ্রহের পৃষ্ঠ হতে h উচ্চতায় আবর্তনশীল উপগ্রহের রৈখিক বেগ v , পর্যায়কাল T , গ্রহের ভর M হলে-

◆ $v = \frac{2\pi(R+h)}{T} \Rightarrow \sqrt{\frac{GM}{R+h}} = \frac{2\pi(R+h)}{T} \Rightarrow T^2 = \frac{4\pi^2(R+h)^3}{GM} \therefore T = 2\pi \sqrt{\frac{(R+h)^3}{GM}}$

◆ উচ্চতা, $h = \left(\frac{GMT^2}{4\pi^2}\right)^{\frac{1}{3}} - R$

- কোনো গ্রহকে কেন্দ্র করে আবর্তনশীল উপগ্রহের পর্যায়কাল T এবং পৃষ্ঠ থেকে উচ্চতা h হলে, $T^2 \propto (R + h)^3$
- ভূ-পৃষ্ঠ ঘেঁষে কোনো কৃত্রিম উপগ্রহ আবর্তনরত হলে, তার রৈখিক বেগ, $v = \sqrt{\frac{GM}{R}} = \sqrt{\frac{GM}{R^2} \times R} = \sqrt{gR}$
- কোনো কৃত্রিম উপগ্রহের গতিশক্তি, $E_k = \frac{1}{2}mv^2 = \frac{1}{2}m\left(\frac{GM}{R+h}\right) = \frac{1}{2}\frac{GMm}{(R+h)}$ [এখানে, $m =$ কৃত্রিম উপগ্রহের ভর]
এবং বিভবশক্তি, $E_p = -\frac{GMm}{(R+h)} \therefore$ মোট শক্তি, $E = E_k + E_p = \frac{1}{2}\frac{GMm}{(R+h)} - \frac{GMm}{(R+h)} = -\frac{1}{2}\frac{GMm}{(R+h)} = -E_k$ এবং $E_k = \left|-\frac{E_p}{2}\right|$

MCQ

01. একটি উপগ্রহ নিজ অক্ষে 10 ঘণ্টায় আবর্তন করে। এর ব্যাস 14×10^4 m; 10^4 kg ভরবিশিষ্ট একটি নভোযান উপগ্রহটিতে অবতরণ করলে উপগ্রহের নিজ অক্ষের ঘূর্ণনের কারণে নভোযানের ওজন কত হ্রাস পাবে? [GST'23-24]

- (a) 21.44 N (b) 24.21 N (c) 21.24 N (d) 24.44 N

সমাধান: (সঠিক উত্তর নেই); ওজন হ্রাস $= m\omega^2 r = m\left(\frac{2\pi}{T}\right)^2 r$

$$= 10^4 \times \left(\frac{2\pi}{10 \times 60 \times 60}\right)^2 \times 7 \times 10^4 = 21.323 \text{ N [ক্যালকুলেটর ব্যবহার করে]}$$

02. m ভরের একটি উপগ্রহ R ব্যাসার্ধের একটি বৃত্তাকার কক্ষপথে M ভরের একটি গ্রহকে প্রদক্ষিণ করে। একটি পূর্ণ ঘূর্ণনের জন্য প্রয়োজনীয় সময় নিচের কোনটির সমানুপাতিক? [DU'22-23] [Ans: c]

- (a) M (b) \sqrt{m} (c) $R^{3/2}$ (d) R^2

সমাধান: $T^2 = \frac{4\pi^2}{GM} R^3 \Rightarrow T \propto R^{3/2}$

03. কৃত্রিম উপগ্রহের রৈখিক বেগ-

[RU'22-23] [Ans: d]

- (a) $\sqrt{\frac{GM}{(r+h)}}$ (b) $\frac{GM}{(r+h)^2}$ (c) $\frac{\sqrt{GM}}{(r+h)^2}$ (d) কোনোটিই নয়

সমাধান: কৃত্রিম উপগ্রহের রৈখিক বেগ $= \sqrt{\frac{GM}{R+h}}$

04. সমান ভরের দুটি উপগ্রহের ব্যাসার্ধ যথাক্রমে R এবং $4R$ হলে গ্রহ দুটির পর্যায়কালের অনুপাত- [JU'22-23] [Ans: b]

- (a) 1:16 (b) 1:8 (c) 1:64 (d) 16:1

সমাধান: $T^2 \propto R^3 \Rightarrow T_1^2 : T_2^2 = 1^3 : 4^3 \Rightarrow T_1^2 : T_2^2 = 1 : 64 \Rightarrow T_1 : T_2 = 1 : 8$

05. ভূ-স্থির উপগ্রহের পর্যায়কাল কত?

[RU'21-22, CU'17-18] [Ans: a]

- (a) 24 ঘণ্টা (b) 12 ঘণ্টা (c) 3600 সে. (d) 365 দিন

06. একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবীর পৃষ্ঠ থেকে পৃথিবীর ব্যাসার্ধের দ্বিগুণ উচ্চতায় ঘুরে। ঐ উচ্চতায় এর গতিবেগ কত?

[RU'19-20, 16-17] [Ans: c]

- (a) \sqrt{gR} (b) $2\sqrt{gR}$ (c) $\sqrt{\frac{gR}{3}}$ (d) $\sqrt{\frac{gR}{5}}$

সমাধান: $v = \sqrt{\frac{GM}{R+h}} = \sqrt{\frac{GM}{R+2R}} = \sqrt{\frac{gR^2}{3R}} = \sqrt{\frac{gR}{3}}$

07. পার্কিং কক্ষপথ কোনটি?

[KU'19-20] [Ans: c]

- (a) যে পথে বিমান চলাচল করে (b) পোলার উপগ্রহের কক্ষপথ
(c) ভূ-স্থির উপগ্রহের কক্ষপথ (d) পৃথিবীর কক্ষপথ

08. BTRC বঙ্গবন্ধু-1 কৃত্রিম উপগ্রহ ঢাকার ভূ-পৃষ্ঠ হতে 36000 km উর্ধ্বে স্থাপন করা হলে উপগ্রহের পর্যায়কাল কত?

[JU'18-19] [Ans: a]

- (a) 24.02h (b) 22.08h (c) 23.02h (d) 25.08h

সমাধান: $T = 2\pi \sqrt{\frac{(R+h)^3}{GM}} = 2\pi \sqrt{\frac{(6400 \times 10^3 + 36000 \times 10^3)^3}{6.673 \times 10^{-11} \times 6 \times 10^{24}}} = 24.02 \text{ h (প্রায়) [ক্যালকুলেটর ব্যবহার করে]}$



09. ভূ-কেন্দ্র থেকে 8000 km দূরে অবস্থান করে এরূপ একটি কৃত্রিম উপগ্রহকে পৃথিবীর চারদিকে কী বেগে ঘুরতে হবে?
[BAU'18-19, 12-13; SAU'14-15] [Ans: c]
(a) 2518 ms⁻¹ (b) 5810 ms⁻¹ (c) 7089 ms⁻¹ (d) 8905 ms⁻¹
সমাধান: $v = \sqrt{\frac{GM}{R+h}} = \sqrt{\frac{6.673 \times 10^{-11} \times 6 \times 10^{24}}{8 \times 10^6}} = 7074 \text{ ms}^{-1} \approx 7089 \text{ ms}^{-1}$
10. একটি কৃত্রিম উপগ্রহ 7000 km ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তাকার কক্ষপথে পৃথিবীকে প্রদক্ষিণ করছে। উপগ্রহটির পর্যায়কাল 2h হলে কেন্দ্রমুখী ত্বরণ কত?
[DU'16-17] [Ans: c]
(a) 1.331 ms⁻² (b) 2.663 ms⁻² (c) 5.325 ms⁻² (d) 10.650 ms⁻²
সমাধান: $a_c = \omega^2 r = \left(\frac{2\pi}{T}\right)^2 \times r = \left(\frac{2 \times 3.1416}{2 \times 3600}\right)^2 \times 7000 \times 1000 = 5.325 \text{ ms}^{-2}$
11. পৃথিবীর দুর্যোগ ব্যবস্থাপনা পর্যবেক্ষণের জন্য স্থাপিত কৃত্রিম উপগ্রহকে বলা হয়—
[JU'16-17] [Ans: b]
(a) সামরিক উপগ্রহ (b) পর্যবেক্ষক উপগ্রহ (c) মহাকাশ কেন্দ্র (d) আবহাওয়া উপগ্রহ
12. একটি কৃত্রিম উপগ্রহ পৃথিবী পৃষ্ঠ থেকে 100 km উচ্চতায় বৃত্তাকার কক্ষপথে অবস্থান করছে। পৃথিবীর ভর $6 \times 10^{24} \text{ kg}$ এবং ব্যাসার্ধ $6.4 \times 10^3 \text{ km}$ । $G = 6.673 \times 10^{-11} \text{ Nm}^2 \text{ kg}^{-2}$ হলে উপগ্রহটির কক্ষীয় দ্রুতি কত?
[CU'16-17] [Ans: e]
(a) 8.91 kms⁻¹ (b) 9.81 kms⁻¹ (c) 11.19 kms⁻¹ (d) 11.10 kms⁻¹ (e) 7.85 kms⁻¹
সমাধান: $v = \sqrt{\frac{GM}{R+h}} = \sqrt{\frac{6.673 \times 10^{-11} \times 6 \times 10^{24}}{(6.4 \times 10^3 + 100) \times 10^3}} = 7.85 \text{ kms}^{-1}$ [ক্যালকুলেটর ব্যবহার করে]

Written

01. কৃত্রিম উপগ্রহ (Satellite) কী? কৃত্রিম উপগ্রহের বেগ (velocity) নির্ণয় কর।
[JnU'18-19]
সমাধান: মানবসৃষ্ট যে মহাকাশযান পৃথিবীকে কেন্দ্র করে বৃত্তাকার পথে নির্দিষ্ট কক্ষপথ বরাবর আবর্তিত হয়, তাই কৃত্রিম উপগ্রহ।
আমরা জানি, $\frac{GMm}{r^2} = \frac{mv^2}{r} \therefore v = \sqrt{\frac{GM}{r}}$
এখানে, বেগ = v ; মহাকর্ষীয় ধ্রুবক = G ; পৃথিবীর ভর = M ; কক্ষপথের ব্যাসার্ধ = r


Type-07: বিবিধ

MCQ

01. পৃথিবী পৃষ্ঠের উপর কোনো বায়ুমণ্ডল না থাকলে একটি দিবসের ব্যাপ্তি—
[CU'15-16] [Ans: a]
(a) হ্রাস পাবে (b) বৃদ্ধি পাবে (c) একই থাকবে (d) আবহাওয়ার উপর নির্ভর করবে
সমাধান: বায়ুমণ্ডল না থাকলে পৃথিবীর ভর m কিছুটা কমে যাবে। $I\omega = \text{ধ্রুবক}$
ভর কমে গেলে I কমে যাবে, ω বেড়ে যাবে। $\omega = \frac{2\pi}{T}$; ω বেড়ে গেলে T কমে যাবে।
ফলে দিবসের ব্যাপ্তি হ্রাস পাবে।
02. পৃথিবী প্রদক্ষিণ করার সময় একজন নভোচারী ওজনহীনতা অনুভব করেন। কারণ—
[KU'12-13] [Ans: c]
(a) এক্ষেত্রে কেন্দ্রমুখী বল শূন্য (b) এক্ষেত্রে কেন্দ্রবিমুখী বল শূন্য
(c) এক্ষেত্রে কেন্দ্রমুখী এবং কেন্দ্রবিমুখী বল সমান (d) এক্ষেত্রে কেন্দ্রবিমুখী বলের চেয়ে কেন্দ্রমুখী বল বড়
সমাধান: এক্ষেত্রে কেন্দ্রমুখী বল = mg স্বল্প উচ্চতায় পৃথিবীকে প্রদক্ষিণকারী মহাকাশযানের যাত্রীরা ওজনহীনতা অনুভব করলে,
কেন্দ্রবিমুখী বল = ওজন। তখন, $\frac{mv^2}{R} = mg$

সফল মানুষের সাথে অসফল মানুষের প্রধান পার্থক্য শক্তি বা জ্ঞান নয়। পার্থক্যটা হলো সত্যিকার
সফল হওয়ার ইচ্ছা।

- Vince Lombardi



➤ ভাসিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	বিষয়বস্তু	যতবার এসেছে		যেসব ভর্তি পরীক্ষায় প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
★	T-01	স্থিতিস্থাপকতা	2	-	JU'12-13; JnU'12-13	-
★★★★	T-02	পীড়ন	4	-	RU'20-21, 19-20; JU'14-15; JnU'14-15	-
★	T-03	বিকৃতি	3	-	DU'22-23; Agri'22-23; CU'14-15	-
★★★★	T-04	ইয়ং-এর গুণাঙ্ক	22	-	DU'23-24, 20-21, 19-20, 17-18; GST'22-23, SUST'19-20; RU'23-24, 18-19, 16-17, 14-15; JU'19-20, 17-18, 16-17, 15-16; CU'22-23, 17-18, 16-17, 14-15; KU'18-19, 13-14; BAU'18-19	-
★	T-05	আয়তন গুণাঙ্ক ও সংনম্যতা	5	-	RU'12-13; JU'23-24, 14-15, 12-13	-
★★	T-06	কৃতকাজ ও সঞ্চিত শক্তি	3	-	RU'14-15; JU'14-15; CU'18-19	-
★	T-07	পয়সনের অনুপাত	6	-	JU'17-18; JnU'17-18; CU'23-24, 22-23, 18-19	-

Exactly what you need

Type-01: স্থিতিস্থাপকতা

Formula & Concept:

- স্থিতিস্থাপকতায় সংরক্ষণশীল বল কাজ করে।
- তাপমাত্রা বৃদ্ধিতে স্থিতিস্থাপকতা সাধারণত হ্রাস পায়, তবে ইস্পাত ও ইনভার (Fe ও Ni এর সংকর) এর স্থিতিস্থাপকতা তাপমাত্রার পরিবর্তনেও অপরিবর্তিত থাকে।

MCQ

01. তাপমাত্রা বৃদ্ধি পেলে ইস্পাতের স্থিতিস্থাপক গুণাঙ্ক- [JU'12-13] [Ans: c]
 (a) Increases (b) Decreases (c) Remain unchanged (d) None
 সমাধান: সাধারণত কমে, কিন্তু ইস্পাত ব্যতিক্রমধর্মী।
02. স্থিতিস্থাপক বলের ধরন কী? [JnU'12-13] [Ans: b]
 (a) অসংরক্ষণশীল বল (b) সংরক্ষণশীল বল (c) যান্ত্রিক বল (d) শাব্দিক বল

Type-02: পীড়ন

Formula & Concept:

- বাহ্যিক বলের ক্রিয়ার ফলে কোনো বস্তুর বিকৃতি ঘটলে স্থিতিস্থাপকতার জন্য বস্তুর ভেতর থেকে বাধাদানকারী প্রতিক্রিয়া বল সৃষ্টি হয়। বস্তুর একক ক্ষেত্রফলের উপর লম্বভাবে প্রযুক্ত প্রতিক্রিয়ামূলক বলের মানকে পীড়ন বলে।
- পীড়ন = $\frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}}$; $P = \frac{F}{A}$
 - ন্যূনতম যে বলের ক্রিয়ায় কোন বস্তু ভেঙ্গে যায় বা ছিঁড়ে যায়, তাকে অসহ ভার বলে। অসহ পীড়ন = $\frac{\text{অসহ ভার}}{\text{ক্ষেত্রফল}}$
 - দৈর্ঘ্য পীড়নের ক্ষেত্রে F হলো দৈর্ঘ্য পরিবর্তন বরাবর প্রযুক্ত বল, আয়তন পীড়নের ক্ষেত্রে F হলো আয়তন পরিবর্তন বরাবর প্রযুক্ত বল এবং ব্যবর্তন পীড়নের ক্ষেত্রে F হলো তলের স্পর্শক বরাবর প্রযুক্ত বল।
 - দৈর্ঘ্য পীড়নের ক্ষেত্রে A হলো প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল, আয়তন পীড়নের ক্ষেত্রে A হলো পৃষ্ঠতলের ক্ষেত্রফল এবং ব্যবর্তন পীড়নের ক্ষেত্রে A হলো সেই পৃষ্ঠের ক্ষেত্রফল, যে পৃষ্ঠের স্পর্শক বরাবর বল প্রযুক্ত হয়েছে।

MCQ

01. স্থিতিস্থাপক সীমার মধ্যে 1 sq mm প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট তারের এক প্রান্তে 1 N বল প্রয়োগ করা হলে পীড়ন হবে- [RU'20-21] [Ans: a]
 (a) 10^6 Nm^{-2} (b) 10^4 Nm^{-2} (c) 100 Nm^{-2} (d) 50 Nm^{-2}
 সমাধান: $P = \frac{F}{A} = \frac{1 \text{ N}}{1 \times 10^{-6} \text{ m}^2} = 10^6 \text{ Nm}^{-2}$
02. পীড়নের মাত্রা সমীকরণ- [RU'19-20, JnU'14-15] [Ans: a]
 (a) $[ML^{-1}T^{-2}]$ (b) $[MLT^{-2}]$ (c) $[ML^{-1}T^2]$ (d) $[ML^{-2}T^{-2}]$
 সমাধান: পীড়ন = $\frac{\text{বল}}{\text{ক্ষেত্রফল}} = \frac{MLT^{-2}}{L^2} = [ML^{-1}T^{-2}]$
03. একটি তারের দৈর্ঘ্য 5 m, প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 0.002 m^2 , অসহপীড়ন $2.5 \times 10^5 \text{ Nm}^{-2}$ । তারটির অসহভার কত? [JU'14-15] [Ans: a]
 (a) $\frac{500}{9.8} \text{ kg}$ (b) $\frac{250}{9.8} \text{ kg}$ (c) $\frac{200}{9.8} \text{ kg}$ (d) $\frac{450}{9.8} \text{ kg}$
 সমাধান: $L = 5 \text{ m}, A = 0.002 \text{ m}^2, \frac{F}{A} = 2.5 \times 10^5 \text{ Nm}^{-2}$; এখন, $\frac{F}{A} = \frac{mg}{A} = 2.5 \times 10^5 \Rightarrow mg = 2.5 \times 10^5 \times A$
 $\Rightarrow m = \frac{2.5 \times 10^5 \times 0.002}{9.8} = \frac{25 \times 10^5 \times 2}{9.8 \times 10 \times 1000} = \frac{25 \times 10^5 \times 2}{9.8 \times 10^4} = \frac{50 \times 10}{9.8} = \frac{500}{9.8} \text{ kg}$

Type-03: বিকৃতি

Formula & Concept:

- বাহ্যিক বল প্রয়োগের ফলে কোনো বস্তুর একক মাত্রায় যে পরিবর্তন হয়, তাকে বিকৃতি বলে।
- বিকৃতি তিন প্রকার: দৈর্ঘ্য বিকৃতি, কৃন্তন/মোচড় বিকৃতি, আয়তন বিকৃতি
- দৈর্ঘ্য বিকৃতি = $\frac{\text{দৈর্ঘ্যের পরিবর্তন}}{\text{আদি দৈর্ঘ্য}} = \frac{\Delta L}{L}$

- কুন্তন বিকৃতি, $\tan\theta \approx \theta = \frac{\text{দুটি ভলের আশেপাশে সরণ}}{\text{ভলয়ের দূরত্ব}} = \frac{d}{h}$
- আয়তন বিকৃতি = $\frac{\text{আয়তনের পরিবর্তন}}{\text{আদি আয়তন}} = \frac{\Delta V}{V}$
- বিকৃতির কোনো একক ও মাত্রা নেই।

MCQ

01. $1 \times 10^{-3} \text{m}$ ব্যাসার্ধবিশিষ্ট একটি তারকে 31.4 N বলে টানলে তারটির বিকৃতি কত হবে? [$Y = 5 \times 10^9 \text{ Nm}^{-2}$]
[Agri'22-23] [Ans: a]
(a) 2×10^{-3} (b) $2 \times 10^{-3} \text{ Nm}^{-2}$ (c) 6×10^{-3} (d) $6 \times 10^{-3} \text{ Nm}^{-2}$
সমাধান: $\frac{l}{L} = \frac{F}{AY} \Rightarrow \frac{l}{L} = \frac{31.4}{3.14 \times (1 \times 10^{-3})^2 \times 5 \times 10^9} = 0.2 \times 10^{-2} = 2 \times 10^{-3}$
02. নিচের কোনটির মাত্রা নেই?
(a) পীড়ন (Stress) (b) ইয়ং-এর গুণাঙ্ক (Young's modulus)
(c) বিকৃতি (Strain) (d) চাপ (Pressure)
সমাধান: বিকৃতি দুইটি সমজাতীয় রাশির অনুপাত, তাই মাত্রা নেই। [DU'22-23] [Ans: c]
03. দৈর্ঘ্য বিকৃতির একক কী?
(a) m (b) Nm^{-1} (c) m^2 (d) একক নাই
[CU'14-15] [Ans: d]

Type-04: ইয়ং-এর গুণাঙ্ক

➤ **Formula & Concept:**

- হকের সূত্র: স্থিতিস্থাপক সীমার মাঝে পীড়ন \propto বিকৃতি $\Rightarrow \frac{\text{পীড়ন}}{\text{বিকৃতি}} = \text{স্থিতিস্থাপক গুণাঙ্ক}$
- L দৈর্ঘ্য ও A প্রস্থচ্ছেদের ক্ষেত্রফলবিশিষ্ট তারে F বল প্রয়োগে দৈর্ঘ্য l পরিমাণ বৃদ্ধি পেলে,
ইয়ং-এর গুণাঙ্ক, $Y = \frac{\text{দৈর্ঘ্য পীড়ন}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}} \Rightarrow Y = \frac{F}{\frac{\Delta L}{L}} = \frac{FL}{\Delta L} \Rightarrow F = \frac{YAL}{L}$ তারে লম্বভাবে m ভর ঝুলিয়ে দিলে, $Y = \frac{mgL}{\pi r^2 l}$
- যে বস্তুর বিকৃত হতে বাধা দেওয়ার ক্ষমতা যত বেশি, তার স্থিতিস্থাপকতাও তত বেশি। লোহা ও রাবারের মধ্যে তাই লোহা বেশি স্থিতিস্থাপক।
- Y একটি নির্দিষ্ট উপাদানের পদার্থের জন্য ধ্রুবক।
- স্থিতিস্থাপকতার সীমার মধ্যে পীড়ন বনাম বিকৃতি গ্রাফ মূলবিন্দুগামী সরলরেখা হয়।

MCQ

01. একটি ইস্পাতের তারের উপাদানের ইয়ং গুণাঙ্ক Y । যদি তারের ব্যাস দ্বিগুণ করা হয় তাহলে পরিবর্তিত ইয়ং গুণাঙ্ক কত হবে?
[DU'23-24] [Ans: a]
(a) পূর্বের সমান (the same as before) (b) পূর্বের অর্ধেক (half the previous value)
(c) পূর্বের দ্বিগুণ (twice the previous value) (d) পূর্বের চারগুণ (four times the previous value)
সমাধান: ইয়ং এর গুণাঙ্ক তারের উপাদানের উপর নির্ভর করে।
02. L দৈর্ঘ্য এবং A প্রস্থচ্ছেদের একটি তার ঝুলানো আছে। এর মুক্ত প্রান্তে M ভরের একটি বস্তু ঝুলিয়ে দিলে তারটির দৈর্ঘ্য পরিবর্তিত হয়ে L_1 হলে ইয়ং গুণাঙ্কের মান হবে—
[RU'23-24] [Ans: c]
(a) $\frac{MgL_1}{AL}$ (b) $\frac{MgL}{AL_1}$ (c) $\frac{MgL}{A(L_1-L)}$ (d) $\frac{Mg(L_1-L)}{AL}$
সমাধান: $Y = \frac{FL}{A\Delta L} = \frac{MgL}{A(L_1-L)}$
03. 1 mm প্রস্থচ্ছেদবিশিষ্ট একটি তারের দৈর্ঘ্য 1% বৃদ্ধি করতে কত বল প্রয়োগ করতে হবে? [$Y = 1 \times 10^{11} \text{ Nm}^{-2}$]
[RU'23-24; JU'17-18] [Ans: c]
(a) 10^5 N (b) $2 \times 10^3 \text{ N}$ (c) 10^3 N (d) 10 N
সমাধান: $Y = \frac{FL}{AL} \therefore F = YA \times \frac{l}{L} = 1 \times 10^{11} \times 1 \times 10^{-6} \times \frac{1}{100} = 10^3 \text{ N}$

04. L দৈর্ঘ্য ও r ব্যাসার্ধের একটি তারের এক প্রান্ত স্থির রেখে অপর প্রান্তে m ভর ঝুলালে তারটির ইয়ং-এর গুণক (Y) 200 GPa। তারটির ব্যাসার্ধ অর্ধেক করলে Y এর মান- [GST'22-23] [Ans: c]
- (a) অর্ধেক হবে (b) দ্বিগুণ বাড়বে (c) পরিবর্তন হবে না (d) চারগুণ বাড়বে

- সমাধান: Young Modulus Material এর উপর নির্ভর করে। [CU'22-23] [Ans: c]
05. একটি তারের ব্যাসার্ধ বৃদ্ধি করা হলে তারটির উপাদানের ইয়ং-এর গুণক- (a) বৃদ্ধি পাবে (b) হ্রাস পাবে (c) অপরিবর্তিত থাকবে (d) কোনোটিই নয়

06. স্থিতিস্থাপক গুণকের মাত্রা কী? [DU'20-21; CU'16-17] [Ans: b]
- (a) MLT^{-1} (b) $ML^{-1}T^{-2}$ (c) MLT^{-2} (d) ML^2T^{-2}

- সমাধান: স্থিতিস্থাপক গুণকের মাত্রা = পীড়ন এর মাত্রা = $\frac{[F]}{[A]} = \frac{MLT^{-2}}{L^2} = ML^{-1}T^{-2}$
07. 10 cm লম্বা ও 0.5 cm ব্যাসার্ধ বিশিষ্ট একটি তামা ও একটি লোহার তারকে জোড়া লাগিয়ে দৈর্ঘ্য 20 cm করা হল। জোড়া তারের উপর বল প্রযুক্ত করে বিকৃতি ঘটানো হল। যদি লোহায় ইয়ং এর গুণক তামার দ্বিগুণ হয় তবে লোহার দৈর্ঘ্য বৃদ্ধির অনুপাত কত? [DU'19-20] [Ans: d]

- (a) 1 : 8 (b) 1 : 6 (c) 1 : 4 (d) 1 : 2
- সমাধান: $Y = \frac{FL}{Al} \Rightarrow l = \frac{FL}{AY} \therefore \frac{l_s}{l_b} = \frac{Y_b}{Y_s} = \frac{1}{2} \therefore l_s : l_b = 1 : 2$ [$\because F_s = F_b, A_s = A_b, L_s = L_b$]

08. একটি নাইলনের দড়িতে 70 kg ভরের একজন পর্বতারোহী ঝুললে দড়ির দৈর্ঘ্য 1.5 m বৃদ্ধি পায়। দড়ির মূল দৈর্ঘ্য 60 m এবং ব্যাস 9 mm হলে উহার ইয়ং এর গুণক কত Pa? [SUST'19-20] [Ans: c]
- (a) 8.31×10^8 (b) 4.4×10^9 (c) 4.31×10^8 (d) 6.4×10^7 (e) 1.35×10^6

- সমাধান: $Y = \frac{F}{A} = \frac{mgL}{Al} = \frac{mgL}{\pi r^2 l} = \frac{70 \times 9.8 \times 60}{\pi \times \left(\frac{9 \times 10^{-3}}{2}\right)^2 \times 1.5} = 4.31 \times 10^8 \text{ Pa}$

09. একটি আদর্শ দৃঢ় বস্তুর জন্য ইয়ং এর গুণক- [JU'19-20] [Ans: b]
- (a) 0 (b) ∞ (c) 1 (d) -1

10. সমান দৈর্ঘ্যের তিনটি তার A, B এবং C-তে পীড়নের মান সমান এবং দৈর্ঘ্য বৃদ্ধি $l_A > l_B > l_C$ হলে নিচের কোনটি সঠিক? [RU'18-19] [Ans: b]
- [যেখানে, Y ইয়ং এর গুণক]
- (a) $Y_A > Y_B > Y_C$ (b) $Y_C > Y_B > Y_A$ (c) $Y_A = Y_B = Y_C$ (d) b ও c উভয়ই

11. সর্বাপেক্ষা স্থিতিস্থাপক কোনটি? [KU'18-19] [Ans: a]
- (a) লোহা (b) তামা (c) কোয়ার্টজ (d) কাঠ

12. 2 mm^2 প্রস্থচ্ছেদের একটি তারের সাথে 15 kg ভর ঝুলে আছে। ভর ঝুলানো অবস্থায় তারটির দৈর্ঘ্য 4 m। তারের উপাদানের ইয়ং গুণক $1.3 \times 10^{10} \text{ Nm}^{-1}$ । ভর সরিয়ে নিলে তারটির দৈর্ঘ্য কী পরিমাণ সংকুচিত হবে? [BAU'18-19] [Ans: b]
- (a) 0.00225 m (b) 0.0225 m (c) 0.225 m (d) 2.25 m

- সমাধান: $Y = \frac{FL}{Al} = \frac{F(L'-l)}{Al}$; ($L' = L + l$) $\Rightarrow l = \frac{FL'}{AY+F} = \frac{(15 \times 9.8) \times 4}{(1.3 \times 10^{10} \times 2 \times 10^{-6}) + (15 \times 9.8)} = 0.0225 \text{ m}$
13. একটি তারের ইয়ং এর গুণক $4 \times 10^{11} \text{ Nm}^{-2}$ । তারটির দৈর্ঘ্য 7.5% বাড়াতে কী পরিমাণ পীড়ন প্রয়োজন হবে? [DU'17-18; RU'14-15] [Ans: b]
- (a) $7.5 \times 10^{11} \text{ Nm}^{-2}$ (b) $3 \times 10^{10} \text{ Nm}^{-2}$ (c) $5.33 \times 10^{10} \text{ Nm}^{-2}$ (d) $4 \times 10^{10} \text{ Nm}^{-2}$

- সমাধান: $Y = \frac{FL}{Al}$ | এখানে $\frac{l}{L} = \frac{7.5}{100} \therefore$ পীড়ন, $\frac{F}{A} = \frac{Y \times l}{L} = 4 \times 10^{11} \times \frac{7.5}{100} = 3 \times 10^{10} \text{ Nm}^{-2}$
14. 10^8 Nm^{-2} পীড়নের প্রয়োগে 1 m দীর্ঘ একটি তারের দৈর্ঘ্য 10^{-3} m বৃদ্ধি পেল। তারটির ইয়ং-এর গুণক কত? [CU'17-18] [Ans: d]
- (a) 10^5 Nm^{-2} (b) 10^{-11} Nm^{-2} (c) 10^{-5} Nm^{-2} (d) 10^{11} Nm^{-2}

- সমাধান: $P = \frac{Yl}{L} \Rightarrow Y = \frac{PL}{l} = \frac{10^8 \times 1}{10^{-3}} = 10^{11} \text{ Nm}^{-2}$
15. 3 m দীর্ঘ এবং 1 cm^2 প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারের ইয়ং এর গুণক $5 \times 10^{10} \text{ dyne/cm}^2$ হলে তারটির দৈর্ঘ্য 6 cm বৃদ্ধি করতে হলে এর দৈর্ঘ্য বরাবর কত ডাইন বল প্রয়োগ করতে হবে? [RU'16-17] [Ans: d]
- (a) 2.5×10^{10} (b) 5×10^{10} (c) 10^{11} (d) 10^9

- সমাধান: $F = \frac{YAl}{L} = \frac{5 \times 10^{10} \times 1 \times 6}{3 \times 100} = 10^9 \text{ dyne}$
16. 10m লম্বা এবং 1 mm ব্যাসার্ধ বিশিষ্ট একটি তারকে 100 N বল দ্বারা টানা হল। তারটির দৈর্ঘ্য কতটুকু বৃদ্ধি পাবে? [JU'16-17]
- [$Y = 2 \times 10^{11} \text{ Nm}^{-2}$]
- (a) $6.4 \times 10^{-3} \text{ m}$ (b) $6.4 \times 10^{-2} \text{ m}$ (c) $6.4 \times 10^{-4} \text{ m}$ (d) $6.4 \times 10^{-5} \text{ m}$

- সমাধান: (সঠিক উত্তর নেই); $l = \frac{FL}{\pi r^2 Y} = \frac{100 \times 10}{3.1416 \times (10^{-3})^2 \times 2 \times 10^{11}} = 1.59 \times 10^{-3}$

17. একটি তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল $1 \times 10^{-4} \text{ m}^2$ । তারের দৈর্ঘ্য 10% বৃদ্ধি করার জন্য $2 \times 10^6 \text{ N}$ বল প্রয়োগ করা হলে তারের উপাদানের ইয়ং এর গুণাঙ্ক হবে- [JU'15-16] [Ans: c]
- (a) $3 \times 10^{11} \text{ Nm}^{-2}$ (b) $2.5 \times 10^{11} \text{ Nm}^{-2}$ (c) $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$ (d) কোনোটিই নয়

$$\text{সমাধান: } Y = \frac{F}{\frac{\Delta L}{L}} = \frac{2 \times 10^6}{\frac{10}{100}} = \frac{2 \times 10^{10}}{10^{-1}} = 2 \times 10^{11} \text{ Nm}^{-2}$$

18. L দৈর্ঘ্য ও r ব্যাসার্ধের একটি তারের উপাদানের ইয়ং গুণাঙ্ক Y। তারের দৈর্ঘ্য $\frac{L}{2}$ এবং ব্যাসার্ধ $\frac{r}{2}$ করা হলে ইয়ং গুণাঙ্ক কত হবে? (a) $\frac{Y}{2}$ (b) Y (c) 2Y (d) 4Y [CU'14-15] [Ans: b]

সমাধান: তারের উপাদানের পরিবর্তন না হলে ইয়ং গুণাঙ্কের পরিবর্তন হবে না।

19. যে পদার্থের বাধাদানকারী বল বেশি সে পদার্থের- [KU'13-14] [Ans: a]
- (a) স্থিতিস্থাপকতা বেশি (b) স্থিতিস্থাপকতা কম (c) আন্তঃআকর্ষণ কম (d) ঘনত্ব কম

$$\text{সমাধান: } Y = \frac{FL}{\Delta L}; F \text{ বড় হলে } Y \text{ বড় হবে।}$$

Type-05: আয়তন গুণাঙ্ক ও সংনম্যতা

Formula & Concept:

আয়তন গুণাঙ্ক = $\frac{\text{আয়তন পীড়ন}}{\text{আয়তন বিকৃতি}}$

$$B = \frac{P}{\frac{\Delta V}{V}} \Rightarrow \Delta V = \frac{PV}{B} [V = \text{আদি আয়তন}; \Delta V = \text{আয়তনের পরিবর্তন}]$$

সংনম্যতা, $K = \frac{1}{B}$

$P > 1 \text{ atm}$ হলে, $\Delta V = \text{ঋণাত্মক}$; $P < 1 \text{ atm}$ হলে, $\Delta V = \text{ধনাত্মক}$



MCQ

01. এসিটোনের আয়তন গুণাঙ্ক $0.92 \times 10^9 \text{ Pa}$ হলে এসিটোনের অসংনম্যতা কত? [JU'23-24] [Ans: d]
- (a) $\frac{2}{5} \times 10^9 \text{ Nm}^{-2}$ (b) $0.92 \times 10^6 \text{ Nm}^{-2}$ (c) $1.05 \times 10^6 \text{ Nm}^{-2}$ (d) $\frac{23}{25} \times 10^9 \text{ Nm}^{-2}$

সমাধান: আয়তন গুণাঙ্কের অপর নাম অসংনম্যতা এবং এর বিপরীত রাশিকে সংনম্যতা বলে।

02. সালফিউরিক এসিডের আয়তন গুণাঙ্ক $3.0 \times 10^9 \text{ Nm}^{-2}$ হলে সংনম্যতা কত? [JU'23-24] [Ans: c]
- (a) $\frac{1}{6} \times 10^{-9} \text{ Nm}^{-2}$ (b) $0.33 \times 10^9 \text{ Nm}^{-2}$ (c) $\frac{1}{3} \times 10^{-9} \text{ m}^2 \text{ N}^{-1}$ (d) $0.16 \times 10^9 \text{ m}^2 \text{ N}^{-1}$

$$\text{সমাধান: সংনম্যতা} = \frac{1}{\text{আয়তন গুণাঙ্ক}} = \frac{1}{3.0 \times 10^9} \text{ m}^2 \text{ N}^{-1} = \frac{1}{3} \times 10^{-9} \text{ m}^2 \text{ N}^{-1}$$

03. 300 cm^3 পারদের উপর কী পরিমাণ চাপ প্রয়োগ করলে এর আয়তন 270 cm^3 হবে? (পারদের আয়তন গুণাঙ্ক $2.6 \times 10^{10} \text{ Nm}^{-2}$) [JU'14-15] [Ans: b]

$$(a) 2.6 \times 10^{10} \text{ Nm}^{-2} \quad (b) 2.6 \times 10^9 \text{ Nm}^{-2} \quad (c) 2.4 \times 10^{10} \text{ Nm}^{-2} \quad (d) 2.4 \times 10^9 \text{ Nm}^{-2}$$

$$\text{সমাধান: } B = \frac{P}{\frac{\Delta V}{V}} \Rightarrow P = B \times \frac{\Delta V}{V} = 2.6 \times 10^{10} \times \frac{30}{300} = 2.6 \times 10^9 \text{ Nm}^{-2}$$

04. পানির আয়তন প্রসারণ গুণাঙ্ক $0.22 \times 10^{10} \text{ Nm}^{-2}$ । 1 L পানির আয়তন 0.1% পরিবর্তন করতে কত চাপের প্রয়োজন? (a) $0.22 \times 10^{10} \text{ Nm}^{-2}$ (b) $0.22 \times 10^{13} \text{ Nm}^{-2}$ (c) $2.2 \times 10^6 \text{ Nm}^{-2}$ (d) 2.2 Nm^{-2} [RU'12-13] [Ans: c]

$$\text{সমাধান: } B = \frac{P}{\frac{\Delta V}{V}}; P = B \times \frac{\Delta V}{V} = 0.22 \times 10^{10} \times \frac{0.1}{100} = \frac{22}{100} \times 10^{10} \times \frac{1}{10} \times \frac{1}{100} = 22 \times 10^5 = 2.2 \times 10^6 \text{ Nm}^{-2}$$

05. গ্যাসের আয়তন গুণাঙ্ক $6 \times 10^3 \text{ Nm}^{-2}$ । গ্যাসের আয়তন 10% কমাতে হলে কী পরিমাণ অতিরিক্ত চাপ প্রয়োগ করতে হবে? [JU'12-13] [Ans: d]

$$(a) 300 \text{ Nm}^{-2} \quad (b) 400 \text{ Nm}^{-2} \quad (c) 1000 \text{ Nm}^{-2} \quad (d) 600 \text{ Nm}^{-2}$$

$$\text{সমাধান: গ্যাসের আয়তন 10% কমানো হলে, } \frac{\Delta V}{V} = 10\% = \frac{10}{100}$$

$$\therefore P = B \times \frac{\Delta V}{V} = 6 \times 10^3 \times \frac{10}{100} = 600 \text{ Nm}^{-2}$$

Type-06: কৃতকাজ ও সঞ্চিত শক্তি

➤ **Formula & Concept:**

- L দৈর্ঘ্যের ও A প্রস্থচ্ছেদের তারকে l পরিমাণ প্রসারণে কৃতকাজ, $W = \frac{1}{2} \times \frac{YAl^2}{L} = \frac{1}{2} Fl$
- একক আয়তনে সঞ্চিত শক্তি বা কৃতকাজ = $\frac{1}{2} \times$ পীড়ন \times বিকৃতি

MCQ

01. যদি P পীড়ন এবং Y কোনো তারের উপাদানের ইয়ং-এর গুণক হয়, তবে তারের প্রতি একক আয়তনে সঞ্চিত শক্তি- [CU'18-19]
 (a) $2P^2Y$ (b) $\frac{P^2}{2Y}$ (c) $\frac{2Y}{P^2}$ (d) $\frac{P}{2Y}$ [Ans: b]

সমাধান: $W = \frac{1}{2} \times$ পীড়ন \times বিকৃতি = $\frac{1}{2} \times P \times \frac{P}{Y} = \frac{P^2}{2Y}$ [$Y = \frac{P}{l} \Rightarrow \frac{l}{L} = \frac{P}{Y}$]

02. 200 cm লম্বা ও 1 mm^2 প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল বিশিষ্ট একটি ইস্পাত তারের দৈর্ঘ্য 1.0 mm বৃদ্ধি করতে প্রয়োজনীয় কাজের পরিমাণ কত? (ইস্পাত এর ইয়ং গুণক = $2 \times 10^{11} \text{ Nm}^{-2}$) [RU'14-15] [Ans: a]
 (a) 0.05 J (b) 1.0 J (c) 1.5 J (d) 0.75 J

সমাধান: দেওয়া আছে, $L = 2 \text{ m}$; $A = 1 \times 10^{-6} \text{ m}^2$; $l = 1 \times 10^{-3} \text{ m}$, $Y = 2 \times 10^{11}$

$\therefore W = \frac{1}{2} \times \frac{YAl^2}{L} = \frac{1}{2} \times \frac{2 \times 10^{11} \times 1 \times 10^{-6} \times (10^{-3})^2}{200 \times 10^{-2}} = \frac{10^5 \times 10^{-6}}{2} = \frac{10^{-1}}{2} = \frac{1}{20} = 0.05 \text{ J}$

03. 30 cm দীর্ঘ, $31 \times 10^{-2} \text{ cm}^2$ প্রস্থচ্ছেদ বিশিষ্ট একটি তারের ইয়ং এর গুণক $1.5 \times 10^{11} \text{ Nm}^{-2}$ । একে টেনে 0.1 cm বৃদ্ধি করতে হলে কতটুকু কাজ সম্পন্ন হবে? [JU'14-15]
 (a) 0.25 J (b) 0.2 J (c) 0.15 J (d) 0.22 J

সমাধান: (সঠিক উত্তর নেই); $W = \frac{1}{2} \times \frac{YAl^2}{L} = \frac{1}{2} \times \frac{1.5 \times 10^{11} \times 31 \times 10^{-2} \times (0.1 \times 10^{-2})^2}{0.3}$
 $= \frac{1}{2} \times \frac{15}{10} \times 10^{11-2-4} \times 31 \times \frac{(10^{-3})^2}{\frac{3}{10}} = \frac{31 \times 5}{2} \times \frac{10^5 \times 10^{-6} \times 10}{10} = \frac{31 \times 5}{2 \times 10} = \frac{31}{4} = 7.75 \text{ J}$

Type-07: পয়সনের অনুপাত

➤ **Formula & Concept:**

- পয়সনের অনুপাত = $\frac{\text{পার্শ্ব বিকৃতি}}{\text{দৈর্ঘ্য বিকৃতি}} \Rightarrow \sigma = \frac{-\Delta r}{\frac{r}{L} \Delta L} = \frac{-L \Delta r}{r \Delta L} = \frac{-L \Delta d}{d \Delta L}$ এখানে, L = তারের আদিদৈর্ঘ্য; ΔL = দৈর্ঘ্যের পরিবর্তন
- r = তারের ব্যাসার্ধ; Δr = ব্যাসার্ধের পরিবর্তন; d = ব্যাস; Δd = ব্যাসের পরিবর্তন
- σ এর মান $-1 < \sigma < \frac{1}{2}$; ধাতব পদার্থে, σ এর মান 0 হতে +0.5 এর মাঝে।
- অক্সেলটিক পদার্থের (যাদের দৈর্ঘ্য এবং পার্শ্ব একইসাথে বাড়ে এবং একইসাথে কমে) σ এর মান ঋণাত্মক।
- পয়সনের অনুপাতের কোন একক বা মাত্রা নেই।

MCQ


01. পয়সন অনুপাতের সর্বোচ্চ মান হলো- [CU'22-23] [Ans: a]
 (a) $\frac{1}{2}$ (b) $-\frac{1}{2}$ (c) 1 (d) -1

02. পয়সন (Poisson) অনুপাতের সীমা কী? [CU'23-24, 22-23, 18-19] [Ans: d]
 (a) $-\frac{1}{2} < \sigma < \frac{1}{2}$ (b) $-\frac{1}{2} < \sigma < 1$ (c) $1 < \sigma < 2$ (d) $-1 < \sigma < \frac{1}{2}$

03. একটি তারের দৈর্ঘ্য 2 m এবং ব্যাস 5 mm। দৈর্ঘ্য বরাবর বল প্রয়োগের ফলে তারটির দৈর্ঘ্য 10% বৃদ্ধি পায়। পয়সনের অনুপাত 0.02 হলে, এর ব্যাস কতটুকু হ্রাস পাবে? [JU'17-18] [Ans: b]
 (a) 1.0 mm (b) 0.01 mm (c) 0.01 m (d) 1.0 m

সমাধান: $\sigma = \frac{\Delta d}{\frac{d}{L} \Delta L} \Rightarrow 0.02 = \frac{\Delta d}{\frac{5}{1} \Delta L} \therefore \Delta d = 0.02 \times 0.1 \times 5 = \frac{2}{100} \times \frac{5}{10} = \frac{1}{100} = 0.01 \text{ mm}$

04. পয়সনের অনুপাত এর মাত্রা কোনটি? [JnU'17-18] [Ans: d]
 (a) $[ML^{-1}T^{-2}]$ (b) $[MLT^{-2}]$ (c) $[ML^{-1}T^{-1}]$ (d) কোনোটিই নয়



➤ ভাসিটি ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	বিষয়বস্তু	যতবার এসেছে		যেসব ভর্তি পরীক্ষায় প্রশ্ন এসেছে	
			MCQ	Written	MCQ	Written
☆☆	T-01	সরলদোলন গতির ব্যবকলনীয় সমীকরণ এবং সমাধান	10	1	DU'21-22, 15-16, 13-14, 07-08; GST'22-23; RU'21-22, 20-21, 17-18; JnU'15-16; KU'14-15	DU'22-23
☆☆	T-02	দশা ও দশা পার্থক্য	2	-	DU'19-20; JU'19-20	-
☆☆☆	T-03	বেগ ও ত্বরণ	9	2	DU'18-19; GST'22-23; RU'21-22, 17-18; JU'18-19; JnU'13-14; CU'22-23, 16-17	DU'19-20, JnU'18-19
☆☆☆	T-04	শক্তি, গতিশক্তি ও বিভবশক্তি	8	1	DU'23-24, 22-23; GST'22-23, 20-21; CU'22-23; RU'19-20, 16-17; JnU'17-18, 16-17, 15-16	DU'21-22
☆☆	T-05	স্প্রিং এর দোলনকাল, স্প্রিং ধ্রুবক ও তুল্য স্প্রিং ধ্রুবক	6	-	DU'22-23, 21-22; GST'23-24; SUST'19-20; RU'22-23, 18-19; JU'10-11	-
☆☆☆	T-06	সরলদোলক ও সেকেন্ড দোলক	43	-	DU'20-21, 17-18, 15-16, 14-15; GST'23-24, 21-22; Agri'22-23, 21-22, 19-20; RU'23-24, 21-22, 20-21, 16-17, 15-16, 14-15; JU'22-23, 21-22, 19-20, 18-19, 17-18; CU'23-24, 22-23, 18-19, 17-18, 16-17, 15-16, 09-10; JnU'17-18, 16-17; KU'19-20, 18-19	-
☆	T-07	সরলদোলকের কার্যকর ত্বরণ	1	-	CU'12-13	-

Type-01: সরলদোলন গতির ব্যবকলনীয় সমীকরণ ও সমাধান

Formula & Concept:

- যে গতির বল বা প্রত্যয়নী বল সরণের সমানুপাতিক ও বিপরীতমুখী সেই গতিকে সরলদোলন গতি বলে।
অর্থাৎ, $F \propto -x$ [F = বল; x = সরণ]
- সমীকরণের সমাধান, $x = A \sin(\omega t + \delta)$ এবং $x = A \cos(\omega t + \delta)$; $\omega = \frac{2\pi}{T}$; $f = \frac{1}{T}$ [এখানে, x = গতির সাম্যাবস্থা থেকে সরণ; A = বিস্তার; ω = কৌণিক কম্পাঙ্ক; δ = আদি দশা; t = যেকোনো নির্দিষ্ট মুহূর্ত; T = দোলনকাল; f = কম্পাঙ্ক]
- সরলদোলন গতির ব্যবকলনীয় সমীকরণ, $\frac{d^2x}{dt^2} + \omega^2x = 0$ এবং $\omega = \sqrt{\frac{k}{m}}$
[এখানে, ω = কৌণিক কম্পাঙ্ক; k = বল ধ্রুবক; m = বস্তুর ভর]
∴ ω নির্ণয়ের জন্য $\frac{d^2x}{dt^2}$ এর সহগ দ্বারা ভাগ করতে হবে। তারপর x এর সহগ = ω^2 হবে।

MCQ

01. সরল ছন্দিত গতির সমীকরণ- [GST'22-23; JnU'15-16] [Ans: b]
 (a) $\frac{d^2x}{dt^2} + k^3x^2 = 0$ (b) $\frac{d^2x}{dt^2} + \omega^2x = 0$ (c) $\frac{dx}{dt} + \omega^2x = 0$ (d) $\frac{dx}{dt} - \omega^2x = 0$
02. সরল ছন্দিত গতি সম্পন্ন একটি কণার গতির সমীকরণ, $y = 5 \sin(\omega t + \delta)$ । আদি সরণ 2.5 cm হলে কণাটির আদি দশা কত? [RU' 21-22] [Ans: b]
 (a) 0° (b) 30° (c) 45° (d) 90°
 সমাধান: $2.5 = 5 \sin(\omega t + \delta) \Rightarrow \sin(\omega t + \delta) = \frac{1}{2} \Rightarrow \sin(0 + \delta) = \frac{1}{2} [t = 0] \Rightarrow \sin \delta = \frac{1}{2} \therefore \delta = 30^\circ$
03. কম্পাঙ্ক (f) ও পর্যায়কাল (T) এর সম্পর্ক কোনটি? [RU'17-18] [Ans: a]
 (a) $f = \frac{1}{T}$ (b) $f = T$ (c) $T = 2f$ (d) $f = 2T$
04. একটি সরল ছন্দিত গতি সম্পন্ন কণার বিস্তার 0.1 m, পর্যায়কাল 4 s এবং আদি দশা 30° । উক্ত কণাটির দোলনগতির সমীকরণ কোনটি? [KU'14-15] [Ans: a]
 (a) $x = 0.1 \sin\left(\frac{\pi}{2}t + \frac{\pi}{6}\right)$ (b) $x = 0.1 \sin\left(\frac{\pi}{4}t + \frac{\pi}{6}\right)$
 (c) $x = 1.0 \sin\left(\frac{\pi}{4}t + \frac{\pi}{6}\right)$ (d) $x = 1.0 \sin\left(\frac{\pi}{4}t - \frac{\pi}{6}\right)$
 সমাধান: $A = 0.1 \text{ m}$, $T = 4 \text{ s}$, $\delta = 30^\circ$
 $\therefore x = A \sin\left(\frac{2\pi}{T}t + \delta\right) = 0.1 \sin\left(\frac{2\pi}{4}t + 30^\circ\right) = 0.1 \sin\left(\frac{\pi}{2}t + 30^\circ\right) = 0.1 \sin\left(\frac{\pi}{2}t + \frac{\pi}{6}\right)$
05. $6\frac{d^2x}{dt^2} + 150x = 0$ তরঙ্গের কৌণিক কম্পাঙ্ক কত? [DU'21-22, 15-16, 13-14, 07-08; RU'20-21] [Ans: b]
 (a) 6 (b) 5 (c) 25 (d) 150
 সমাধান: $6\frac{d^2x}{dt^2} + 150x = 0 \Rightarrow \frac{d^2x}{dt^2} + 25x = 0$; $\frac{d^2x}{dt^2} + \omega^2x = 0$ এর সাথে তুলনা করে পাই, $\omega^2 = 25 \therefore \omega = 5$

Written

01. একটি সরল দোল গতি সম্পন্ন বস্তুর ব্যবকলনীয় সমীকরণ লিখ। দেখাও যে, $x = A \sin(\omega t + \varphi)$ উক্ত সমীকরণের একটি সমাধান। [DU'22-23]
 সমাধান: সরল দোল গতি সম্পন্ন বস্তুর ব্যবকলনীয় সমীকরণ, $\frac{d^2x}{dt^2} + \omega^2x = 0$
 দেওয়া আছে, $x = A \sin(\omega t + \varphi) \Rightarrow \frac{dx}{dt} = A\omega \cos(\omega t + \varphi) \Rightarrow \frac{d^2x}{dt^2} = -\omega^2 A \sin(\omega t + \varphi) = -\omega^2 x$
 $L.H.S. = \frac{d^2x}{dt^2} + \omega^2x = -\omega^2x + \omega^2x = 0 = R.H.S. \therefore x = A \sin(\omega t + \varphi)$ উক্ত সমীকরণের একটি সমাধান।
 বিকল্প: সরল দোলন গতির অন্তরক সমীকরণ, $\frac{d^2x}{dt^2} + \omega^2x = 0$
 $\frac{d}{dt}\left(\frac{dx}{dt}\right) + \omega^2x = 0 \Rightarrow \frac{dv}{dt} + \omega^2x = 0 \Rightarrow \frac{dx}{dt} \cdot \frac{dv}{dx} = -\omega^2x \Rightarrow v dv = -\omega^2x dx \Rightarrow \int v dv = -\omega^2 \int x dx$
 $\Rightarrow \frac{v^2}{2} = -\omega^2 \frac{x^2}{2} + C \dots \dots (i)$ এখানে C = যোগজীকরণ ধ্রুবক।
 $v = 0$ হলে $x = A =$ বিস্তার।
 $\therefore 0 = -\omega^2 \frac{A^2}{2} + C \therefore C = \omega^2 \frac{A^2}{2} \dots \dots (ii)$

সমীকরণ (i) এবং (ii) থেকে পাওয়া যায়, $\frac{v^2}{2} = -\omega^2 \frac{x^2}{2} + \omega^2 \frac{A^2}{2}$

$$\Rightarrow v^2 = \omega^2(A^2 - x^2) \therefore v = \omega\sqrt{A^2 - x^2} \Rightarrow \frac{dx}{dt} = \omega\sqrt{A^2 - x^2} \Rightarrow \frac{dx}{\sqrt{A^2 - x^2}} = \omega dt$$

উভয় পক্ষকে যোগজীকরণ করে পাই, $\sin^{-1} \frac{x}{A} = \omega t + \phi$; এখানে, ϕ = যোগজীকরণ ধ্রুবক।

$$\Rightarrow \frac{x}{A} = \sin(\omega t + \phi) \therefore x = A \sin(\omega t + \phi); \text{ উক্ত সমীকরণের একটি সমাধান।}$$

Type-02: দশা ও দশা পার্থক্য

Formula & Concept:

সরলদোলন গতিতে স্পন্দনরত কোনো বস্তু বা কণার যেকোনো মুহূর্তের গতির অবস্থাকে (সরণ, বেগ, ত্বরণ ইত্যাদি) এর দশা বলে।

$$x = A \sin(\omega t + \delta)$$

↓
দশা

◆ $\delta \rightarrow$ হচ্ছে আদি দশা

◆ $x = A \sin\left(\omega t + \frac{\pi}{6}\right)$ ও $y = A \sin\left(\omega t + \frac{\pi}{3}\right)$ এর দশা পার্থক্য = $\frac{\pi}{3} - \frac{\pi}{6} = \frac{\pi}{6}$

[দশা পার্থক্য নির্ণয়ের সময় রেডিয়ান একক ব্যবহার করতে হবে।]

◆ \sin ও \cos এর দশা পার্থক্য $\frac{\pi}{2}$

◆ গতির সর্বোচ্চ স্থান/প্রাপ্ত থেকে শুরু হলে আদি দশা হবে $\frac{\pi}{2}$; অর্থাৎ $x = A \sin\left(\omega t + \frac{\pi}{2}\right) = A \cos \omega t$

MCQ

01. সরল ছন্দিত গতিতে স্পন্দনরত দুটি কণার সরণ $x_1 = A \sin \omega t$ এবং $x_2 = A \cos \omega t$, যেকোনো সময়ে এদের মধ্যে দশা পার্থক্য কত হবে? [DU'19-20] [Ans: c]

- (a) 2π (b) π (c) $\frac{\pi}{2}$ (d) $\frac{\pi}{4}$

সমাধান: $x_1 = A \sin \omega t$; $x_2 = A \cos \omega t = A \sin\left(\omega t + \frac{\pi}{2}\right)$

t সময়ে প্রথম কণার দশা কোণ ωt ; t সময়ে দ্বিতীয় কণার দশা কোণ $\omega t + \frac{\pi}{2}$ \therefore দশা পার্থক্য, $\delta = \left(\omega t + \frac{\pi}{2}\right) - \omega t = \frac{\pi}{2}$

02. সরল ছন্দিত স্পন্দনরত কোনো কণার গতি সরণের সর্বোচ্চ অবস্থান থেকে শুরু হলে আদি দশা হবে- [JU'19-20] [Ans: a]

- (a) $\frac{\pi}{2}$ (b) π (c) 0 (d) $\frac{3\pi}{2}$

Type-03: বেগ ও ত্বরণ

Formula & Concept:

যখন আদি দশা শূন্য-

◆ $v = A\omega \cos \omega t$ [সময়ের উপর নির্ভরশীল]

$v = \omega\sqrt{A^2 - x^2}$ [স্থানের উপর নির্ভরশীল]

◆ $a = -\omega^2 A \sin \omega t$ [সময়ের উপর নির্ভরশীল]

$a = -\omega^2 x$ [স্থানের উপর নির্ভরশীল]

[Note: আদি দশা শূন্য না হলে ωt এর স্থলে $(\omega t + \delta)$ হবে]

◆ $x_{\max} = A$

$v_{\max} = \omega A$

$a_{\max} = \omega^2 A$

◆ সাম্যাবস্থায় বেগ সর্বোচ্চ ও ত্বরণ শূন্য

◆ সর্বোচ্চ বিস্তার/প্রাপ্তে ত্বরণ সর্বোচ্চ ও বেগ শূন্য।

MCQ

01. একটি সরল ছন্দিত দোলকের সর্বোচ্চ বেগ 0.3ms^{-1} ও বিস্তার 0.06m হলে পর্যায়কাল কত s? [GST'22-23] [Ans: a]
 (a) $2\pi/5$ (b) $\pi/5$ (c) π (d) $3\pi/2$

সমাধান: $v_{\text{max}} = \omega A \Rightarrow 0.3 = \frac{2\pi}{T} \times 0.06 \Rightarrow T = \frac{2\pi \times 0.06}{0.03 \times 10} = \frac{2\pi}{5}$

02. সরল দোলন গতি সম্পন্ন কোন বস্তুকণার গতির সমীকরণ $x = 20 \sin(31t - \frac{\pi}{6})$ হলে সর্বাধিক বেগ কত ms^{-1} হবে? [CU'22-23] [Ans: d]
 (a) 520 (b) 640 (c) 580 (d) 620

সমাধান: $x = 20 \sin(31t - \frac{\pi}{6})$; এখন, $v = \frac{dx}{dt} = 20 \cos(31t - \frac{\pi}{6}) \times 31 \therefore v = 620 \cos(31t - \frac{\pi}{6})$

\therefore সর্বোচ্চ বেগ = 620ms^{-1} , যখন $\cos(31t - \frac{\pi}{6}) = 1$ হয়।

বিকল্প: $v_{\text{max}} = \omega A = 31 \times 20 = 620 \text{ms}^{-1}$

03. একটি স্প্রিং-ব্লক সিস্টেম সরল ছন্দিত গতিতে স্পন্দিত হয়। যদি ব্লকটির ভর ও বিস্তার দ্বিগুণ করা হয়, তবে এর সর্বোচ্চ গতি কতগুণ হয়? [RU' 21-22] [Ans: c]
 (a) 4 (b) $\sqrt{8}$ (c) 2 (d) $\sqrt{2}$

সমাধান: $v_{\text{max}} = \omega A \therefore v_{\text{max}} \propto A$ [ω Constant]

$\therefore \frac{v_{1\text{max}}}{v_{2\text{max}}} = \frac{A_1}{A_2} \Rightarrow v_{2\text{max}} = (\frac{A_2}{A_1}) v_{1\text{max}} \Rightarrow v_{2\text{max}} = \frac{2A_1}{A_1} v_{1\text{max}} \Rightarrow v_{2\text{max}} = 2v_{1\text{max}}$

04. সরল দোল গতি সম্পন্ন একটি কণার বিস্তার 0.02m এবং কম্পাঙ্ক 2.5Hz হলে এর সর্বোচ্চ দ্রুতি কত হবে? [DU'18-19] [Ans: d]
 (a) 0.05ms^{-1} (b) 0.125ms^{-1} (c) 0.157ms^{-1} (d) 0.314ms^{-1}

সমাধান: $v_{\text{max}} = \omega A = 2\pi f A = 2\pi \times 2.5 \times 0.02 = 2\pi \times \frac{5}{2} \times \frac{2}{100} = 0.314 \text{ms}^{-1}$

05. একটি তারের ভিতর দিয়ে সাইনুসাইডাল তরঙ্গ প্রবাহিত হলে তারের কণার সর্বোচ্চ দ্রুতি v_s । তারের একটি কণার সরণ সর্বোচ্চ সরণের অর্ধেক হলে ঐ কণার দ্রুতি হলো- [DU'18-19] [Ans: b]
 (a) $\frac{v_s}{2}$ (b) $\frac{\sqrt{3}v_s}{2}$ (c) $2v_s$ (d) $\frac{3v_s}{4}$

সমাধান: প্রশ্নমতে, $x = \frac{A}{2} \therefore v = \omega \sqrt{A^2 - x^2} = \omega \sqrt{A^2 - \frac{A^2}{4}} = \omega A \cdot \frac{\sqrt{3}}{2} = v_s \cdot \frac{\sqrt{3}}{2}$

06. সরলদোলন গতি সম্পন্ন কণার ত্বরণ কত? [JU'18-19]
 (a) $a = \omega x^2$ (b) $a = -\omega x^2$ (c) $a = -\omega x$ (d) $a = \omega^2 x$

সমাধান: (সঠিক উত্তর নেই); $a = -\omega^2 x$

07. সরল ছন্দিত গতি সম্পন্ন কণার গতিপথের মধ্য অবস্থানের জন্য কোনটি সঠিক? [RU'17-18; CU'16-17] [Ans: b]
 (a) বেগ সর্বনিম্ন, সরণ সর্বোচ্চ
 (b) বেগ সর্বাধিক, সরণ সর্বনিম্ন
 (c) বেগ সর্বনিম্ন, সরণ সর্বনিম্ন
 (d) বেগ সর্বাধিক, সরণ সর্বাধিক

08. সরল ছন্দিত স্পন্দন (Simple Harmonic Oscillation) এ স্পন্দনশীল কণার বেগ শূন্য হয়- [JnU'13-14] [Ans: a & c]
 (a) যখন ত্বরণ (Acceleration) সর্বোচ্চ হয়
 (b) যখন সরণ সর্বনিম্ন হয়
 (c) যখন সরণ (Displacement) সর্বোচ্চ হয়
 (d) যখন ত্বরণ সর্বনিম্ন হয়

Written

01. সরল ছন্দিত স্পন্দনে একটি বস্তু $x = 6.0 \cos(6\pi t + \pi) \text{m}$ সমীকরণ অনুসারে স্পন্দিত হচ্ছে। স্পন্দনের কম্পাঙ্ক কত? $t = 2 \text{s}$ সময়ে বেগ এবং ত্বরণের মান নির্ণয় কর।

সমাধান: $x = 6 \cos(6\pi t + \pi) \therefore \omega = 6\pi \Rightarrow 2\pi f = 6\pi \Rightarrow f = 3 \text{Hz}$

$\therefore v = \frac{dx}{dt} = -36\pi \sin(6\pi t + \pi)$

$\therefore a = \frac{dv}{dt} = -36 \times 6\pi^2 \cos(6\pi t + \pi) \therefore$ যখন $t = 2, v = -36\pi \sin(13\pi) = 0$ (Ans.)
 এবং $a = -216\pi^2 \cos(13\pi) = 216\pi^2 \text{ms}^{-2}$ (Ans.)

[DU'19-20]

02. একটি সরল দোলন গতির (simple harmonic motion) সমীকরণ $y = 20 \sin\left(10t - \frac{\pi}{6}\right)$ এর কম্পাঙ্ক (frequency), সর্বাধিক সরণ (displacement), গতিবেগ ও ত্বরণ (velocity and acceleration) নির্ণয় কর। [JnU'18-19]

সমাধান: $y = 20 \sin\left(10t - \frac{\pi}{6}\right)$ এ সমীকরণকে $y = A \sin(\omega t + \delta)$ এর সাথে তুলনা করে পাই, $\omega = 10$

\therefore কম্পাঙ্ক, $f = \frac{\omega}{2\pi} = \frac{10}{2\pi} = 1.59 \text{ Hz (Ans.)}$

সর্বাধিক সরণ, $A = 20$ একক (Ans.)

গতিবেগ, $v = \frac{dy}{dt} = \frac{d}{dt}\left\{20 \sin\left(10t - \frac{\pi}{6}\right)\right\} \therefore v = 200 \cos\left(10t - \frac{\pi}{6}\right)$ (Ans.)

ত্বরণ, $a = \frac{dv}{dt} = \frac{d}{dt}\left\{200 \cos\left(10t - \frac{\pi}{6}\right)\right\} \therefore a = -2000 \sin\left(10t - \frac{\pi}{6}\right)$ (Ans.)

Typc-04: শক্তি, গতিশক্তি ও বিভবশক্তি

Formula & Concept:

- স্থিতিশক্তি, $E_p = \frac{1}{2}kx^2 = \frac{1}{2}m\omega^2x^2 = \frac{1}{2}kA^2 \sin^2(\omega t + \delta)$
- গতিশক্তি, $E_k = \frac{1}{2}mv^2 = \frac{1}{2}k(A^2 - x^2) = \frac{1}{2}m\omega^2(A^2 - x^2) = \frac{1}{2}kA^2 \cos^2(\omega t + \delta)$
- মোট শক্তি, $E = \frac{1}{2}kA^2 = \frac{1}{2}m\omega^2A^2$; $E \propto A^2$
- এক চক্রে গড় গতিশক্তি = স্থিতিশক্তি = $\frac{1}{4}kA^2$

◆ সাম্যাবস্থায় স্থিতিশক্তি শূন্য, গতিশক্তি সর্বোচ্চ। অর্থাৎ সাম্যাবস্থায়, $E_{k_{\max}} = \frac{1}{2}kA^2$

◆ সর্বোচ্চ স্থানে/প্রান্তে গতিশক্তি শূন্য, স্থিতিশক্তি সর্বোচ্চ। অর্থাৎ সর্বোচ্চ স্থানে, $E_{p_{\max}} = \frac{1}{2}kA^2$

[Note: কম্পাঙ্ক ও কৌণিক কম্পাঙ্ক আলাদা বিষয়। কম্পাঙ্ক = f , কৌণিক কম্পাঙ্ক = ω । পরীক্ষায় কী চাওয়া হচ্ছে সেটা বুঝে সাবধানে উত্তর করবে]

MCQ

01. একটি কণা A বিস্তারে সরল ছন্দিত স্পন্দনে স্পন্দিত হচ্ছে। সাম্যাবস্থা থেকে কত দূরত্বে কণাটির বিভবশক্তি তার মোট শক্তির এক-চতুর্থাংশ হয়? [DU'23-24] [Ans: b]

- (a) $\frac{A}{4}$ (b) $\frac{A}{2}$ (c) $\frac{A}{\sqrt{2}}$ (d) $A\sqrt{2}$

সমাধান: $\frac{U}{E} = \frac{\frac{1}{2}kx^2}{\frac{1}{2}kA^2} = \frac{1}{4} \Rightarrow \frac{x^2}{A^2} = \frac{1}{4} \Rightarrow x = \frac{1}{2}A$

02. সরল দোল গতি সম্পন্ন একটি বস্তু যখন তার সাম্যাবস্থান থেকে 2 cm দূরে, তখন তার গতিশক্তি স্থিতিশক্তির 3 গুণ। বস্তুটির দোলনের বিস্তার কত হবে? [DU'22-23] [Ans: d]

- (a) 3 cm (b) 1 cm (c) 2 cm (d) 4 cm

সমাধান: $E_k = 3E_p \Rightarrow \frac{1}{2}kA^2 - \frac{1}{2}kx^2 = 3 \times \frac{1}{2}kx^2 \Rightarrow \frac{1}{2}kA^2 = 2kx^2 \Rightarrow A^2 = 4 \times (2)^2 \therefore A = 4 \text{ cm}$

03. সরল দোলন গতি সম্পন্ন বস্তুকণার স্থিতিশক্তির সমীকরণ- [CU'22-23] [Ans: b]

- (a) $P.E = \frac{1}{2}m^2\omega^2x^2$ (b) $P.E = \frac{1}{2}m\omega^2x^2$ (c) $P.E = \frac{1}{2}m\omega^2x$ (d) $P.E = \frac{1}{2}m\omega x^2$

04. সরল ছন্দিত গতি সম্পন্ন বস্তুর সরণের সমীকরণ, $x = 2 \sin 3t$ এবং স্প্রিং ধ্রুবক, $k = 30 \text{ Nm}^{-1}$ হলে $t = \frac{\pi}{9}$ সময়ে এর বিভব শক্তি কত একক? [GST'20-21] [Ans: b]

- (a) 40 (b) 45 (c) 80 (d) 90

সমাধান: $t = \frac{\pi}{9}$ সময়ে $x = 2 \sin\left(3 \times \frac{\pi}{9}\right) = \sqrt{3} \therefore E = \frac{1}{2}kx^2 = \frac{1}{2} \times 30 \times 3 \text{ J} = 45 \text{ J}$

05. সরল দোলকের ক্ষেত্রে সাম্য অবস্থানে- [RU'19-20, 16-17] [Ans: b]

- (a) গতিশক্তি শূন্য (b) স্থিতিশক্তি শূন্য (c) উভয়ই শূন্য (d) কোনটিই শূন্য নয়

06. সরল দোল গতি সম্পন্ন বস্তুর সর্বোচ্চ গতিশক্তি এর সমীকরণ- [JnU'17-18, 16-17] [Ans: c]

- (a) $E = \frac{1}{2}ka^2$ (b) $E = \frac{1}{2}m\omega^2a^2$ (c) a & b উভয়ই (d) কোনোটিই নয়

Written

01. একটি বস্তু A বিস্তারে সরল ছন্দিত গতিতে স্পন্দিত হচ্ছে। বস্তুটির কোন অবস্থানের জন্য (i) এর গতি সর্বোচ্চ গতির অর্ধেক হবে? (ii) এর বিভবশক্তি মোট শক্তির অর্ধেক হবে? [DU'21-22]

সমাধান: (i) $v = \frac{v_{\max}}{2} \Rightarrow \omega\sqrt{A^2 - x^2} = \frac{\omega A}{2} \Rightarrow A^2 - x^2 = \frac{A^2}{4} \Rightarrow \frac{3A^2}{4} = x^2 \therefore x = \pm \frac{\sqrt{3}}{2} A$ (Ans.)

(ii) $E_p = \frac{E}{2} \Rightarrow \frac{1}{2} kx^2 = \frac{\frac{1}{2} kA^2}{2} \Rightarrow x^2 = \frac{A^2}{2} \therefore x = \pm \frac{A}{\sqrt{2}}$ (Ans.)

Type-05: স্প্রিং এর দোলনকাল, স্প্রিং ধ্রুবক ও তুল্য স্প্রিং ধ্রুবক

Formula & Concept:

➤ অনুভূমিক স্প্রিং এর ক্ষেত্রে দোলনকাল, $T = 2\pi\sqrt{\frac{m}{k}}$; কম্পাঙ্ক, $f = \frac{1}{2\pi}\sqrt{\frac{k}{m}}$

➤ উল্লম্ব স্প্রিং এর ক্ষেত্রে যদি m ভরের বস্তু ঝুলানোর ফলে e পরিমাণ দৈর্ঘ্য বৃদ্ধি পায় তাহলে, $mg = ke \Rightarrow \frac{m}{k} = \frac{e}{g}$

$\therefore T = 2\pi\sqrt{\frac{m}{k}} = 2\pi\sqrt{\frac{e}{g}}$; কম্পাঙ্ক, $f = \frac{1}{2\pi}\sqrt{\frac{g}{e}}$

[বি: দ্র: সকল ক্ষেত্রে স্প্রিং ভরহীন]

➤ সরলদোলন গতির সংজ্ঞা হতে পাই, $F = -kx$; যেখানে k হলো বল ধ্রুবক; k এর SI একক Nm^{-1}

➤ একটি k স্প্রিং ধ্রুবকবিশিষ্ট স্প্রিংকে $n_1:n_2$ অনুপাতে কাটা হলে (যেখানে, $n_1 < n_2$) ছোট খণ্ডের স্প্রিং ধ্রুবক, $k_1 = \frac{n_1+n_2}{n_1} \times k$ এবং বড় খণ্ডের স্প্রিং ধ্রুবক, $k_2 = \frac{n_1+n_2}{n_2} \times k$

➤ তুল্য স্প্রিং ধ্রুবক:

সমান্তরাল সংযোগে, $k_p = k_1 + k_2 + k_3 + \dots + k_n$

শ্রেণি সংযোগে, $\frac{1}{k_s} = \frac{1}{k_1} + \frac{1}{k_2} + \frac{1}{k_3} + \dots + \frac{1}{k_n}$

MCQ

01. কোনো স্প্রিং এর এক প্রান্তে m ভরের একটি বস্তু ঝুলালে এটি 8 cm প্রসারিত হয়। বস্তুটি এরপর একটু টেনে ছেড়ে দিলে এর পর্যায়কাল কত হবে? [GST'23-24] [Ans: a]

(a) 0.57 sec (b) 0.56 sec (c) 0.75 sec (d) 0.65 sec

সমাধান: $T = 2\pi\sqrt{\frac{e}{g}} = 2\pi\sqrt{\frac{0.08}{9.8}} = 0.567 s \approx 0.57 s$ [ক্যালকুলেটর ব্যবহার করে]

02. m ভরের একটি বস্তু একটি অনুভূমিক স্প্রিং-এর সাথে সংযুক্ত আছে, স্প্রিংটি A পরিমাণ প্রসারিত করে ছেড়ে দেওয়া হলে এটি T পর্যায়কাল নিয়ে ঘর্ষণহীন তলে স্পন্দিত হতে থাকল। যদি বস্তুর ভর 4m করা হয় তবে নতুন পর্যায়কাল কত হবে? [DU' 21-22]

(a) 2T (b) T (c) 4T (d) $\frac{T}{4}$ [Ans: a]

সমাধান: $T = 2\pi\sqrt{\frac{m}{k}} \Rightarrow T \propto \sqrt{m} \therefore \frac{T_2}{T_1} = \sqrt{\frac{4m}{m}} \Rightarrow T_2 = 2T_1 \therefore T_2 = 2T$

03. 300g ভরের একটি বল সরল ছন্দিত গতিতে গতিশীল। মধ্যবস্থান হতে বস্তুটি যখন 0.20 m সরণ হয় তখন এর উপর ক্রিয়ারত প্রত্যয়নী বলের মান 0.24N। বলটির দোলনকাল কত? [SUST'19-20] [Ans: b]

(a) 5.25 (b) 3.14 (c) 6.12 (d) 7.02 (e) 9.12

সমাধান: $F = -kx \therefore k = \frac{0.24}{-0.2} = 1.2$

$\therefore T = 2\pi\sqrt{\frac{m}{k}} = 2\pi\sqrt{\frac{0.3}{1.2}} = 2\pi\sqrt{\frac{3 \times 10}{12 \times 10}} = 2\pi\sqrt{\frac{3}{12}} = 2\pi\sqrt{\frac{1}{4}} = 2\pi \times \frac{1}{2} = \pi = 3.14 s$

04. স্প্রিং-এ ঝুলন্ত m ভরের একটি বস্তুর পর্যায়কাল 2 sec হলে 4 m ভরের বস্তুর জন্য পর্যায়কাল কত সেকেন্ড? [RU'18-19] [Ans: b]
- (a) 1 (b) 4 (c) 8 (d) 16

সমাধান: $\frac{T_2}{T_1} = \sqrt{\frac{4m}{m}} = 2 \therefore T_2 = 2 \times 2 = 4 sec$



05. একটি স্প্রিংয়ের অগ্রভাগে 100 g ভর ঝুলিয়ে দেয়ায় 0.1 m বৃদ্ধি হল। এ অবস্থা থেকে স্প্রিংটিকে টেনে আরও 2×10^{-2} m বৃদ্ধি করে ছেড়ে দেয়ায় বস্তুর মোট শক্তি- [RU'22-23] [Ans: a]

- (a) 1.96×10^{-3} J (b) 100 J (c) 5×10^{-3} J (d) 6×10^{-3} J

সমাধান: $mg = ke \Rightarrow \frac{100}{1000} \times 9.8 = k \times 0.1 \Rightarrow k \times \frac{1}{10} = \frac{9.8}{10} \therefore k = 9.8 \text{ Nm}^{-1}$

2×10^{-2} m বৃদ্ধি করে ছেড়ে দেওয়ায় বস্তুর মোট শক্তি, $W = \frac{1}{2} kx^2 = \frac{1}{2} \times 9.8 \times (2 \times 10^{-2})^2$
 $= \frac{1}{2} \times 4 \times 9.8 \times 10^{-4} = 19.6 \times 10^{-4} = 1.96 \times 10^{-3}$ J


06. সরল ছন্দিত গতি বা স্পন্দন এর ক্ষেত্রে স্প্রিং এর ধ্রুবক-

- (a) $k = \frac{1}{mg}$ (b) $k = \frac{mg}{l}$ (c) $k = \frac{m^2g}{1}$ (d) $k = \frac{1}{mg^2}$ [JU'10-11] [Ans: b]

Type-06: সরল দোলক ও সেকেন্ড দোলক

Formula & Concept:

- দোলনকাল, $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$ [L = দোলকের কার্যকরী দৈর্ঘ্য; g = অভিকর্ষজ ত্বরণ]
- কার্যকরী দৈর্ঘ্য, $L = \frac{T^2 g}{4\pi^2}$
- যেখানে, $L = l + r$ [l = সূতার দৈর্ঘ্য; r = ববের ব্যাসার্ধ]
- $T \propto \sqrt{L}$
- $T \propto \frac{1}{\sqrt{g}}$
- $g = 4\pi^2 \frac{L}{T^2}$; ঢাল = $\frac{4\pi^2}{g}$
- এখানে ভর (m) ও দোলনের বিস্তার (A) অনুপস্থিত। \therefore দোলনকাল বিস্তার ও ভরের উপর নির্ভর করে না।
- বিষুব অঞ্চলে g এর মান কম, দোলনকাল বেশি। ফলে ঘড়ি ধীরে চলে।
- মেরু অঞ্চলে g এর মান বেশি, দোলনকাল কম। ফলে ঘড়ি দ্রুত চলে।
- পাহাড়ের চূড়ায় বা খনিতে দোলক ধীরে চলে।
- মহাশূন্যে দোলকের দোলনকাল অসীম এবং কম্পাঙ্ক শূন্য।
